

করোনার এ সংকটেও প্রথম আলো
উত্তর আমেরিকা আছে আপনাদের
পাশে। সবাই সুস্থ ও নিরাপদ থাকুন।
সংক্রমণরোধে নিয়মকানুন মেনে চলুন।

প্রথম আলো

Prothom Alo North America

28 October 2021, Thursday, 5th Year, Issue 241, 40 Pages

বিউটি দাশের লাইভ
কনসার্ট কাল
পৃষ্ঠা : ২৪



২৮ অক্টোবর ২০২১, ১২ কার্তিক ১৪২৮, ১৯ রবি-উল-আওয়াল ১৪৪৩, বৃহস্পতিবার, বর্ষ ৫, সংখ্যা ২৪১, পৃষ্ঠা : ৪০

উদারনৈতিক পরিকল্পনা

বাইডেনকে ছাড় দিতে হচ্ছে

ইব্রাহীম চৌধুরী

সাড়ে তিন ত্রিলিয়ন ডলার ব্যয়ের
উচ্চাভিলাষী আইন প্রণয়নের মাধ্যমে
আমেরিকাকে পুনর্নির্মাণের আসল
পরিকল্পনা থেকে সরে আসতে হচ্ছে
প্রেসিডেন্ট জো বাইডেনকে। ইতিহাসের
সবচেয়ে ব্যয়বহুল উন্নয়নকাজের এ অর্থ
প্রস্তাব থেকে একের পর এক উদারনৈতিক
পরিকল্পনা তাঁকে কাটছাঁট করে সমঝোতা
করতে হচ্ছে আইনপ্রণেতাদের সঙ্গে।

আমেরিকাকে পুনর্নির্মাণ করার জন্য
প্রেসিডেন্ট জো বাইডেন আইনপ্রণেতাদের
সঙ্গে শেষ মুহূর্তে সমঝোতা করার চেষ্টা
করছেন। নিজের দলের অতি
উদারনৈতিকদের সামাল দিতে তিনি ব্যর্থ
হচ্ছেন। বিশাল অঙ্কের অর্থ ব্যয় নিয়ে
আইন প্রণয়ন করার জন্য ওয়াশিংটনে
চলছে অস্থিরতা। এর মধ্যেই পেইড

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১

সবার নিরাপদ জীবনযাপনের অধিকার আছে

রুদ্র মাসুদ

নিউইয়র্ক নগর পুলিশের কমিশনার
ডারমট শিয়া বলেছেন, আপনি ১৯৮৫
সালে এসেছেন অথবা গত সপ্তাহে
জেএফকেতে বিমান থেকে নেমেছেন। এ
জন্ম আপনাকে স্বাগতম। আপনি পরিবার
নিয়ে নিরাপদ জীবনযাপন এবং একটি
উন্নত জীবন গড়ার অধিকার রাখেন। সেই
স্বপ্ন নিয়ে আমরা সবাই বাঁচতে চাই।
প্রতিটি নিউইয়র্কার নিরাপদ
জীবনযাপনের অধিকার রাখেন।

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৩



- ইতিহাসের সবচেয়ে ব্যয়বহুল
উন্নয়নকাজের এ অর্থ প্রস্তাব
কাটছাঁট করে বাইডেনকে
আইনপ্রণেতাদের সঙ্গে
সমঝোতা করতে হচ্ছে।
- গত এক মাসের বেশি সময়
থেকে ডেমোক্র্যাটরা
নিজেদের মধ্যেই সমঝোতা
করতে ব্যর্থ হয়েছেন।
- সাড়ে তিন ত্রিলিয়ন ডলারের
আইন প্রস্তাব শেষ পর্যন্ত দুই
ত্রিলিয়নের নিচে নেমে
আসবে বলে মনে করা হচ্ছে।



স্কুল ছুটি

স্কুলে ছুটির ঘণ্টা পড়েছে। করোনা মহামারি পেরোনো নিউইয়র্ক নগরের স্কুলের শিক্ষার্থীরা ক্লাস শেষে বেড়িয়ে
আসছে। তাদের ঘরে ফেরার তাড়া। সন্তানদের ঘরে নিয়ে যেতে অনেক অভিভাবকও এগিয়ে এসেছেন স্কুলের
সামনে। ২৭ অক্টোবর, ক্যাসেল হিল স্কুল, ব্রক্স। ছবি : সৈয়দ মাসুদুল কবির

নিউইয়র্কে নির্বাচন ২ নভেম্বর

উত্তর আমেরিকা
অফিস



আগামী ২ নভেম্বর
মঙ্গলবার ইলেকশন
ডে। যুক্তরাষ্ট্রের
অন্যান্য স্থানের মতো নিউইয়র্কে এবারের
ইলেকশন ডে বা ভোটের দিনটি বেশ
গুরুত্বের হয়ে উঠেছে। এ নির্বাচনের মধ্য
দিয়ে নিউইয়র্ক সিটির আগামী চার বছর
মেয়াদের মেয়র নির্বাচিত হবেন।
ডেমোক্র্যাট বহুল সিটিতে এবারের
নির্বাচনে ডেমোক্র্যাটিক পার্টির

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১

নিউইয়র্কে বাড়ি কিনতে এক লাখ ডলার সহায়তা

সুখেন গমেজ

নিউইয়র্ক নগরে বাড়ি সংরক্ষণ
ও উন্নয়ন বিভাগ (এইচপিডি)
সিটির বাসিন্দাদের সর্বোচ্চ
এক লাখ ডলার পর্যন্ত সহায়তা
প্রদান করছে। প্রথমবারের মতো বাড়ির
ক্রেতার একটি ফ্যামিলি থেকে চার
ফ্যামিলি বাড়ি, কো-অপারেটিভ
অ্যাপার্টমেন্ট, কনডোমিনিয়াম শুধুমাত্র
প্রাথমিক বাসস্থান হিসেবে কেনার ক্ষেত্রে
এই সুবিধা নিতে পারবেন।

এই সহায়তা বাড়ির ডাউনপেমেন্ট
কিংবা ফ্লোজিং খরচের জন্য ব্যবহার করা



যাবে। এই প্রোগ্রামের আওতায়
বাড়ি কিনতে হলে প্রথমবার
বাড়ির ক্রেতা হতে হবে।
যুক্তরাষ্ট্রের ফেডারেল
ডিপার্টমেন্ট অব হাউজিং অ্যান্ড
আরবান ডেভেলপমেন্টের

(হাউ) তথ্য অনুযায়ী, গত তিন বছরে
বাড়ির মালিক হিসেবে নাম না থাকলে
প্রাথমিক ক্রেতা হিসেবে সুবিধা পাওয়া
যায়। আবেদনকারীর আয়ের সীমা
নির্ধারণ করে দেওয়া হয়েছে। হাউ
নির্ধারিত এরিয়াভিত্তিক গড় আয়ের ৮০

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৫

জাতিসংঘের সভাপতি পদে নির্বাচন করবে বাংলাদেশ

রহমান মাহবুব

বাংলাদেশ ২০২৬ সালে জাতিসংঘের
সভাপতি পদে নির্বাচন করার ঘোষণা
দেবে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী এ কে
আব্দুল মোমেন। তিনি বলেন, ভবিষ্যতে
জাতিসংঘে যে মহাসচিব আসবে, তা
বাংলাদেশ থেকেই হতে হবে।

ঢাকাবাসী আয়োজিত জাতিসংঘ
দিবস উপলক্ষে ২৪ অক্টোবর বিকেলে
জাতীয় প্রেসক্লাবের জহর হোসেন চৌধুরী
হলে আলোচনা সভায় প্রধান অতিথির
বক্তব্যে পররাষ্ট্রমন্ত্রী এ কথা বলেন।

পররাষ্ট্রমন্ত্রী বলেন, মিয়ানমার,
দক্ষিণ কোরিয়া যদি হতে পারে,
বাংলাদেশ কেন পারবে না। তবে বললেই
তো হবে না। এ জন্য আমাদের সে মানের
পারসোনালিটি তৈরি করতে হবে। তখন
অন্য কোনো দেশ আমাদের সঙ্গে

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৩

প্রথম আলো উত্তর আমেরিকা এখন নতুন ব্যবস্থাপনায়

উত্তর আমেরিকা অফিস

প্রথম আলো উত্তর আমেরিকা এখন
নতুন ব্যবস্থাপনায় স্থানীয়ভাবে
প্রকাশিত হচ্ছে। উত্তর আমেরিকা
থেকে প্রকাশিত এই পত্রিকাটির সঙ্গে
১ অক্টোবর, ২০২১ থেকে মিডিয়া
স্টার লিমিটেড বা ঢাকা থেকে
প্রকাশিত প্রথম আলোর কোনো
সম্পর্ক নেই।



Marks Home Care

মার্কস হোম কেয়ার

FOLLOW US ON
Facebook Instagram
FOR LATEST EVENTS,
PRIZES AND GIVEAWAYS

E-mail : info@markshhc.com
www.markshhc.com

আমরা নতুন গ্রাহক এবং
এজেন্সি ট্রান্সফার সাদরে গ্রহণ করছি।
We Welcome Agency Transfers
and New Clients.

- ✓ প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
- ✓ প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা
- ✓ আকর্ষণীয় সাপ্তাহিক আয়ের নিশ্চয়তা

বিস্তারিত জানতে কল করুন
718-697-7707

Bronx	Brooklyn	Queens	Hicksville	Buffalo
1232 Virginia Ave Bronx, NY 10472	413 Bay Ridge Ave Brooklyn, NY 11220	40-04 Junction Blvd Corona, NY 11368	217 Bethpage road Hicksville, NY 11801	1049 Broadway St. Suite # 4 Buffalo, NY 14212
1514 Castle Hill Ave Bronx, NY 10462	219 Church Ave Brooklyn, NY 11218	37-20 74th Street Jackson Hts, NY 11372	148-37 Hillside Ave Jamaica, NY 11435	
	1122 Coney Island Ave Suite 220 (2nd fl.) Brooklyn, NY 11230			



চিশতী একাউন্টিং অ্যান্ড ট্যাক্স সার্ভিসেস

Trusted Accounting and Tax Services.

Over 13 years of Accounting and Taxation Experience.

আমাদের
অফিস জ্যাকসন
হাইটসের
প্রাণকেন্দ্রে

ইনকাম ট্যাক্স

- Individual Tax Return
- Corporate Tax Return
- Small Businesses Tax Return
- Self-employed (Uber/Lyft/Cab drivers)

একাউন্টিং ও বুককিপিং

- Payroll
- W2s, 1099s
- Financial Statements
- Sales Tax Quarterly and year end filings

Call/email/make appointment at www.chishtiaccounting.com T:917-832-7785 C: 347-515-3858 E: chishti@chishtiaccounting.com 73-19 Broadway, Jackson Heights NY11372

Mohammed K. Chishti, CPA, MBA



Queens Social Adult
Day Care Center Inc

কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক



কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরনের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগে অসুস্থ এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রাহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাত্মক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- ▶ নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ▶ ফিন্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ▶ ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- ▶ নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- ▶ চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ▶ ওজু ও নামাজের ব্যবস্থা
- ▶ টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ▶ ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- ▶ সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা
- ▶ শিক্ষা কার্যক্রম
- ▶ কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- ▶ গ্রন্থাগার
- ▶ শারিরীক স্বাস্থ্য কার্যক্রম
- ▶ ইয়োগা, তাইচি, ব্যায়াম ও জিমের ব্যবস্থা
- ▶ ফিজিক্যাল থেরাপী

মানসিক স্বাস্থ্য পরামর্শ

- ▶ রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- ▶ পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- ▶ মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

বিনোদনমূলক কার্যক্রম

- ▶ পিকনিক
- ▶ যাদুঘর ভ্রমণ
- ▶ সমদ্র সৈকতে পার্টি
- ▶ নৌ-ভ্রমণ ও মৎস শিকার

আধ্যাত্মিক কার্যক্রম

- ▶ শান্ত সময়
- ▶ ধ্যান

অবসর কার্যক্রম

- ▶ কেরাম বোর্ড
- ▶ লুডু
- ▶ দাবা
- ▶ ধাঁধা
- ▶ অধ্যয়ন



For details information please contact

ENGINEER MAHFUZUL HAQUE

MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain

148-41 Hillside Ave, Jamaica, NY 11435

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com



**ACE INSTITUTE
OF TECHNOLOGY**

এইস্ ইন্সটিটিউট অফ টেকনোলজি

২০১৯ সাল বাঙালীদের জন্য দারুন সুখবর!

Where it's all about excellence in education

নিউইয়র্ক স্টেট শিক্ষা অধিদপ্তর কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত

Licensed by New York State Department of Education.

কাউন্সিল অব অকুপেশনাল এডুকেশন (সিওই) কর্তৃক এক্রেডিয়েশনপ্রাপ্ত



**BECOME A
MEDICAL
ASSISTANT**

- EKG Technician & Phlebotomy Technician
- Medical Insurance, Billing & Records

**Diagnostic
Medical
Sonographer**



**BECOME A
COMPUTER
NETWORK
ADMINISTRATOR**

- PC Technician (A+ Cert.)
- Networking Concepts (N+ Cert.)
- Network Security (Security+ Cert.)
- Computer Networking (MCITP/MCTS)

**Web & Graphic
Design**

বিস্তারিত জানতে ভিজিট করুন:

www.acecareer.edu | info@acecareer.edu

সুবিধাজনক ক্লাশসূচি

প্রভাতী ক্লাশ

সকাল ৯টা থেকে দুপুর ২টা

সন্ধ্যাকালীন ক্লাশ

বিকাল ৬টা থেকে রাত ৯টা

সাপ্তাহিক ছুটির দিনেও ক্লাশের সুযোগ রয়েছে।

আনুষঙ্গিক সুবিধা সমূহ

Financial Aid available for select program to those who qualify.

যোগাযোগ: MANHATTAN 212-695-9700, QUEENS 718-575-3223

40-38. 75th Street, Elmhurst, NY 11373

Gehi Associates
ATTORNEYS AT LAW

www.gehilaw.com

Grand Opening
আমরা এখন Jackson Height

ফ্রি কনসালটেশন

74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY 11372

104-05 Liberty Ave, Ozone Park, NY-11417

173-29, Jamaica Ave, Jamaica, NY-11432

TEL: 718-263-5999

TEL: 718-577-0711

TEL 718-764-6911

*ইমিগ্রেশন *ব্যাংক্র্যাপসি *ক্রেডিট কার্ড মেটার *ডিভোস *সিটিজেনশিপ *চাইল্ড কাস্টডি
*চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন *সব ধরনের ভিসা ও ফিয়ারনসি ভিসা প্রসেসিং



Naresh Gehi, Esq.



- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

**IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR
DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.**

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTING
TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTVCOME

CALL: 718-263-5999

*তুলনামূলকভাবে কম ফি *সক্ষ্যা এবং সাপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ



Raja Kumar

আমরা বাংলায় কথা বলি

‘উনপঞ্চাশ বাতাস’ মুক্তি পাচ্ছে ১৪টি মাল্টিপ্লেক্সে

বিশেষ প্রতিনিধি

কোভিড-১৯ পরবর্তী সময়ে প্রায় দুই বছরের বিরতি শেষে আগামী ১৯ নভেম্বর যুক্তরাষ্ট্র ও কানাডার মোট ১৪টি মাল্টিপ্লেক্সে বাণিজ্যিকভাবে মুক্তি পাচ্ছে মাসুদ হাসান উজ্জ্বলের আলোচিত প্রেম ও মনস্তত্ত্বের ছবি ‘উনপঞ্চাশ বাতাস’। বিষয়টি নিশ্চিত করেছেন বাংলাদেশি সিনেমার বিশ্ব পরিবেশক প্রতিষ্ঠান স্বপ্ন স্কয়ারকোর প্রেসিডেন্ট মোহাম্মদ অলিউল্লাহ সজীব।

সজীব বলেন, ‘আমাদের উদ্দেশ্য, বাংলাদেশের চলচ্চিত্রকে ২০২৫ সালের মধ্যে উত্তর আমেরিকার তৃতীয় বৃহত্তম সিনেমা ইন্ডাস্ট্রি হিসেবে পরিগণিত করার। এ জন্য আমাদের সিনেমাকে অন্তত দুই-তিন লাখ দর্শকের দেখতে হবে এবং কমপক্ষে ১০০ থেকে ২০০টি মাল্টিপ্লেক্সে মুক্তি পেতে হবে। ‘উনপঞ্চাশ বাতাস’ দিয়ে কোভিড পরবর্তী সময়ে আমরা শুরুটা করছি আমেরিকা-কানাডার ১৪টি থিয়েটার দিয়ে। এ সংখ্যা ক্রমশ বাড়তে বাড়তে ২০২২ এর কোনো সিনেমা দিয়ে শতকের মাইল ফলক ছুঁতে পারব বলে আমরা বিশ্বাস করি।’

‘উনপঞ্চাশ বাতাস’ এক যোগে মুক্তি পাচ্ছে আমেরিকার নিউইয়র্ক সিটির তিনটি থিয়েটারে, লস অ্যাঞ্জেলেসের দুটি থিয়েটারে, ডালাসের একটি থিয়েটারে, অস্টিনের একটি থিয়েটারে, হিউস্টনের একটি থিয়েটারে, ওয়েস্ট পাম বিচের একটি থিয়েটারে, নর্থ মিয়ামির একটি থিয়েটারে, ফেয়ারফ্যাক্সের একটি থিয়েটারে, হ্যানোভার/বাল্টিমোরের একটি থিয়েটারে এবং কানাডার টরন্টো ও উইনিপেগ শহরের একটি করে থিয়েটারে।

রোড অক্টোবর ফিল্মস প্রযোজিত চলচ্চিত্র ‘উনপঞ্চাশ বাতাস’-এ প্রধান চরিত্রে আছেন ইমতিয়াজ বর্ষণ ও শার্লিন ফারজানা। দারুণ কিছু শ্রুতিমধুর গান করেছেন বাংলাদেশের বেজবাবা সুমন, শাওরিন, ভারতের সোমলতা, সিধু এবং পরিচালক মাসুদ হাসান উজ্জ্বল নিজে। বাংলাদেশে মুক্তি পেয়ে ইতিমধ্যে দর্শক ও সমালোচকদের প্রশংসা পেয়েছে সিনেমাটি। এ ছাড়া ১৯তম ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে সমালোচক পুরস্কার ফিগ্রেসকি অ্যাওয়ার্ড ও লন্ডনে ২১তম রেইনবো চলচ্চিত্র উৎসবে সেরা পরিচালকের পুরস্কার অর্জন করেছে ‘উনপঞ্চাশ বাতাস’।

উত্তর আমেরিকায় মুক্তি নিয়ে উজ্জ্বল নির্মাতা মাসুদ হাসান উজ্জ্বল বলেন, ‘আমরা বিশ্বাস করি, আমাদের সিনেমা উত্তর আমেরিকার দর্শকের মন এবং বক্স অফিস দুটোই জয় করবে। এত বড় পরিসরে ‘উনপঞ্চাশ বাতাস’ কে নিয়ে যাওয়ার জন্য আমি স্বপ্ন স্কয়ারকোর প্রতি কৃতজ্ঞতা জানাই।’



সাম্প্রদায়িক সহিংসতার প্রতিবাদে অভিবাসী স্বাক্ষরিত ঘোষণা

উত্তর আমেরিকা অফিস

গান, কবিতা আর কথায় প্রায় আড়াই ঘণ্টার অনলাইন অনুষ্ঠানে যুক্তরাষ্ট্র, কানাডা, যুক্তরাজ্য অস্ট্রেলিয়াসহ নানা দেশের অভিবাসীরা বাংলাদেশে হিন্দু সম্প্রদায়ের ওপর সহিংস হামলার প্রতিবাদে তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন। তারা এমন সহিংসতার বিরুদ্ধে দৃঢ় প্রতিরোধ গড়ে তোলার অঙ্গীকার করেন। অনুষ্ঠানে ১৫টি দেশে বসবাসকারী দুই শতাধিক অভিবাসী বাঙালি স্বাক্ষরিত প্রতিবাদ ঘোষণা পাঠ করা হয়।

উত্তর আমেরিকা বাংলা সাহিত্য পরিষদের উদ্যোগে ২৪ অক্টোবর এ অনলাইন সমাবেশ অনুষ্ঠিত হয়। সাম্প্রদায়িকতা বিরোধী অভিবাসী সাহিত্য মঞ্চের প্রতিবাদ সভায় অভিবাসী অংশগ্রহণকারীদের মধ্যে যুক্তরাষ্ট্রের অংশগ্রহণকারীদের সঙ্গে যোগ দেন যুক্তরাজ্য থেকে সাহিত্য গবেষক গোলাম মুরশিদ, অর্থনীতিবিদ সেলিম জাহান, কবি শামীম আজাদ, সংস্কৃতি কর্মী ইমতিয়াজ আহমেদ, কানাডা থেকে কবি দিলারা হাফিজ, অস্ট্রেলিয়া থেকে গবেষক নিরুপমা রহমান ও বীর মুক্তিযোদ্ধা কামরুল আহসান খান, ফ্রান্স থেকে সংস্কৃতি কর্মী রবিশংকর মৈত্রী ও আমীরুল আরহাম। যুক্তরাষ্ট্র থেকে একুশে পদকপ্রাপ্ত লেখক জ্যোতিপ্রকাশ দত্ত, বীর মুক্তিযোদ্ধা ও সংস্কৃতি কর্মী তাজুল ইমাম, মোস্তফা সারওয়ার, হায়দার খান, জ্যোতির্বিদ ও লেখক দীপেন ভট্টাচার্য প্রমুখ।

অনলাইন অনুষ্ঠানে মহীতোষ তালুকদার তাপস যুক্তরাষ্ট্রের রোড আইল্যান্ড অঙ্গরাজ্য থেকে যোগ দেন। তিনি হেমাঙ্গ বিশ্বাস ও সলিল চৌধুরীর গান পরিবেশন করেন। বিভিন্ন বক্তারা বক্তব্য প্রকাশের সময় কখনো কখনো আবেগপ্রবণ হয়ে ওঠেন। শিকাগো থেকে যোগ দেন শৈবাল তালুকদার। সংগঠনের কেন্দ্রীয় সদস্য বাংলা অ্যাকাডেমি পুরস্কারপ্রাপ্ত লেখিকা পূর্ববী বসু সড়ক দুর্ঘটনায় গুরুতরভাবে আহত হওয়ায় উপস্থিত থাকতে পারেননি। অনুষ্ঠানে তাঁর দুটি কবিতা পাঠ করা হয়।

বাংলাদেশের সাম্প্রতিক ঘটনার প্রতিবাদে সংগঠনের সদস্যরা অভিবাসী বাঙালিদের ঐক্যবদ্ধ করার লক্ষ্যে একটি ঘোষণার স্বাক্ষর বিশ্বব্যাপী স্বাক্ষর সংগ্রহ অভিযান শুরু করেন। মাত্র কয়েক দিনে ইমেইল আর ফেসবুকের মাধ্যমে পাঁচটি মহাদেশের ১৫টি দেশ থেকে ২১০ জন অভিবাসী বাঙালি এই ঘোষণার সঙ্গে সংহতি জানিয়ে স্বাক্ষর করেন। বেশির ভাগ স্বাক্ষরকারী যুক্তরাষ্ট্র, কানাডা, যুক্তরাজ্য ও অস্ট্রেলিয়াতে থাকেন। এর সঙ্গে যুক্ত হন ইরান, জাপান, জার্মানি, ফিনল্যান্ড, ফ্রান্স, রাশিয়া, লিবিয়া, সংযুক্ত আরব আমিরাত, সিঙ্গাপুর, সুইজারল্যান্ড, সুইডেন অভিবাসী বাঙালিরা।

ঘোষণায় বলা হয়েছে, ‘বাংলাদেশে দুর্গা পূজা উদ্‌যাপনের সময় মন্দিরে আক্রমণ, বিগ্রহ ধ্বংস ও সার্বিকভাবে হিন্দু সম্প্রদায়ের ওপর হামলার প্রতিবাদে আমরা অভিবাসী সাহিত্য সমাজ ও শুভানুধ্যায়ীরা তীব্র খিঙ্কার ও ক্ষোভ প্রকাশ করছি।’

ঘোষণায় আরও বলা হয়, ‘ফেসবুকে মিথ্যা উসকানিমূলক পোস্টের মাধ্যমে সাম্প্রদায়িক হানাহানির সৃষ্টি উদ্দেশ্যপ্রসূত কৌশল। যারা এই উসকানির সঙ্গে জড়িত, এমনকি যারা এই উসকানির কারণে হানাহানিতে লিপ্ত হয়েছে, এরা আসলে দুর্বৃত্ত। দুঃখের বিষয় গত কয়েক দশক ধরে এই ধরনের শক্তি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সামাজিক বা রাষ্ট্রীয় প্রক্রিয়া পাচ্ছে। রামু, নাসির নগরসহ বহু স্থানে এই ধরনের সহিংসতা সংঘটিত হচ্ছে। এর কোনোটিতেই সঠিক আইনের প্রয়োগ দেখা যায়নি।’

সুশীল সমাজ এবং ধর্মবিশ্বাসী সং ও মানবতাবাদী মানুষ এই বিষয়ে সোচ্চার হয়ে এর বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানানো হয়েছে। অতীতের মতো এবারও সম্মিলিত প্রচেষ্টায় বাংলাদেশে অসাম্প্রদায়িক সম্প্রীতি পুনঃপ্রতিষ্ঠিত করা হবে বলে ঘোষণায় আশাবাদ ব্যক্ত করা হয়।

GRAND Opening

EXPRESSAIR TRAVEL

Tel: 646-420-6472
Email: expressairtravel2021@gmail.com
37-53 72nd Street, Jackson Heights, NY 11372



MK ZAMAN (RONJU)
-CEO

OUR SERVICES:

- AIRLINE TICKETS
- TOUR PACKAGES
- UMRH VISA
- MEET & LOUNGE SERVICE AT DHAKA AIRPORT
- MONEY TRANSFER
- PHONE BILLS & ACCESSORIES
- MULTI-SERVICES







সতর্কীকরণ: সীসা থাকতে পারে

পুরনো, খসে পড়া রঙের ধুলোতে সীসা থাকতে পারে, যা শিশুদের মধ্যে শেখা ও আচরণের সমস্যা তৈরি করতে পারে।

- আপনার বাড়িওয়ালাকে খসে পড়া রঙ সারাতে বলুন। আপনার বাড়িওয়ালা যদি এটা না সারান, তাহলে 311 নম্বরে ফোন করুন।
- মেঝে, জানলার গোবরাট, এবং শিশুদের হাত ও খেলনাগুলো ঘন ঘন ধোবেন।
- আপনার ডাক্তারকে বলুন আপনার শিশুর শরীরে সীসার উপস্থিতি পরীক্ষা করতে।

আরো তথ্যের জন্য 311 নম্বরে ফোন করুন বা nyc.gov/leadfree দেখুন।

NYC
Health

Bill de Blasio
মেয়র
Dave A. Chokshi, MD, MSc
কমিশনার

LET'S MAKE 'BANGLADESH FILM INDUSTRY' THE THIRD LARGEST ONE IN USA
TO DO THIS, EVERY BANGLADESHI FILM RELEASING IN USA IS IMPORTANT

A 'MASUD HASAN UJJAL' FILM

উৎসব
বাংলা



releasing

19 NOVEMBER 2021



in 12 THEATERS ACROSS USA



NYC

1. AMC EMPIRE 25, TIMES SQUARE
2. REGAL UA KAUFMAN ASTORIA
3. JAMAICA MULTIPLEX CINEMAS

CINEMARK

LOS ANGELES

4. CINEMARK 18 & XD
5. CINEMARK NORTH HOLLYWOOD

DALLAS

6. CINEMARK 17 & IMAX

AUSTIN

7. CINEMARK 20 & XD, PFLUGERVILLE

HOUSTON

8. CINEMARK TINSELTOWN 290 & XD

FLORIDA

9. CINEMARK BOYNTON BEACH 14 & XD
10. CINEMARK PARADISE 24 & XD, DAVIE

VIRGINIA/DC/MARYLAND

11. CINEMARK FAIRFAX CORNER & XD
12. CINEMARK EGYPTIAN 24 & XD, HANOVER

SHOWTIMES & TICKETS WILL BE AVAILABLE ONLINE AND IN COUNTERS FROM 17 NOVEMBER 2021

প্রথম আলো

Prothom Alo North America

ধর্মের অপব্যাত্যাকারীদেরও শান্তির আওতায় আনা এখন সময়ের দাবি

পূজামণ্ডপে চালানো অরাজকতার জন্য দায়ী ব্যক্তিকে খুঁজে পাওয়া গেছে। লোকটির নাম ইকবাল। কক্সবাজার থেকে তাঁকে আটক করা হয়েছে। সিসিটিভি ফুটেজে তাঁকে দেখা যাওয়ার পর থেকেই নানা কথা ভেসে বেড়াচ্ছে। এ লোকটির বেপরোয়া কাজের পেছনে কে বা কারা জড়িত, তা হয়তো বেরিয়ে আসবে। এর মধ্যেই ঘটনাটি সময়ের একটি ক্ষত হিসেবে চিহ্নিত হয়ে গেল। জঘন্য এই কাণ্ডের শেষ দেখাতে হবে। এটা যে বিচ্ছিন্ন কোনো ঘটনা নয় এবং কুমিল্লায় ছড়ানো আগুন সারা দেশের নানা জায়গায় ছড়িয়ে দেওয়ার কাজটাও যে কাকতালীয় নয়, সে কথা উপলব্ধি করতে হবে। এই ঘটনার কঠোর শাস্তিবিধান করা না হলে জাতিগতভাবেই একটা পরিস্রাসের মধ্যে পড়ে যাব আমরা।

কোনো ধর্মপ্রাণ মুসলমান বা হিন্দু যে অন্য ধর্মের অবমাননা করবেন না, সে কথা সবাই জানেন। কাণ্ডজ্ঞান দিয়ে পরিচালিত হলে পারস্পরিক সংঘাত নয়, শান্তিপূর্ণ সহাবস্থানকেই মানুষ জীবনে স্থান দেয়। কিন্তু দেশে দেশে বিভিন্ন কাঠামোর মধ্যে ধর্মকে নিয়ে রাজনীতি করা হয় বলেই কুযুক্তি দিয়ে নিজের ধর্মের শ্রেষ্ঠত্ব জাহির করে উসকে দেওয়া যায় মানুষকে। উত্তেজিত করা যায়। ধর্ম খুবই স্পর্শকাতর। এই সুযোগটাই নেয় কিছু সুযোগ সন্ধানীরা। পূজার সময় হিন্দু সম্প্রদায়ের মানুষকে নানাভাবে অপমান করার এই প্রক্রিয়া নতুন নয়। রাজনৈতিকভাবে শ্রেষ্ঠত্ব দেখানো এবং জমিজমা, সহায়সম্পত্তি হাতিয়ে নেওয়ার পথ প্রশস্ত করাই এ ধরনের সহিংসতার একটা প্রধান কারণ। আরেকটি কারণ হচ্ছে, ধর্মীয় বিদ্বেষ ছড়িয়ে দাস্তা পরিস্থিতি সৃষ্টি করে সংখ্যালঘু সম্প্রদায়কে বাস্ত্চ্যুত করার লোভ। দীর্ঘদিন ধরে এই দুটো ব্যাপারেরই কুচর্চা চলছে দেশে।

ইকবাল নামের মানুষটি নাকি অপ্রকৃতিস্থ। তাই খেয়াল রাখতে হবে, যেন শুধু ইকবালকে ঘিরেই তদন্ত না চলে। যাঁরা উদ্দেশ্যপ্রণোদিতভাবে এই অরাজকতা চালানোর চিন্তনাটিটি তৈরি করেছেন, তাঁরা ভবিষ্যতে কোনো হিন্দু ‘অপ্রকৃতিস্থ’ মানুষকেও খুঁজে নিতে পারবেন। আবার তৈরি করতে পারবেন এ রকম পরিস্থিতি। পুড়িয়ে দেবে বাড়িঘর, হত্যা করবে মানুষ।

কারা এই বাঁশিওয়াল? এই বাঁশিওয়ালদের খুঁজে বের করে দিতে হবে কঠোর শাস্তি। এমন শাস্তি, যা ভবিষ্যতে এ ধরনের কাণ্ডজ্ঞানহীন অরাজকতা ঘটানোর কথা কেউ ভাবতেও না পারে। ধর্মের নানা অপব্যাত্যায় মানুষ বিভ্রান্ত। এই বিভ্রান্তিকে কাজে লাগিয়েই ধর্ম ব্যবসায়ীরা আখের গুছিয়ে নেন। অন্য ধর্মাবলম্বীর ওপর ঝাঁপিয়ে পড়েন। ধর্মের অপব্যাত্যাকারীদেরও শান্তির আওতায় আনা এখন সময়ের দাবি।

নিজেদের সতর্কতা বৃদ্ধি করুন

নিউইয়র্কে একের পর এক গাড়ি ছিনতাই ও চুরির শিকার হচ্ছেন বাংলাদেশিরা। বেড়ে যাওয়া অপরাধ এবং নিজেদের অসচেতনতার কারণে এমন সব ঘটনা ঘটছে। এক সপ্তাহের মধ্যে ব্রক্সের বাংলাদেশিবহুল এলাকায় তিনটি গাড়ি চুরির ঘটনা ঘটেছে। স্টার্ট দেওয়া এসব গাড়ি চালিয়ে নিয়ে গেছে দুর্বৃত্তরা। এ নিয়ে প্রবাসীদের মধ্যে উদ্বেগ বিরাজ করছে।

সর্বশেষ ঘটনায়, ২০ অক্টোবর বুধবার বেলা সোয়া একটার দিকে গাড়ি চলন্ত রেখেই স্টার্লিং অ্যাভিনিউয়ের নীরব রেষ্টুরেন্টের কেনাকাটা করতে নামেন প্রবাসী আশিকুল হক। দ্রুততার সঙ্গে কেনাকাটা শেষ হবে এমন ধারণা থেকেই তিনি গাড়ির স্টার্ট বন্ধ না করেই নেমেছিলেন। মাত্র কয়েক মিনিটের মধ্যে একজন দুর্বৃত্ত গাড়িতে উঠে চলন্ত গাড়ি নিয়ে দ্রুত পালিয়ে যায়। আশিকুল হক পুলিশে ফোন করেন। পুলিশ ঘটনাস্থলে আসে। স্থানীয় প্রিসিষ্টেট গিয়ে রিপোর্ট করা হয়। স্বস্তির কথা ঘটনার দুই দিন পর গাড়িটি উদ্ধার করা হলেও ছিনতাইকারীদের খেপ্তার করা সম্ভব হনি।

২০ অক্টোবর আশিকুলের গাড়ি ছিনতাইয়ের দুই ঘনটার মধ্যেই প্রায় একই এলাকা থেকে আরেকজন প্রবাসীর গাড়ি ছিনতাই হয়ে যায়। গাড়ি স্টার্টে রেখে এ প্রবাসী গ্লোসারি দোকানে স্বল্প সময়ের জন্য প্রবেশ করেছিলেন। বেরিয়ে এসে গাড়ি পাওয়া যায়নি। এর আগে ১৬ অক্টোবর শনিবার দুপুরে প্রায় একই ঘটনা ঘটেছে ব্রক্সের ইত্যাদি গ্লোসারির সামনে। একজন প্রবাসী, স্ত্রী ও দুই শিশু সন্তান চলন্ত গাড়িতে রেখে গ্লোসারি দোকানে কেনাকাটা করতে নেমেছিলেন। মুহূর্তে কৃষ্ণাঙ্গ যুবক গাড়িতে উঠে চালিয়ে নিয়ে যায়। আতঙ্কিত স্ত্রী কান্নাকাটি করেন। শিশুদের রক্ষা করার জন্য অনুনয় ও আহাজারি শুরু করেন। শিশু সহ তাকে প্রায় মাইলখানেক দূরত্বে গাড়ি থেকে ফেলে দিয়ে ছিনতাইকারী গাড়ি নিয়ে পালিয়ে যায়। এ নিয়ে পুলিশে অভিযোগ করা হয়েছে। ।

মহামারি পরবর্তী সময়ে নিউইয়র্কে গাড়ি চুরি ও গাড়ি ছিনতাইয়ের ঘটনা ব্যাপকভাবে বেড়ে গেছে। এসব ঘটনার শিকার বেশি হচ্ছেন অভিবাসীরা। অনেকটা অসতর্ক চলাফেরার জন্য দুর্বৃত্তরা সুযোগ গ্রহণ করছে। নিউইয়র্ক পুলিশের পক্ষ থেকে বারবার সতর্ক করে দেওয়া হচ্ছে, কোনো অবস্থায়ই চলন্ত রেখে গাড়ি তাগ না করার জন্য। ব্রক্সের গাড়ি ছিনতাই দলের সঙ্গে বাংলাদেশি অভিবাসী প্রতিবারের কিছু যুব তরুণের জড়িয়ে নেওয়া নিয়ে নানা কথা ভেসে বেড়াচ্ছে।

এসব বিষয়ে আমাদের জনসমাজকে সতর্ক থাকতে হবে। নিজেদের গাড়ি নিজেরাই সুরক্ষিত রাখতে হবে। পুলিশের পরামর্শ অনুযায়ী, কোনো অবস্থায়ই গাড়ি চালু অবস্থায় স্বল্প সময়ের জন্যও ফেলে রাখা যাবে না। ডাবল পার্ক করে যতদূর ট্রাফিক জ্যাম লাগানো এবং চলন্ত গাড়ি রেখে চা, কফি নিতে নেমে পড়তে প্রায়ই দেখা যায় আমাদের জনসমাজের কিছু লোকজনকে। নিজেদের নিরাপত্তা ও নাগরিক জ্ঞানের জন্যই এসব বিষয় পরিহার করতে হবে। পাশাপাশি আমাদের নতুন প্রজন্মের দিকে অতিরিক্ত নজরদারি রাখতে হবে। অধিকাংশই ভালো কাজে, শিক্ষায় উন্ম্যে সুমনা অর্জন করলেও খারাপ ঘটনায় জড়িয়ে যাওয়া অল্প দু-একজনই কালিমা লেপনের জন্য যথেষ্ট। এদের প্রতি নজরদারি বৃদ্ধি করাও জনসমাজের জন্য জরুরি বলে আমরা মনে করি।

সেলিম জাহান

সেলিম জাহান, ১৯৬৯-এর একটি ছবি

সেলিম জাহান, ১৯৬৯-এর একটি ছবি

সেলিম জাহান, ১৯৬৯-এর একটি ছবি

মাঝে মাঝে ভাবি, আমাদের যে দিন গেছে, তা রাতের তারার মতো, দিনের আলার গভীরে আছে কি না, জানি না। তবে নিশ্চিত জানি, তারা আছে আমাদের সবার হিরণ্ময় স্মৃতিতে।

প্রতিবছরই অক্টোবর-নভেম্বর মাস এলেই আমি কিছুটা উম্মান হয়ে পড়ি। মনে পড়ে যায় দীর্ঘদিন আগে ১৯৬৯ সালে এই সময়টাতেই কোনো একদিন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শ্রেণিকক্ষের ভেতরে পা রাখি। সে-ও তো অর্ধশতাব্দীর ওপরে হয়ে গেল। এ বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের বয়সও ১০০ বছর হয়ে গেলে। ‘স্মৃতির তাই’ জলের মতো ঘুরে ঘুরে’ আমার হৃদয়ে কথা কইছে।

১৯৬৯-এর এক স্লিপ্ধ সকাল থেকে প্রায় পঁচিশ বছর, ১৯৯২ সাল পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ে আমার ছিল নিত্য আনানো-ছাত্র ও শিক্ষক হিসেবে। আমি ঢাকা বিশ্ববিদ্যালয় অঙ্গনে বহু অনন্য মানুষের সংস্পর্শে আসার সুযোগ পেয়েছি, যাঁরা আমাকে শ্বাঙ্ক করেছেন।

অর্থনীতি বিভাগে অধ্যাপক মীর্জা নূরুল হুদা, অধ্যাপক আনিসুর রহমান, অধ্যাপক মুশাররফ হোসেনের মতো দিকপালদের আমি শিক্ষক ও সহকর্মী হিসেবে পেয়েছি। অর্থনীতি শাস্ত্রের বহু শিক্ষা, বহু জ্ঞান, বহু বোধ তাঁদের কাছেই পাওয়া। বিভাগের বাইরে পেয়েছি অধ্যাপক আবদুর রাজ্জাক, অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী, অধ্যাপক খান সারওয়ার মুরশিদ, অধ্যাপক আনিসুজ্জামানের মতো মনীষীদের, যাঁরা আমার চিন্তা-চেতনার বিকাশে সাহায্য করেছেন।

কী কারণে জানি না, অ্যাপক আবদুর রাজ্জাক আমাকে ‘জনাব সেলিম জাহান’ বলে সম্বোধন করতেন। বাড়িতে গেলেই বলতেন, ‘এক

চিররঞ্জন সরকার

চিররঞ্জন সরকার

চিররঞ্জন সরকার

চিররঞ্জন সরকার

চিররঞ্জন সরকার

সেই একই ষ্টাইল। প্রথমে কোনো একজন হিন্দুর বিরুদ্ধে ফেসবুকে ‘ধর্ম অবমাননা’-র অভিযোগ। তারপর সেই হিন্দুবাড়িতে আক্রমণের চেষ্টা। এরপর পুরো গ্রামে আক্রমণ, অগ্নিসংযোগ, লুটপাট। এই ঘটনার পর কিছু প্রশাসনিক তোড়জোড়। অজ্ঞাত ব্যক্তিদের নামে কিছু মামলা। কিছু ব্যক্তি ও সংগঠনের রুটিনমাসিক বিবৃতি, সমাবেশ, প্রতিবাদ। এর মধ্যেই আরও কিছু এলাকায় হিন্দু পরিবারে হামলা। কয়েক দিন গণমাধ্যম সরগরম থাকার পর নতুন কোনো ইস্যুর সন্ধান লাভ। এরপর হামলা-মামলাসহ যাবতীয় উত্তেজনার অবসান। কিছুদিন পর আকস্মিক নতুন কোনো জায়গায় একই ধরনের ঘটনার পুনরাবৃত্তি। কয়েক বছর ধরে আমাদের দেশে এই ধারার সাম্প্রদায়িক আক্রমণের ঘটনাগুলো ঘটছে।

এবার আক্রমণের সূচনা হয় কুমিল্লায়। দুর্গাপূজার মধ্যে ১৩ অক্টোবর কুমিল্লার একটি মণ্ডপে কোরআন শরিফ অবমাননার কথিত অভিযোগে ভুলে বেশ কয়েকটি মণ্ডপ ও স্থাপনা ভাঙচুর হয়। তার জের ধরে তিন দিনে দেশের বিভিন্ন স্থানে ৭০টি পূজামণ্ডপ ও অসংখ্য হিন্দুবাড়িতে হামলা-ভাঙচুর-লুটপাট ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। কয়েকজনের প্রাণহানিও ঘটেছে। কুমিল্লা, নোয়াখালী, সিলেট চট্টগ্রামের বিভিন্ন এলাকায় পাইকারি হারে হিন্দুবাড়ি ও মণ্ডব আক্রমণের ঘটনার রেশ না কাটতেই রংপুরের পীরগঞ্জে ধর্ম নিয়ে ফেসবুকে ‘আপত্তিকর পোস্ট’ দেওয়ার অভিযোগে একটি হিন্দুপল্লিতে ব্যাপক অগ্নিসংযোগ ও লুটপাটের ঘটনা ঘটে। সেখানে হাজার হাজার মানুষ একই হয়ে এরন ধারণা থেকেই তিনি গাড়ির স্টার্ট বন্ধ না করেই নেমেছিলেন। মাত্র কয়েক মিনিটের মধ্যে একজন দুর্বৃত্ত গাড়িতে উঠে চলন্ত গাড়ি নিয়ে দ্রুত পালিয়ে যায়। আশিকুল হক পুলিশে ফোন করেন। পুলিশ ঘটনাস্থলে আসে। স্থানীয় প্রিসিষ্টেট গিয়ে রিপোর্ট করা হয়। স্বস্তির কথা ঘটনার দুই দিন পর গাড়িটি উদ্ধার করা হলেও ছিনতাইকারীদের খেপ্তার করা সম্ভব হনি।

এমন আক্রমণ-হামলার ঘটনা কিন্তু নিয়মিতই ঘটেছে। কিন্তু এর কোনো প্রতিকার হচ্ছে না। সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে মানবাধিকার সংগঠন আইন ও সালিশ কেন্দ্রের এক পরিসংখ্যান মতে, ২০১৩ সাল থেকে চলতি বছরের সেপ্টেম্বর পর্যন্ত ৮ বছর ৯ মাসে হিন্দুদের ওপর ৩ হাজার ৬৭৯টি হামলা হয়েছে।

এর মধ্যে ১ হাজার ৫৫৯টি বাড়িঘর ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা রয়েছে। এই সময়ে হিন্দুদের ৪৪২টি ব্যবসাপ্রতিষ্ঠানে হামলা, ভাঙচুর ও আশুন দেওয়া হয়েছে। প্রতিমা, পূজামণ্ডপ, মন্দিরে ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে ১ হাজার ৬৭৮ টি। এসব হামলায় আহত হয়েছে ৮৬২ জন হিন্দুধর্মাবলম্বী। নিহত হয়েছে ১১ জন। এর বাইরে বেশ কয়েকজন নারী ধর্ষণের শিকার হন। জমি ও বাড়ি থেকে উচ্ছেদ করা হয় কয়েক ডজন পরিবারকে।

আইন ও সালিশ কেন্দ্রের এই তথ্যের বাইরেও বাংলাদেশে প্রচুর সংখ্যালঘু নিপীড়ন ও নির্যাতনের ঘটনা ঘটছে।

দেশটা কি হিন্দুশূন্য হবে?



কারণ, বেশির ভাগ ঘটনা সংবাদপত্রে আসে না। প্রতিকারহীন বোবা কান্না নিয়ে সংখ্যালঘুরা প্রতিনিয়ত আক্রমণ, হামলা, নির্যাতনের ঘটনাগুলো চাপা দিয়ে রাখছে। কারণ, অনেক ক্ষেত্রেই হামলাকারীরা এতটাই প্রভাবশালী যে, কেউ মুখ খোলার সাহস পান না। আর মুখ খুললেও তেমন কোনো প্রতিকার পাওয়া যায় না। বরং তাতে আরও বিপদ বাড়ে। অপমান, হুমকি, নিপীড়ন-নির্যাতন ও মার খেয়ে তা হজম করার বিদ্যায় বাংলাদেশের হিন্দুরা সম্ভবত পৃথিবীর শীর্ষে রয়েছে।

মাঝে মাঝে খুবই বিপন্ন বোধ করি দেশের জাতিগত ও ধর্মীয় সংখ্যালঘু জনগোষ্ঠীর অসহায়তা দেখে! তাদের অনেক কিছুই নেই, সবচেয়ে বড় ‘নেই’ হচ্ছে নাগরিক অধিকার! নিরাপত্তা, সম্মান ও মর্যাদা নিয়ে বাঁচার অধিকার। শাল্লার বুমন দাস, রামুর উত্তম, নাসিরনগরের রসরাজ, নারায়ণগঞ্জের শ্যামলকান্তি কিবা গঙ্গাচড়ার টিটু রায়ের মতো যে কেউ যেকোনো সময় নিশানা হতে পারেন। কোনো একটা হুজুগ তুলে যেকোনো সময় সংখ্যালঘু জনগোষ্ঠীর যে কারও প্রতি হিংস্রতা নেমে আসতে পারে। মামলা হতে পারে। গ্রামের পর গ্রাম জালিয়ে দেওয়া হতে পারে। এমন এক ভীতিকর পরিবেশে বাস করে কেন জানি তেমন দেশপ্রেমিক হওয়া যায় না! সংখ্যালঘু মানুষের প্রতিনিধি হিসেবে কেবলই মনে হয়, আমার দেশ আছে অধিকার নেই। আমার দেশের সংবিধান অলিখিতভাবে আমাকে ‘দ্বিতীয় শ্রেণির নাগরিক’ বানিয়ে রেখেছে। সব সময় আমাকে হুমকি-উদ্বেগ-উৎকর্ষার মধ্যে থাকতে হয়। আমার নিরাপত্তা নেই। মুষ্টিমেয় মানুষের আত্মা দ্বি-স্বাধীনতা আমার জীবন থেকে সাম্প্রদায়িকতার খজ্তা চালিয়ে কেড়ে নিয়েছে দেশপ্রেমিক হওয়ার সেই নীতীক অহংকার। এই দেশে এখন আমার অলিখিত পরিচয়— সংখ্যালঘু, ‘বিধর্মী’ (বধযোগ্য প্রাণী) ! যাকে যেকোনো নাগরিক অধিকার থেকে বঞ্চিত করায় কোনো বাধা নেই। হচ্ছে করলেই হামলা চালানো যায়। অপমান

করা যায়। গাল দেওয়া যায়। তখন মনে হয় আমরা সত্যিই কি স্বাধীন দেশের নাগরিক?

যারা রাষ্ট্রের কাছে নিশ্চিত নিরাপত্তা পায় না, সমাজে মাথা উঁচু করে দাঁড়িয়ে থাকবার বল-ভরসা পায় না, উচ্চারণ করতে পারে না ‘কৃতজ্ঞ’ শব্দটা, যেসব অধিকার-বঞ্চিত, সন্ত্রস্ত মানুষ কেবলই ভয়ের প্রহর গোনে, তারা কী করে গাইবে, ‘জন্ম আমার ধন্য হলো মাগো?’ কিংবা ‘আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি’?

মাঝে মাঝে প্রশ্ন জাগে, আমি কি তবে পরাধীন? ঠিক কাকে বলে স্বাধীনতা? স্বাধীনতা কার? ব্যক্তির? পুঁজির? সংখ্যাগুরু জনগোষ্ঠীর? সমাজের? আমাদের সংবিধানে লেখা আছে ব্যক্তির ধর্মীয় মতপ্রকাশের কথা, বাকস্বাধীনতার কথা। কিন্তু যদি আমরা পাহাড়ি জনগোষ্ঠীর চোখে দেশকে দেখার চেষ্টা করি, তাদের ওপর নির্যাতনকারী গোষ্ঠীর পরিচয় প্রকাশ করতে চাই, তাহলে তার অনুমতি মিলবে? স্বাধীনতার পর যারা হিন্দুদের সম্পত্তি দখল করেছে, ধারাবাহিক হামলা-নির্যাতন-অগ্নিসংযোগ-লুটপাটের ঘটনা ঘটিয়েছে, তাদের নাম-ঠিকানা কী নির্ভয়ে প্রকাশ করা যাবে? তার মানে রাষ্ট্রের, সরকারের চোখ দিয়ে আমাকে, আমাদের দেখতে হবে, সে মতো কথা বলতে হবে। রাষ্ট্রই ঠিক করে দেবে আমার মতপ্রকাশের স্বাধীনতা কতটা।

ছোটবেলায় প্রবীণদের মুখে খেদোক্তি শুনেছি, ‘ইংরেজ আমলই ভালো ছিল।’ তাদের সঙ্গে কত তর্ক করেছি, বলেছি, সুশাসনের চাইতে স্বশাসন দামি। কিন্তু আজ যখন দেখছি লাল-সবুজ পতাকার চেতনা ফিকে হয়ে কেবল একটি বিশেষ শ্রেণির, বিশেষ ধর্মের লোকদের স্বার্থ রক্ষায় ক্রমেই বাড়ন্তারি নির্মাণ করে, তখন বুঝি, দেশের গতি আমাদের স্বাধীনতার যে গতিমুখ ছিল, তার সঙ্গে ঠিক মানানসই নেই।

স্বাধীনতার অর্ধশতাব্দী পরেও আমাদের ‘পলিটিক্যাল সোসাইটি’ ধর্ম-

বর্ণ-শ্রেণিনির্বিশেষে সব মানুষের বঁচে থাকার, সবার স্বার্থ ও অধিকার রক্ষার চাহিদাটুকুও পূরণ করতে পারল না। একদল অধিকতর গুরুত্ব ও মর্যাদা পেয়ে দাপট দেখাচ্ছে, শাসনি মনেচ্ছে, আরেকদল কাচুমাচু হয়ে কোনোমতে টিকে থাকার চেষ্টা করছে। দারিদ্র্য আর অধিকারহীনতার মাপকাঠিতেই তারা বাঁধা থাকছে, আর ‘প্রিভিলেজ্‌ড’ শ্রেণিটি ধনী হতে হতে ১৮ তলা, ২০ তলা অট্টালিকা বানাচ্ছে! কোনো তথ্য-প্রমাণ ছাড়া হচ্ছে হলেই কোনো হিন্দুগ্রাম জ্বালিয়ে দিয়েছে। স্বাধীনতা যেন তাদেরই জন্য!

প্রায়ই প্রশ্ন জাগে, আসলে আমরা কোথায় চলছি? ‘সত্যিই, কোথায় চলছি’—এই প্রশ্নের উত্তর এখন কারও কাছেই পাওয়া যায় না। কারণ, উত্তরটি সহজ নয়। এককথায় বলা যায় না। কিন্তু মনে হয় বেশ কিছু ‘শিক্ষিত’ ও বিভ্রাশালী ক্ষমতাবান মানুষের হাতে দেশের সবকিছু চলে গেছে। তারা ও তাদের সমর্থনপুষ্ট চরিত্রনৈতিক দল ও নেতারা ঠিক করছেন, দেশে কারা কতটুকু অধিকার ও সুযোগ নিয়ে টিকে থাকবেন। চেষ্টা করা হচ্ছে দেশে আগ্রাসী, সংখ্যালঘুবিরোধী একটি নতুন ও উগ্র ‘মুসলিম জাতীয়তাবাদ’ তৈরি করতে। কথায় কথায় ধর্মবিদ্বেষ ছড়ানো হচ্ছে। এ ছাড়া সোশ্যাল মিডিয়ায় গালিগালাজ ও অপছন্দের ব্যক্তিদের চরিত্রহননের মচ্ছব তো আছেই। রাজনৈতিক হিসাবটাও পরিষ্কার। মেরুকরণের রাজনীতির ফলে যদি সমস্ত মুসলিম ভোটকে এককাট্টা করা যায়, তা হলে সংখ্যালঘু সত্যিই চ্যালেঞ্জের মুখে করলেও তাদের বিরোধিতা করার কোনো ক্ষমতা থাকবে না। সেই সুযোগে তাদের সহায়-সম্পত্তি গ্রাস করে নেওয়া যাবে, ধর্মপরিচয়ের ভিত্তিতে বাংলায়তাবাদ আর একটি ‘পাকিস্তান’ হয়ে পুনর্জন্ম নেবে!

কিছু মানুষের এমন খায়েশ এবং এই খায়েশ পূরণের পথে নীরব কিন্তু ব্যাপক অভিযাত্রা নিয়ে আসাদের স্বাধীনতার যে গতিমুখ ছিল, তার সঙ্গে ঠিক মানানসই করে : ‘বেড়া তেঙে বুনে মোষ খেয়েছে ফসল/স্বাধীনতা মুক্তিযুদ্ধ সবই কী বিফল’?

আমার বিশ্ববিদ্যালয়, আমার স্মৃতি



টিএসসির মাঠ, সেখান থেকেই নেওয়া জীবন ও জগতের বহু পাঠ

আগে ‘তুমি’তে পদোন্নতি হয়েছে আমার। গত বছর আমার ‘বেলা-অবেলার কথা’ বইয়ের প্রকাশনা উৎসবে প্রধান অতিথি হয়ে এসেছিলেন তিনি।

সম্প্রতি ছেড়ে গেছেন তিনি আমাদের।

বিশ্ববিদ্যালয়ের বহু সাধারণ মানুষের অবিস্মরণীয় চরিত্র আমাকে মানবিক হতে সাহায্য করেছে। অর্থনীতি বিভাগের প্রবাদচরিত্র কানুদাকে কী করে ভুলি? তাঁর মেহ-মমতা আমাকে ঘিরে রেখেছে দীর্ঘ ২৫ বছর-আমার শিক্ষার্থী ও শিক্ষকতা জীবনে। কানুদার পুত্র বাবুল, লাবু, মহসীন আমার আত্মীয়সম। প্রশাসন দপ্তরে খন্দকার সাহেবকে এখানে মনে আছে। বৃত্তির ঢাকা তুলতে তাঁর কাছে যেতাম। তিনি জানতেন, হয়তো আমি একদিন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হব। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের দায়িত্ব ও কর্তব্যের কথা তিনি প্রায়ই স্মরণ করিয়ে দিতেন। সে শিক্ষা আজও ভুলিনি।

সলিমুল্লাহ হলের নাজু দারোয়ানকে দেখে বিষ্ময়ে হতবাক হয়ে গিয়েছিলাম। লম্বা পাণ্ডুর, বিরাট গৌড়ের নাজু দারোয়ানকে এক অবিস্মরণীয় চরিত্র বলে মনে হতো। শুনেছিলাম আমি বিশ্ববিদ্যালয়ে ঢোকার ২২-২৩ বছর আগে শিক্ষার্থী থাকা অবস্থায় আমার বাবাও নাজুকে সলিমুল্লাহ হলে দেখেছিলেন। প্রথম সাক্ষাতে বাবাকে দেখে নাজু

দারোয়ানের চোখে-মুখে সে কী আনন্দের আভা। সে কী যত্ন-আতি আমার। স্বাধীনতার পরে তাঁকে আর দেখিনি। ভুলিনি কানুদাকেও। শিক্ষক থাকাকালে তিনি আমার কক্ষের ঝাড়া-মোছা করতেন। শ্রেণিকক্ষে বক্তৃতা করে ফিরলে প্রায়ই বলতেন তাঁর অননুক্রমণীয় ভঙ্গিতে, ‘স্যার, সব সাফা করে দিছি।’

ঢাকা বিশ্ববিদ্যালয়ে আমার জ্ঞানার বিস্তার এবং আমার সময় কাটানোর পরিসীমার বেশির ভাগই ব্যাপৃত ছিল শ্রেণিকক্ষের বাইরে। ছাত্র-শিক্ষক কেন্দ্রের মাঠ ও মিলনায়তন, গ্রন্থাগারের চাতাল, শরীফ মিয়ার ক্যানার্টন-এসবই ছিল আমার শিক্ষাক্ষেত্র। আভার বড় তুলেছি ছাত্র-শিক্ষক কেন্দ্রের মাঠ ও গ্রন্থাগারের চাতালে-জীবন ও জগতের বহু পাঠ তো সেখান থেকেই নেওয়া। ছাত্র-শিক্ষক কেন্দ্রের মিলনায়তনে বিতর্কের যুক্তিতে পাণিত করেছি নিজের চিন্তাশক্তি ও বলনের ক্ষমতা।

আর শরীফ মিয়ার ক্যানার্টিন? সে ছিল এক মহামিলন ক্ষেত্র। শিল্প-সাহিত্য-সংগীত-চিত্রকলার তীর্থস্থান। কে আসতেন না সেখানে-শেখ লুৎফর রহমান থেকে রফিকুন নবী, কবি নির্মলেন্দু গুণ থেকে শাহরয়ার কবির, মুজাহিদুল ইসলাম সেলিম থেকে মাহফুজ আনাম। আসতেন কবি আবুল হাসান, সোহরাব হোসেন, অজয় রায়, জাহেদুর রহিম, ইকবাল আহমেদ, শওকত আনোয়ার আরও কজন। বাংলা, অর্থনীতি, ইংরেজি আর অন্যান্য বিভাগের দু-এক ক্লাস ওপরের ছাত্রছাত্রীরা আসত আমার সতীর্থরা। যেমন আসতেন রিজওয়ানুল ইসলাম, মোহাম্মদ মুক্তাদা, সেলিম সারওয়ার, হুমায়ুন আজাদ, সৈয়দ মনজুরুল ইসলাম, ম. হামিদ, তেমনি আসত কাজী শহীদুল্লাহ, শেখ কামাল, কায়সার হামিদুল হক, ফিরদৌস মুন্সি। অনুজদের মধ্যে আতিউর রহমান, হোসেন জিব্বর রহমান, আনিস আহমেদ আরও কজন।

দু-একজন মাঝেমধ্যে উঁকি দিলেও মেয়েরা আসত না শরীফ মিয়ায়। তারা ওই গ্রন্থাগারের

চাতালেই বসত। তাদের জন্য চা-বিষ্কুট নিয়ে যাওয়া হতো। হাসিতে-গানে-হই-হল্লায় ভরে যেত চারদিক। মনে আছে ওই চাতালে আসতেই একদিন তাজিন মর্শেদ ‘রঘুপতি রাঘব রাজা রাম’ পুরোটাই গেয়ে আমাদের তাজ্জব বানিয়ে দিয়েছিল। শেখ কামাল কোরাসে ‘পাগলার মন নাচাইয়া, পাগলি গেল চলিয়া’-তারশব্দে চিৎকার করে গেয়েছিল।

শরীফ মিয়ার ক্যানার্টিনে কত-কী যে শিখেছি! হাসান ভাই একদিন ছন্দের শিক্ষা দিয়েছিলেন। আমার বাল্যবন্ধু প্রয়াত শিল্পী হাসি চক্রবর্তী বুঝিয়েছিল রেখার টান বিচারে। শুদ্ধ কবিতার জন্য কবিতা, ছন্দ সংখ্যালঘু সত্যিই শক্ত কবিতা—এ বিতর্কে একদিন রেগেমেগে শাহনূর খান বেরিয়ে গিয়েছিলেন। এক সপ্তাহ কথা বলেননি আমার সঙ্গে। নভেরার ভাঙ্কর্যের ব্যাখ্যা নিয়ে তুমুল আলোচনা হয়েছিল খান মোহাম্মদ ফারাবীর বাদে। ওই চাতালের আড্ডা থেকেই কামাল একদিন ধরে নিয়ে গিয়েছিল এদের ৩২ নম্বরের বাড়িতে, সেই একবারই জীবনে বঙ্গবন্ধুর সঙ্গে কথা বলেছিলাম।

চলতি ২০২১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বয়স ১০০ বছর হলো। ভারতে অবাক লাগে যে গত বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আমারও চেনা-জানার ৫০ বছর পূর্ণ হয়েছে। এই দীর্ঘ সময়ে আমরা বয়সের সূতো ধরে অনেক দূর এগিয়েছি, হারিয়েছি বহু শিক্ষককে, চলে গেছে বহু সতীর্থ বন্ধু। কিন্তু আমরা উনসত্তর আর একাত্তরের সন্তানরা এখনো আছি—হাত ধরে আছি পরস্পরের। যখন পেছন ফিরে তাকাই, মনেই হয় না এত দিন পেরিয়ে গেছে। মাঝে মাঝে ভাবি, আমাদের যে দিন গেছে, তা রাতের তারার মতো, দিনের আলার গভীরে আছে কি না, জানি না। তবে নিশ্চিত জানি, তারা আছে আমাদের সবার হিরণ্ময় স্মৃতিতে।

লেখক : ভূতপূর্ব পরিচালক, মানব উন্নয়ন প্রতিবেদন দপ্তর এবং দারিদ্র্য বিমোচন বিভাগ, জাতিসংঘ উন্নয়ন শাখা চিফ নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র।

TUITION FREE TAX SCHOOL *

লিবার্টি ট্যাক্স স্কুল



BECOME A TAX PROFESSIONAL

Complete our Income Tax Course

And Join America's Fastest Growing Tax Preparation
Company for the Upcoming Tax Season.

Day, Evening & Weekend Classes are available for your convenience.

Please Contact : **718-297-3500**

LIBERTY TAX SERVICE

147-20 Hillside Ave, 2nd Floor, Jamaica NY 11435

Email: libertytaxschool101@gmail.com

(ভাঙ্গমহল রেস্টুরেন্টের উল্টো দিকে)

(One Block East From Sutphin Blvd on the corner of Hillside Ave.
Train Station, Close by F & E Train)

* The Tuition Fee is Free. The cost for books and materials varies per location.

ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার

স্থান পরিবর্তন

অফিসঃ ৩৭-২৯, ৭২ স্ট্রিট
১ম তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক

- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, বাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকোজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরনের ইন্সুরেন্স গ্রহণ করা সহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোনঃ ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩

জান্নাত ফার্মেসি

(জ্যাকসন হাইটসে সম্পূর্ণ বাংলাদেশী মালিকানাধীন প্রতিষ্ঠান)
GRAND RE-OPENING SALESআপনার সেবায় আমরা নিয়োজিত
Now We Accept EBT, FOOD STAMP & OTC CARD
Bill Pay & Flexiload
Sim Activation
বাংলাদেশের ফোনে ফ্লেক্সিলোড72-03 35th Ave, (Corner of 72nd St.) Jackson Heights, NY 11372
Tel: 718-732-4288, 718-835-2041, Fax: 718-732-4287,
Email: jannatpharmacy@gmail.comঔষধ সেবনের নির্দেশনা বাংলায় দেই
Free Delivery!
10% SENIOR DISCOUNT
Halal Vitamin & Supplements
5¢ Copy & \$1 Fax
Phone Cards & Flexiload
Huge 99¢ Sections
Open: Monday – Saturday
10:00 am to 8:00 pmউডসাইডে আপনাদের পাশে
Bismillah Pharmacy
6409 Broadway woodside
NY 11377
Phone 718-685-2017

জামাইকার সাটফিন বুবার্ডে বাংলাদেশীদের সেবায় নিয়োজিত

আস-সালাম ফার্মেসি

(সাটফিন বুবার্ড, এফ ট্রেনের
সাবওয়ে এবং তাজমহল
রেস্টুরেন্টের নিকটে)
১৪৭-২৬, হিলসাইড এভিনিউ,
জামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫

ফোনঃ ৭১৮-২৯১-০৭১৭

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE BANKING DEPARTMENT
OF THE STATE OF NEW YORK, NEW JERSEY, GEORGIA, MARYLAND & MICHIGANসোনালী এক্সচেঞ্জ প্রবাসে আপনার
সবচেয়ে পুরনো ও বিশ্বস্ত বন্ধুঘরে বসে এখন Apps এর মাধ্যমে
দেশে টাকা পাঠানো যাবে। এই জন্য
আই ফোন এবং এনড্রয়েড ফোনে
প্লে স্টোরে গিয়ে ডাউনলোড করতে হবে

এর Apps টি

- ✓ যুক্তরাষ্ট্রে বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান
- ✓ সর্বোচ্চ বিনিময় হার ও সর্বনিম্ন ফি।
- ✓ সরকারী নিরাপত্তায় আপনার প্রেরিত অর্থ সম্পূর্ণ নিরাপদ ও আয়কর মুক্ত।
- ✓ বাংলাদেশের সর্বত্র ক্যাশ পিক-আপ।
- ✓ যে কোন ব্যাংক একাউন্টে টাকা পৌঁছে যায় অতি দ্রুত।
- ✓ ঘরে বা অফিসে বসেও অনলাইনের মাধ্যমে রেমিটেন্স করা যায়।

লগ ইন করুন: www.sonaliexchange.com

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA
718-777-7001ATLANTA
770-936-9906BROOKLYN
718-853-9558JACKSON HTS
718-507-6002BRONX
718-822-1081JAMAICA
347-644-5150MANHATTAN
212-808-0790MICHIGAN
313-368-3845OZONE PARK
347-505-8670PATERSON
973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

Law Offices

এক্সিডেন্ট কেইসেস

মেডিক্যাল ম্যালপ্র্যাকটিস ও হাসপাতালের ত্রুটিপূর্ণ শিশুর জন্ম

917-282-9256

(To schedule appointment only)

বিনামূল্যে পরামর্শ, প্রয়োজনে এটর্নী আপনার বাসায় অথবা হাসপাতালে আসবেন



Moin Choudhury, Esq.
Attorney at Law
এটর্নী মঈন চৌধুরী

আমরা অতীতে
আমাদের ক্লায়েন্টদের
জন্য মিলিয়ন মিলিয়ন
ডলার আদায়
করে দিয়েছি।

নিউইয়র্ক, নিউজার্সি, মিশিগান
পেনসিলভেনিয়া, কানেকটিকাট, ফ্লোরিডা
জর্জিয়া ও ভার্জিনিয়াতে
আমাদের সহযোগী - লাইসেন্স প্রাপ্ত এটর্নীরা
আপনাদের সেবায় নিয়োজিত



Timothy Bompert, Esq.
Attorney at Law



◆ গাড়ী দুর্ঘটনা
বিল্ডিং এ দুর্ঘটনা,
কাজের জায়গায় দুর্ঘটনা
ট্রিপ এন্ড ফল
বিকলাঙ্গ শিশুর জন্ম

এপয়েন্টমেন্টের
জন্য কল করুন

৯১৭-২৮২-৯২৫৬

◆ কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
◆ স্লিপ এন্ড ফল
◆ হাসপাতালে ভুল চিকিৎসা
◆ লেড পয়জনিং

IMMIGRATION

- স্টুডেন্ট ভিসা
- ডিপোর্টেশন কেইসেস
- ইন্ভেস্টমেন্ট ভিসা
- ভিজিট ভিসা - এক্সটেনশন সহ
- বৈবাহিক সূত্রে গ্রীন কার্ড
- সকল প্রকার ইমিগ্রেশন

সকল প্রকার ইমিগ্রেশন বিষয়ে কনসালটেশন ফি ন্যূনতম ৫০ ডলার

Law offices of Timothy Bompert

37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Moin Choudhury Law Firm, P.C 292000 Southfield Road, Suite # 108, Southfield, MI 48076

Immigration Petitions & Adjustment of Status.

Timothy Bompert is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court. Prior result do not guarantee the outcome of any future cases.



আলোচনা সভায় জাতীয় পার্টি যুক্তরাষ্ট্র শাখার নেতারা

জাতীয় পার্টির উপজেলা দিবস পালিত

রেজওয়ানা আলম

জাতীয় পার্টি যুক্তরাষ্ট্র শাখা নিউইয়র্কে বাংলাদেশের উপজেলা দিবস পালন করেছে। ২৩ অক্টোবর সন্ধ্যা সাতটায় জ্যাকসন হাইটসের নবান্ন রেস্টুরেন্টে বাংলাদেশের উপজেলা দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জাতীয় পার্টি যুক্তরাষ্ট্র শাখার সভাপতি আবদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভা পরিচালনা করেন জাতীয় পার্টি যুক্তরাষ্ট্র শাখার সাধারণ সম্পাদক আবু তালেব চৌধুরী।

সভায় বক্তারা বলেন, ৬৮ হাজার গ্রাম বাঁচলে বাংলাদেশ বাঁচবে। বাংলাদেশের ৪৬০টি উপজেলা ব্যবস্থার প্রবর্তক প্রয়াত সাবেক রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ আজকের এই দিনে ২৩ অক্টোবর বাংলাদেশের উন্নয়নের ইতিহাসে একটি মাইল ফলক স্থাপন করেন। এই দিনটি বাংলাদেশের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ দিন হিসেবে স্থান করে নিয়েছে। এ কারণে বাংলাদেশের উন্নয়নের ইতিহাসের সঙ্গে হুসেইন মুহম্মদ এরশাদের নাম চিরদিন স্মরণীয় হয়ে থাকবে। তাঁর একটি সিদ্ধান্ত বদলে দেয় স্বাধীনতা পরবর্তী ক্ষতবিক্ষত বাংলার রূপ। হুসেইন মুহম্মদ এরশাদের উপজেলা গঠনের সিদ্ধান্ত প্রশাসনকে বিকেন্দ্রীকরণ করে ৬৪টি জেলাকে ৪৬০টি উপজেলায় রূপান্তরিত করে। এরশাদ ৪৬০টি উপজেলা স্থাপনের ফলশ্রুতিতে প্রশাসনই শুধু গ্রামের মানুষের কাছে যায়নি, উন্নয়নের বিজয়ের কাঠি চলে গিয়েছিল গ্রামের জনগণের দোরগোড়ায়। বিচারব্যবস্থা পৌঁছে গেছে প্রতিটি উপজেলায়।

বক্তারা বলেন, এরশাদ উপজেলা স্থাপন করে প্রত্যেকটি উপজেলায় উপজেলা কমপ্লেক্স নির্মাণ করেন। জেলা সদরের সঙ্গে প্রত্যেকটি উপজেলার যোগাযোগের রাস্তা, ব্রিজ, কালভার্ট নির্মাণসহ গ্রামের রাস্তা-ঘাটের ব্যাপক উন্নয়ন সাধন করেন। ৬৮ হাজার গ্রামের উন্নয়ন হয়েছে শহরের আমেজে। প্রতিটি ইউনিয়ন একটি করে কুটির শিল্প স্থাপন করেছিলেন হুসেইন মুহম্মদ এরশাদ। তিনি প্রতিটি গ্রামের উন্নয়ন করেছিলেন বলেই বাংলার জনগণের কাছে তিনি আজও পল্লীবন্ধু নামে সবার প্রিয় নেতা হিসেবে সমাদৃত।

আলোচনা সভায় উপস্থিত থেকে বক্তব্য রাখেন—জাপার উপদেষ্টা সৈয়দ শওকত আলী, উপদেষ্টা গিয়াস মজুমদার, জাপার সিনিয়র সহসভাপতি জসিম চৌধুরী, সহসভাপতি হারিস উদ্দিন আহমেদ, সহসভাপতি মো. সেলিম উদ্দিন, জাপার যুগ্ম সাধারণ সম্পাদক আসেফ বারী টুটুল, যুগ্ম সাংগঠনিক সম্পাদক মীর জাকির, প্রচার সম্পাদক শাহজাহান সাজু, দপ্তর সম্পাদক আকতার কবির, কোষাধ্যক্ষ জি এম ইলিয়াছ, যুববিষয়ক সম্পাদক শফি সাদীক, আপ্যায়ন বিষয়ক সম্পাদক মহীসিন আলী, যুগ্ম আপ্যায়ন সম্পাদক আবুল কাশেম, জাতীয় যুব সংহতির সাধারণ সম্পাদক এ কে এম খাইরুল আলম, জাতীয় শ্রমিক পার্টির সভাপতি আবদুর রহমান, নিউইয়র্ক স্টেট সভাপতি মো. হানিফ, নিউইয়র্ক সিটি সভাপতি শুভংকর গাঙ্গুলী, মহিলা সভানেত্রী নার্গিস রহমান, সাধারণ সম্পাদক শাহানাজ বেগম, নাজিম উদ্দিন, হেলাল মাহমুদ প্রমুখ।



বিএনপির নেতা আসাদ উদ্দিন আর নেই

উত্তর আমেরিকা অফিস

বিএনপির প্রবীণ নেতা আসাদ উদ্দিন (বটল মিয়া) ২৪ অক্টোবর রাতে নিউইয়র্কের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইম্মা লিল্লাহি ওয়া ইম্মা ইলাইহি রাজিউন)।

মৌলভীবাজার জেলার বড়লেখা ও জুড়ি উপজেলা থেকে নির্বাচিত সাবেক উপজেলা চেয়ারম্যান মরহুম আসাদ উদ্দিন মিশিগান বিএনপির সাধারণ সম্পাদক ও মিশিগান বাংলা প্রেসক্লাবের সহসভাপতি এনটিভির প্রতিনিধি সাংবাদিক সেলিম আহমদের বাবা।

আসাদ উদ্দিন নিউইয়র্কে ব্রঙ্কসের পার্কচেস্টারে স্থায়ীভাবে বসবাস করে আসছিলেন। মরহুমের প্রথম জানাজা ২৫ অক্টোবর পার্কচেস্টার জামে মসজিদে অনুষ্ঠিত হয় এবং দ্বিতীয় জানাজা একই দিন বিকালে ওজোন পার্ক আল আমান জামে মসজিদে অনুষ্ঠিত হয়। জানাজা শেষে তাঁর মরদেহ দাফনের জন্য বাংলাদেশে নিয়ে যাওয়া হবে। সেখানে জানাজা সম্পন্ন হওয়ার পর তাঁর গ্রামের বাড়ি মৌলভীবাজারের বড়লেখা উপজেলার বড় ধামাইল গ্রামে পারিবারিক গোরস্থানে তাঁকে চির নিদ্রায় শায়িত করা হবে বলে পারিবারিক সূত্রে জানা গেছে।

তাঁর মৃত্যুতে মিশিগান বাংলা প্রেসক্লাব গভীর শোক প্রকাশ করেছে।

বিচারপতি খিজির আহমদ চৌধুরীকে সংবর্ধনা

আবদুস শহীদ

বাংলাদেশ সুপ্রিম কোর্টের বিচারপতি খিজির আহমদ চৌধুরীর সম্মানে ২৫ অক্টোবর রাতে জ্যাকসন হাইটসে এক সংবর্ধনা সভা অনুষ্ঠিত হয়েছে। জালালাবাদ ল' সোসাইটি ইউএসএ এই সংবর্ধনা সভার আয়োজন করে।

জালালাবাদ ল' সোসাইটির সভাপতি এমাদ উদ্দিনের সভাপতিত্বে ও জালালাবাদ ল' সোসাইটির সাধারণ সম্পাদক সুফিয়ান আহমদ চৌধুরীর উপস্থাপনায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অ্যাটর্নি মর্দন চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ সুপ্রিম কোর্টের আইনজীবী শেখ আখতার উল ইসলাম ও বাংলাদেশ ল' সোসাইটি ইউএসএর সভাপতি নাসির উদ্দিন।

সংবর্ধনা সভায় বক্তব্য রাখেন— বাংলাদেশ ল' সোসাইটির সহসভাপতি সৈয়দ নজরুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক আবদুল ওয়াহিদ, জালালাবাদ ল' সোসাইটির সহসাধারণ



বিচারপতি খিজির আহমদ চৌধুরী ও মর্দন চৌধুরীকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়

সম্পাদক মো. আবদুস শহীদ আজাদ, সাংগঠনিক সম্পাদক নূরুল ইসলাম ময়নুল, কার্যকরী সদস্য আশিক খান, বিচারপতি খিজির আহমদ চৌধুরীর মেয়ে অ্যাটর্নি জিনাত জাহান, বালাগঞ্জ ওসমানীনগর অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি আজিজ আহমদ ছালিক প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতে সংবর্ধিত অতিথি বিচারপতি খিজির আহমদ চৌধুরী ও প্রধান অতিথি অ্যাটর্নি মর্দন চৌধুরীকে জালালাবাদ ল' সোসাইটির পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। অনুষ্ঠানের শেষে উপস্থিত সবাইকে নেশভোজে আপ্যায়ন করা হয়।

নিউইয়র্কে আবার মনোজ মিত্রের নাটক

মনিজা রহমান

নিউইয়র্ক শহরে আসার পরে যে নাটকটি দেখে সত্যিকার অর্থে তৃপ্তি পেয়েছিলাম, সেটি ছিল মনোজ মিত্রের লেখা 'স্মৃতিসুধা'। শৈশব থেকে টেলিভিশনে যাদের অভিনয় দেখে বড় হয়েছি, সেই জামাল উদ্দিন হোসেন ও রওশন আরা হোসেন ছিলেন নাটকের মূল চরিত্রে। নাগরিক নাট্যাঙ্গন অনসাম্বলের হয়ে নির্বেদিত এই নাটকটি বেশ গভীরভাবে প্রভাব ফেলেছিল সেবার মনে। আগামী ৬ নভেম্বর মনোজ মিত্রের লেখা আরেকটি নাটক 'বৃষ্টির ছায়াছবি' দিয়ে আত্মপ্রকাশ করতে চলেছে নতুন নাটকের গ্রুপ নাগরিক অনসাম্বল।

কলকাতায় ২০০২ সালে দর্পণে শরৎশর্মা নাটক দিয়ে মনোজ মিত্রের সঙ্গে আমার প্রথম পরিচয়। লোকে বিয়ের পরে হানিমুনে ব্যাকক-কুয়ালালামপুরে যায়, আমি গিয়েছিলাম কলকাতায়। এত দিন যেসব রাস্তা ঘাট আর বিখ্যাত জায়গার নাম উপন্যাসের পাতায় পড়েছি, চোখের সামনে তাদের দেখে তো সেবার আনন্দে আনন্দে আটখানা।

সেবার নন্দনে অনুষ্ঠিত নাটকটির কেন্দ্রীয় চরিত্র শরৎশর্মার মুখে বলতে শোনা যায়-মেহেরপুরের আমঝুঁপি থানার নীলকুঠি থেকে কলকাতায় এসেছে ও। শুনে দর্শক আসনে বসা আমার স্বামী আনন্দে উত্তেজনায় দাঁড়িয়ে গিয়েছিল। বাংলাদেশ থেকে এত দূরে এসে শুনেছি কিনা নিজের এলাকার কথা! পরে জেনেছি নাট্যকার মনোজ মিত্রের জন্মস্থান বাংলাদেশের সাতক্ষীরা জেলার এক গ্রামে।

সম্প্রতি ব্রঙ্কসে বাফার সাংস্কৃতিক চর্চা কেন্দ্রে 'বৃষ্টির ছায়াছবি' নাটকের মহড়া দেখার সৌভাগ্য হলো। নাটকটি দেখতে দেখতে মনে হলো-একটি সফল ট্রাজেডির যে ধরনের বেশিষ্ট থাকা দরকার যেন তার সবকিছুর সন্মিলন পেলাম মনোজ মিত্রের নাটক 'বৃষ্টির ছায়াছবি' তে। বারবার মনে করিয়ে দিল সফোক্লিসের বিখ্যাত নাটক 'ইডিপাস' এর কথা।

নাটকটি শুরু হয়েছিল 'আমাকে ক্ষমা করো ইডিপাস' সংলাপটি দিয়ে। নিজের বাড়ির বৈঠকখানায় রিহার্সাল করছিলেন বৃষ্টির ছায়াছবি নাটকের কেন্দ্রীয় চরিত্র চন্দন। নাটকেও পেশায় তিনি একজন নাট্যাভিনেত্রী। সফোক্লিসের 'ইডিপাস' নাটকের 'জোকাস্টা' চরিত্রের জন্য নিজেকে তৈরি করছিলেন তিনি। গ্রিক এই ট্রাজেডিতে ভয়ংকর কুৎসিত একটি সম্পর্কের কথা বলা হয়েছে। ইডিপাস না জেনে তার আপন জন্মদাতা পিতাকে হত্যা করে রাজা হয় এবং নিজের জন্মদাত্রী মা জোকাস্টাকে বিয়ে করে। পরে যখন আসল সত্যটা জানতে পারে, রানি জোকাস্টা লজ্জায়-ঘৃণায় আত্মহত্যা করেন। ইডিপাস 'বীর' হওয়ার কারণে, আত্মহত্যাকে বেছে না নিয়ে নিজের দুই চোখ অন্ধ করে দেয়।

বৃষ্টির ছায়াছবি নাটকে নায়ক তার শৈশব-কৈশোরের প্রেমিকাকে বিয়ে করে একটি সুখী জীবনের স্বপ্ন দেখে। সে স্বীকে বাড়িতে রেখে চাকরি নিয়ে শহরের বাইরে যায়। ছুটিতে বাড়ি এসে সেও এক কুৎসিত সত্যকে উপলব্ধি করে। প্রচণ্ড ঘৃণার সঙ্গে সত্যকে হাজির হয় খ্যাপাতে এক লোক। সে চন্দনকে নিজের স্বী হিসেবে অভিহিত করতে থাকে। লোকটা বলে সে পাতিনা পাগলা গারদ থেকে ছাড়া পেয়েছে সম্প্রতি। আর একটা প্রশ্ন সে বারবার



করতে থাকে—'আমাকে চিনতে পারো?'। চন্দনা প্রথমে মজা করার জন্য লোকটির সব কথায় সাই দেয়। পরে তার মনে হতে থাকে—লোকটা কি পাগল, নাকি সুস্থ? এই প্রশ্নের মধ্য দিয়ে এগিয়ে যায় পুরো নাটক। পুরো নাটকটির মূল চরিত্র এই বৈঠকখানায় এক সন্ধ্যায় শুরু ও শেষ হয়। খাপাতে লোকটি একটা ধাঁধার মতো। সে বলে, 'পাগলামি এমন একটা রোগ যেটা কখনো সারে না। সারলেও মনে হয় রয়ে গেছে।' নাটকটি ক্রমশ চূড়ান্ত পরিণতি পায়। চন্দনা যাকে ভালোবাসে, সেই নাটকের প্রযোজক রতন বাবুর কাছে সে সম্মান পায় না। বড়-বৃষ্টির রাত হওয়া সত্ত্বেও রতন বাবু চন্দনকে নিজের গাড়িতে করে নাটকের সেটে নিয়ে যায় না। কারণ সে চন্দনকে একজন 'রক্ষিতা' ছাড়া বেশি কিছু মনে করে না। রতন বাবুর এই অস্বীকৃতি চন্দনার 'আত্মসম্মানবোধ' কে জাগিয়ে তোলে। ধীরে ধীরে অন্ধত্ব একটা মায়ার টান বোধ করে অচেনা মানুষটির প্রতি। কারণ দুজনেই মনের দিক থেকে নিঃসঙ্গ, প্রিয় মানুষদের কাছ থেকে প্রতারিত।

এক সময় পুলিশের দারোগা এসে খ্যাপাতে লোকটির আসল পরিচয় জানায়! চন্দনা তখন লোকটিকে বারবার জিজ্ঞাসা করে, 'তুমি পাগল, নাকি সুস্থ?' লোকটি কোনো উত্তর দেয় না। নীরবে গিয়ে পুলিশের গাড়িতে ওঠে। তখন চন্দনা বলে, 'তুমি কিছু না বলে বুঝিয়ে দিয়ে গেলে তোমার মাথা সবচেয়ে সজাগ'। এই সংলাপটিই নাটকের 'আয়রনি' মনে হয়। যখন খ্যাপাতে লোকটি অনবরত কথা বলছিল, তখন তাকে পাগল বলে মনে হচ্ছিল। যখন নিচুপ হয়ে যায়, বোঝা যায় সে আসলে পাগল ছিল না। সেও ইডিপাসের নাটকে অন্ধ গণক টিরেসিয়াস যখন ইডিপাসকে বলে, 'তুমি অন্ধ। তুমি জানো না কী ভয়ংকর পাপ তুমি করেছ!' ইডিপাস তখন বাহ্যত অন্ধ ছিল না। কিন্তু নাটকের শেষে আসল সত্যটা জানার পরে ইডিপাস নিজের দুই চোখ অন্ধ করে দেয়। তখন সে বাহ্যত অন্ধ হলেও তার অন্তর্দৃষ্টি ছিল খোলা। সফোক্লিসের নাটকের 'আয়রনি' সেখানেই।

'দর্পণে শরৎশর্মা' ও 'স্মৃতি সুধা'র পরে 'বৃষ্টির ছায়াছবি' আমার দেখা মনোজ মিত্রের তৃতীয় নাটক। এই নাট্যকারের নাটকের সংলাপ ও কাহিনীর রহস্যময়তা আমাকে বরাবর আকৃষ্ট করে। তাঁর লেখা সংলাপগুলোতে যেমন আছে নাট্য গুন, তেমন সাহিত্য গুন। আশা করি এই নাটকটি সবার ভালো লাগবে। এই নাটকটির নির্দেশনা ও মূল চরিত্র চন্দনার ভূমিকায় অভিনয় করেছেন শরিন বকুল। খ্যাপাতে লোকটির চরিত্রে রূপদানকারী খরিফ হোসেনের হাত ধরেই মূলত নিউইয়র্ক শহরে নাগরিক অনসাম্বলের যাত্রা শুরু। শুক্লা রায়, বোথারি ও নজরুল ইসলামকে এই নাটকে তিনটি গুরুত্বপূর্ণ চরিত্রে দেখা যাবে।

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোথ্রাম, ইকেজি, ফ্লু, হজ্জ ভ্যাকসিন দেয়া হয়

আমরা প্রায় সব ধরনের ইন্সুরেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500

Cell- 718-864-8882

ASTORIA OFFICE:

30-04, 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500

JAMAICA OFFICE:

170-12 Highland Avenue
Jamaica Estates, NY- 11432
www.drmmrahman.com



‘বিউটি দাশ লাইভ ইন কনসার্ট’ শিরোনামে এ সংগীতানুষ্ঠান নিয়ে স্বদেশি জনসমাজের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা দেখা দিয়েছে। তামালা করিম নামের একজন সংগীত অনুরাগী জানান, সন্তোষে নগরের স্বদেশি এলাকায় অনেক অনুষ্ঠান থাকে। বিউটি দাশকে একজন ভালো সংগীত শিল্পী



হিসেবে মূল্যায়ন করার জন্যই তিনি শনিবারের কনসার্টে দর্শক হিসেবে যোগ দেবেন।

কনসার্টের প্রস্তুতি নিয়ে ব্যস্ত সময় কাটাচ্ছেন শিল্পী বিউটি দাশ। ২৪ অক্টোবর এ প্রতিবেদককে তিনি জানান, নিউইয়র্কের জনসমাজের সঙ্গে নিজের বন্ধনটা শুধু শিল্পীর নয়। দীর্ঘদিন থেকে বসবাস করা এ নিউইয়র্কে স্বদেশিরা দেশের সংগীতকে ধারণ করেন বৃকের মধ্যে। দূর দেশে অবস্থান করেও দেশের সংস্কৃতি ও সংগীতকে ধারণ করা জনসমাজের প্রতি শ্রদ্ধা জানিয়ে বিউটি দাশ জানান, কনসার্ট নিয়ে নিজে বেশ উত্তেজিত। সফল করার জন্য তিনি ব্যাপক প্রস্তুতি নিয়েছেন। নগরের কুইন্সে ১৪ ইউনাইটেড ন্যাশনস অ্যাভিনিউ ‘এস’ ঠিকানার কুইন্স থিয়েটারে ভক্তসহ নগরের জনসমাজের অগ্রসরজনদের উপস্থিতি কামনা করেছেন শিল্পী বিউটি দাশ।

নারায়ে তাকবীর
আল্লাহ আকবর

বিস্মিল্লাহির রাহমানির রাহিম
আসসালামু আসসালামু আলাইকা ইয়া রাসূলুলাহ (সঃ)
আসসালামু আসসালামু আলাইকা ইয়া হাবীবুলাহ (সঃ)

নারায়ে রেসালাত
ইয়া রাসূলুলাহ (সঃ)

পবিত্র ইদে মিলাদুল্লাহী (সঃ)

৩ চট্টগ্রামের ঐতিহ্যবাহী মেজবান

মুধী
আমআনামু আনাহিকুম
আগামী ৩১ অক্টোবর ২০২১, রবিবার, বাদ আছর ২৪ রবিউল আওয়াল ১৪৪৩ প্রতিবারের মত ঐদে মিলাদুল্লাহী (সঃ) অর্গানাইজিং কমিটি অব নর্থ আমেরিকা কর্তৃক পবিত্র ঐদে মিলাদুল্লাহী (সঃ) ও চট্টগ্রামের ঐতিহ্যবাহী মেজবান এর আয়োজন করতে যাচ্ছে।

উক্ত আয়োজনে আপনি/আপনারা স্বপরিবারে আমন্ত্রিত।

প্রধান অতিথি
আওয়ালে রাসুল (সঃ)
মাওলানা ড. আহম্মদ এরশাদ আহম্মেদ আল বোখারী
প্রতিষ্ঠাতা সভাপতি, ইসলামীক রিসার্চ সেন্টার, দিনাজপুর, বাংলাদেশ

প্রধান বক্তা
ডাঃ মুফতী সৈয়দ আনসারুল করিম আল-আজহারী
পরিব-আহলে পাইয়াক আলমে মসজিদ, উডসাইড, নিউইয়র্ক

সভাপতিত্ব করবেন
আব্দুলামা জালাল সিদ্দিকী
খবীরা: গার্ডিয়ান আলমে মসজিদ এন্টেরিয়া, সভাপতি- গলামা সোসাইটি, ইউএসএ,

স্থান:
নবাব রেস্টুরেন্ট (খাবার বাড়ী)
জ্যাকসন হাইটস, কুইন্স, নিউ ইয়র্ক

নাত
পরিবেশনায়
আল কোরআন একাডেমী
BSSNA

Contact: 203-918-8005, 917-691-7721

Eid-E-Miladun-Nabi (SM)
Organizing Committee of North America, Inc.



৫ দিব্যাসী নিউ ইয়র্ক বাংলা বইমেলা

২৮ অক্টোবর থেকে ১ নভেম্বর, ২০২১

উদ্বোধক: আসাদ চৌধুরী, কবি

প্রধান অতিথি: কে এম খালিদ

প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

বিশেষ অতিথি:

আবদুল গাফফার চৌধুরী, একুশের গানের রচয়িতা (ভার্চুয়াল)

শহীদুল ইসলাম, রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন

মুহম্মদ নূরুল হুদা, মহাপরিচালক, বাংলা একাডেমী

হারুন হাবীব, লেখক, সাংবাদিক

মিনার মনসুর, পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র

সম্মানিত অতিথি:

মনিরুল হক, নির্বাহী, বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশনা সমিতি

আলমগীর শিকদার লোটন,

প্রাক্তন সভাপতি, বাংলাদেশ পুস্তক প্রকাশনা ও বিক্রেতা সমিতি

জসিম উদ্দিন, প্রকাশক, কথাপ্রকাশ

হুমায়ূন কবীর ঢালী, লেখক, প্রকাশক, অম্বয় প্রকাশ

জাফর আহমদ রাশেদ, কবি, প্রকাশক, বাতিঘর

উদ্বোধন: ২৮ অক্টোবর, বৃহস্পতিবার, সন্ধ্যা ৬টা থেকে রাত ১১টা

LaGuardia Airport Marriott

102-05 Ditmars Blvd, East Elmhurst, NY 11369

বইমেলা: ২৯ অক্টোবর থেকে ১ নভেম্বর, বিকেল ৩টা থেকে রাত ১০টা

Jewish Center of Jackson Heights

37-06 77th St, Jackson Heights, NY 11372

সাংস্কৃতিক আয়োজন:

বাংলাদেশ একাডেমি অব ফাইন আর্টস

শিল্পী নবনীতা চৌধুরী, উপস্থাপক পুনম প্রিয়াম

শিল্পী রথীন্দ্রনাথ রায়, শিল্পী শহীদ হাসান

শিল্পী কাদেরী কিবরিয়া এবং অন্যান্য শিল্পীবৃন্দ



আপনাদের সকলকে নিউ ইয়র্ক বাংলা বইমেলায় দাদর আমন্ত্রণ।

– ড. নূরন নবী, আহ্বায়ক, নিউ ইয়র্ক বাংলা বইমেলা ২০২১

অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য যোগাযোগ:


মুক্তিযুদ্ধের কবিতা ও স্বরচিত কবিতা: মনজুর কাদের 646-575-9589, নতুন বই: আদনান সৈয়দ 646-379-8672

অন্যান্য: 609-529-5065, 516-754-7097, 610-203-9695, 917-655-9311, 347-656-5106, 646-270-0676

বইমেলায় যারা সরাসরি যোগ দিতে পারছেন না তাদের জন্য থাকছে

অনলাইনে ৫০টি প্রকাশনা সংস্থার বই ক্রয় করার সুযোগ: www.nyboimela.com

Principal Patrons:



Media Partners:



আয়োজক:  মুক্তধারা ফাউন্ডেশন

ন্যানোটেকনোলজিতে সফল

শেষ পৃষ্ঠার পর

প্রতিনিয়ত কাজ করছেন অতি ক্ষুদ্র অণু-পরমাণু নিয়ে। ক্ষুদ্রাতিক্ষুদ্র অণু-পরমাণুই তাঁকে স্বপ্ন দেখায় বড় কিছু করার, মানবজাতির উৎকর্ষ সাধনে অবদান রাখার। অনেকটা নিভুতে গবেষণা এবং নিত্য নতুন আবিষ্কার চালিয়ে যাচ্ছেন। পাদপ্রদীপের আলোয় থাকতে অপছন্দ করা বাংলাদেশি-আমেরিকান এই অধ্যাপকের জন্ম ১৯৭০ সালে নোয়াখালীতে। ১৯৭৭ সালে সপরিবারে ঢাকার আগারগাওয়ে চলে আসেন। শৈশবে আগারগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পড়াশোনা করেছেন। বাবার কর্মসংস্থান ছিল লিবিয়ায়। তাই বাবার পরামর্শেই ক্যাডেট কলেজে ভর্তি হওয়ার সিদ্ধান্ত নেন। রাজশাহী ক্যাডেট কলেজে পড়ার সুবাদে বাংলাদেশের বিভিন্ন জায়গা থেকে আসা মেধাবী শিক্ষার্থী আর অত্যন্ত আন্তরিক শিক্ষকদের সংস্পর্শে থাকায় অনেক কিছুই শিখতে পারেন তিনি। বলা হয়, ভোরের সূর্য দেখেই নাকি বলা যায় দিনটি কেনম যাবে। সাইফ ইসলামের বেলায় প্রবাদটি যেন পূর্ণতা পেয়েছে। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় রাজশাহী ক্যাডেট কলেজ থেকে ১৯৮৬ ও ১৯৮৮ সালে রাজশাহী বিভাগে মেধাতালিকায় প্রথম হওয়ার পাশাপাশি নম্বরের দিক দিয়েও সারা বাংলাদেশে প্রথম হওয়ার গৌরব অর্জন করেন তিনি।

উচ্চমাধ্যমিক পাস করে ভর্তি হয়েছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ে। কিন্তু তৎকালীন সময়ে রাজনৈতিক অস্থিতিশীলতার জন্য সারা দেশের পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতিও ছিল খুব ভয়াবহ। নিজ চোখের সামনে মারামারি, হত্যা শাস্ত শিষ্ট এই মানুষ নিজের মনকে আর শান্ত রাখতে পারেননি। তাই ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার কিছুদিনের মধ্যেই বৃত্তি নিয়ে তুরস্কে পড়তে চলে যান। ১৯৮৯ সালে টার্কি মিডল ইস্ট টেকনোলজি ইউনিভার্সিটিতে পদার্থবিজ্ঞানে স্নাতক শুরু করেন। বাংলাদেশ থেকে যিনি ভয়ে দেশ ছেড়ে চলে যান সেখানে সম্পূর্ণ অপরিচিত এক দেশে গিয়ে সেখানকার পরিবেশ, মানুষের আতিথেয়তা, সাহায্যপরায়ণতা তাঁকে খুবই অভিভূত করেছে। বাইরের দেশে তুমারপাতের সময় সাধারণত মো-বুট পড়তে হয়। বাংলাদেশ থেকে তখন সবমাত্র এসেছেন এবং তাঁর যে মো-বুট নেই এক ভদ্রলোক তা লক্ষ্য করেছিলেন। শেষ পর্যন্ত নিজের নাম পরিচয় গোপন রেখে একদিন তাঁর ডেস্কের ওপর নতুন জুতা রেখে যান। এমন আন্তরিকতা তাঁকে খুবই বিস্মিত করেছিল। ১৯৯৪ সালে সর্বোচ্চ সম্মান নিয়ে স্নাতক শেষ করার পর ১৯৯৬ সালে তুরস্কের বিলকেন্ট বিশ্ববিদ্যালয় থেকে পদার্থবিজ্ঞানে স্নাতকোত্তর শেষ করেন। তুরস্ক দেশ এবং মানুষের প্রতি এতটাই ভালোবাসা জন্মেছিল, ইচ্ছা ছিল এখানেই থেকে যাবেন। কিন্তু শেষ পর্যন্ত উচ্চশিক্ষার্থে পাড়ি জমান আমেরিকায়। ইউনিভার্সিটি অব ক্যালিফোর্নিয়া লস আঞ্জেলেস থেকে তড়িৎ কৌশলের ওপর ১৯৯৯ সালে মাস্টার্স এবং একই বিশ্ববিদ্যালয় থেকে ২০০১ সালে পিএইচডি শেষ করেন।

পিএইচডি শেষ করার পরপরই শুরু হয় তাঁর বর্ণাঢ্য কর্মজীবন। ২০০১ সালের জানুয়ারি থেকে ২০০৪ সাল পর্যন্ত সিলিকন ভ্যালিতে জেডিএস ইউনিফেক্স এবং হিউলেট প্যাকার্ড (এইচপি) ল্যাবে কাজ করেন। নিজের অর্জিত জ্ঞান শিক্ষার্থীদের মাঝে ছড়িয়ে দেওয়া এবং শিক্ষার্থীদের গবেষণায় সাহায্য করার জন্য পরবর্তীতে শিক্ষকতা এবং গবেষণাকে পেশা হিসেবে বেছে নেন তিনি। ২০০৪-২০০৮ সালে ইউনিভার্সিটি অব ক্যালিফোর্নিয়া ডেভিসে ইলেকট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক হিসেবে দায়িত্ব পালন করেন। তারপর ২০০৮-২০১১ সাল পর্যন্ত সহযোগী অধ্যাপক হিসেবে দায়িত্ব পালন করার পর ২০১১ সাল থেকে অধ্যাপক হিসেবে কর্মরত আছেন। মাঝে ২০১২-১৫ সালে নর্দান ক্যালিফোর্নিয়া ন্যানোটেকনোলজি সেন্টারের ডিরেক্টর এবং ২০১৭-২০২০ সাল পর্যন্ত বিভাগের প্রধান হিসেবেও দায়িত্বরত ছিলেন।

শুধু পড়াশোনা এবং গবেষণার চার দেয়ালের মধ্যেই নিজেকে সীমাবদ্ধ রাখেননি সাইফ ইসলাম। তিনি নিজের নেতৃত্বগুণের মাধ্যমে বিজ্ঞানকে সম্প্রসারিত ও প্রসারিত করতে একনিষ্ঠ প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। এ পর্যন্ত তিনি ৩২টা ন্যানোটেকনোলজি কনফারেন্সের আয়োজন করেছেন। দ্য ইনস্টিটিউট অব ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিকস ইঞ্জিনিয়ার্সের (আইইইই) ফেলো তিনি এবং এই সোসাইটির একটি জার্নাল-আইইইই এক্সপ্লোর সিনিয়র এডিটর হিসেবে দায়িত্ব পালন করে চলেছেন। এ ছাড়া একাধারে আমেরিকান অ্যাসোসিয়েশন ফর দ্য অ্যাডভান্সমেন্ট অব সায়েন্স (এএএএস), ন্যাশনাল অ্যাকাডেমি অব ইনভেস্টরস (এনএআই), অপটিক্যাল সোসাইটি অব আমেরিকা (ওএসএ), ইন্টারন্যাশনাল সোসাইটি ফর অপটিকস অ্যান্ড ফোনেটিকসের (এসপিআইই) ফেলো তিনি।

গবেষণা সাইফের কাছে নেশার মতো। এ পর্যন্ত তাঁর ২৬০টি গবেষণাপত্র বিভিন্ন জার্নালে প্রকাশিত হয়েছে। এ ছাড়া ৪৩টি গবেষণা পেটেন্ট পেয়েছে।

কাজের স্বীকৃতি পেলে কার না ভালো লাগে? ভালো স্বীকৃতি হয়তো আগামী দিনে আরও ভালো কিছু করার অনুপ্রেরণা জোগায়। দার্শনিক নরমান ভিনসেন্ট পিল বলেছিলেন, ‘নিজের প্রতি বিশ্বাস রাখো। নিজের যোগ্যতার ওপর ভরসা রাখো। নিজের শক্তির ওপর বিনয়ী কিন্তু যথেষ্ট আস্থা ছাড়া তুমি সফল বা সুখী হতে পারবে না।’

জীবনে এত কিছু অর্জন করেও সাইফ ইসলাম নিজের অর্জন নিয়ে বেশ বিনয়ী। ২০০৫ এবং ২০০৯ সালে ইলেকট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিভাগে আউটস্ট্যান্ডিং প্রফেসর অব দ্য ইয়ারের খেতাবে ভূষিত হন। শিক্ষকতার জন্য ইউনিভার্সিটি অব ক্যালিফোর্নিয়া ডেভিসের সবচেয়ে সম্মানজনক পুরস্কার অ্যাকাডেমিক সিনেট ডিস্টিংগুইশড টিচিং অ্যাওয়ার্ডেও ভূষিত হন তিনি ২০১০ সালে। ২০০৬ ও ২০১২ সালে দুইবার তিনি কলেজ অব ইঞ্জিনিয়ারিংয়ের আউটস্ট্যান্ডিং গবেষক ফ্যাকাল্টি হওয়ার গৌরব অর্জন করেছেন। এ ছাড়া আইইইই বেস্ট পেপার অ্যাওয়ার্ডসহ শিক্ষকতার ওপর আরও অনেক পুরস্কার পেয়েছেন তিনি। নর্থ আমেরিকায় কর্মরত শিক্ষকেরা যেন আরও সামনের দিকে এগিয়ে যেতে পারে, তাই তাঁদের দিক নির্দেশনা প্রদানের জন্য আরও কয়েকজন বাংলাদেশি-আমেরিকান গবেষক এবং অধ্যাপকের সঙ্গে একটি মেন্টরিং প্রতিষ্ঠান গড়ে তোলার চেষ্টা করছেন এখন।

বাসা ভাড়া
বাংলাদেশী অধ্যুষিত নিউইয়র্কে জ্যামাইকায় ১৭৩ স্ট্রিট ও হিলসাইড এভিনিউতে ৩ বেডরুম ও ২১/২ বাথরুমের একটি ডুপ্লেক্স ফ্ল্যাট ১লা জুন বা জুলাই থেকে ভাড়া দেওয়া হবে। ভাড়া মাসিক ২৫০০ (বিদ্যুৎ, গ্যাস ও হিটিং বিল ছাড়া) কোন গাড়ি পাকিং নেই। যোগাযোগঃ 347-684-2169, 347-289-7512

ড্রাইভিং ইন্সট্রাকটর প্রয়োজন
জ্যাকসন হাইটস্-এ এআর ড্রাইভিং স্কুলের জন্য একজন ইন্সট্রাকটর প্রয়োজন। যোগাযোগঃ ৩৪৭-৪৫৯-৭০৯২

Housekeeper wanted

Looking for a middle age or widowed woman housekeeper. Who will stay full time with the family and help with day to day household work. Help with cooking, cleaning, cutting food, laundry, wash dishes, clothes, help elderly mother etc. Living and food is free. Monthly salary is negotiable.

Contact: Liza (734-578-3760) Canton City, Michigan.

গৃহকর্মী আবশ্যক

মিশিগানে বাংলাদেশী একটি পরিবারে ঘরের কাজের জন্য কর্মী আবশ্যক। মধ্যবয়সের বা বিধবা মহিলা কর্মী খোঁজা হচ্ছে। কাজের মধ্যে রান্নাঘরে কাটাকুটির কাজ, রান্না করা, কাপড় লাল্ডি করা, ইঞ্জি করা, ঘরের অন্যান্য নিয়মিত কাজে সাহায্য করাসহ পরিবারের সাথে বসবাসরত শাশুড়িকে দেখাশোনা করার কাজ করতে হবে। কাজি ক্ষরত গৃহ সহকর্মী পরিবারের সাথে সব সময় থাকতে হবে। থাকা ও খাওয়া দাওয়া ফ্রি। মাসিক বেতন আলোচনা সাপেক্ষে।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন :

লিজা, ক্যান্টন সিটি, মিশিগান। ফোন : (734-578-3760)

ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন

শেষ পৃষ্ঠার পর

হাইটসের নবান্ন পার্টি হলে একই হুমকি দেন জেবিবিএর অন্য নেতারা।

সংগঠনের অপর অংশের সভাপতি আবুল ফজল দিদার ৭ অক্টোবর নবান্ন পার্টি সেন্টারে সাধারণ সভা ডেকে একটি আহ্বায়ক কমিটি গঠন করেছেন। সেখানে অপর অংশের সভাপতি শাহ নেওয়াজকে দাওয়াত করেন। শাহ নেওয়াজ অনুষ্ঠানে উপস্থিত হয়ে আবুল ফজল দিদাদের কমিটি অবৈধ বলে বক্তব্য দেন। এ সময় উভয় পক্ষের সদস্যদের মধ্যে হট্টগোল শুরু হয়ে যায়। পরে সাধারণ ব্যবসায়ীদের হস্তক্ষেপে পরিস্থিতি শান্ত হয়।

শাহ নেওয়াজ সংবাদ সম্মেলনে অভিযোগ করে বলেন, ২০১৮ সালে জেবিবিএর কমিটি গঠনের পর থেকে জেবিবিএর বিরুদ্ধে আবুল ফজলদের পক্ষে তিনটি মামলা দায়ের করা হয়। সবগুলো মামলা আদালত খারিজ করে দিয়েছেন।

পরে আদালত শাহ নেওয়াজ অংশের জেবিবিএর কার্যক্রমকে বৈধতা দেন। একই সঙ্গে আদালত জেবিবিএর একই নামে অন্য কোনো সংগঠনের অস্তিত্ব বা যেকোনো অনুষ্ঠানের আয়োজন বা চাঁদা কালেকশন অবৈধ ঘোষণা করেছেন।

আদালতের এই রায় প্রকাশিত হওয়ার পরও আবুল ফজল অংশের সদস্যরা জেবিবিএর নামে মেলাসহ একাধিক অনুষ্ঠান করেছেন। সে সময় তাঁদের অনুষ্ঠানে শাহ নেওয়াজও অংশগ্রহণ করেন। সাংবাদিকদের প্রশ্নের জবাবে শাহ নেওয়াজ বলেন, আমি সবাইকে ঐক্যবদ্ধ করতে মেলায় গিয়েছি। কিন্তু তাঁরা ঐক্যবদ্ধ হতে পারেননি। তাঁদের অনুষ্ঠানে যাওয়াটা উদারতা ছিল বলে তিনি বলেন। এখন থেকে আর ছাড় দেওয়া হবে না বলে বলেছেন শাহ নেওয়াজ। তিনি বলেন, অন্য পক্ষ জেবিবিএর নামে কোনো অনুষ্ঠান করলে তিনি আদালতের শরণাপন্ন হবেন।

এদিকে আবুল ফজল অংশের জেবিবিএ কর্মকর্তারা মেয়াদ শেষ হওয়ায় ব্যবসায়ী পিয়ার আহমেদকে আহ্বায়ক ও হারুন ভূঁইয়াকে সদস্যসচিব করে আহ্বায়ক কমিটি গঠন করেন। আহ্বায়ক কমিটি নতুন পূর্ণ সংগঠনিক কমিটি গঠনকল্পে কাজ করছে বলে জানানো হয়েছে। শাহ নেওয়াজ ও তারেক হাসান অংশের জেবিবিএ আইনি পদক্ষেপ নেওয়ার ঘোষণা দেওয়ায় ব্যবসায়ী সংগঠনটির বিরোধ চরম আকার ধারণ করেছে বলে মনে করা হচ্ছে।

পাত্রী চাই
সুপ্রতিষ্ঠিত পেশায় ইঞ্জিনিয়ার গ্রীনকার্ড হোল্ডার USA থেকে উচ্চ শিক্ষায় শিক্ষিত ৫.৭' ৩৩ বছর বয়সী পাত্রের জন্য পাত্রী চাই। যোগাযোগ :732-595-2602 Email :kanalyst2020@gmail.com

রুম ভাড়া
জ্যাকসন হাইটস আপনা বাজারের সামনে এ্যাপার্টমেন্ট বিল্ডিং এ মা মেয়ে সাথেের একজন ছাত্রী অথবা কর্মজীবি মহিলার কাছে একটি রুম ভাড়া দেওয়া হবে। কিচেন ও বাথরুম শোয়ার করতে হবে। যোগাযোগঃ 347-237-3171

ডেলিভারি ম্যান আবশ্যক
নিউইয়র্কের পাঁচ বোরোতে নিউজ পেপার ডেলিভারি দেওয়ার জন্য গাড়িসহ দুজন ডেলিভারি ম্যান আবশ্যক। ফোন 518-253-0966

বাসা ভাড়া
দুটো রুমসহ কিচেন, টয়লেট সম্পূর্ণ পৃথক ১ তালা ভাড়া দেওয়া হবে। Melville, Long Island, Newyork. Half hollow Hills school district. যোগাযোগঃ 929-328-5042

বেসমেন্ট ভাড়া
জ্যাকসন হাইটস সলগ্ন নর্দান বুলেভার্ড ও ৮০ স্ট্রিটে প্রাইভেট বাসার বেসমেন্ট (২ বেডরুম,লিভিং রুম, ডাইনিং, কিচেনসহ) ১ আগস্ট থেকে ভাড়া হবে। ছোট পরিবারকে অগ্রাধিকার দেয়া হবে। যোগাযোগঃ ৯১৭-৪৭৬-৬৮৭৩

রুমমেট চাই
Jamaica 148 Street 88 Aveতে মনোরম পরিবেশে এপার্টমেন্টে ২ জন অধুমপায়ী নামাজী ব্যাচেলর রুমমেট আবশ্যক। এখন সম্পূর্ণ খালি আছে। লোকেশন : তাজমহল রেষ্টুরেন্ট/ কাওরান বাজার এর অপজিটে। এক ব্লকের মধ্যেই F Train. ভাড়া আলোচনা সাপেক্ষে। যোগাযোগঃ 347-553-4830

পাত্রপাত্রীর খোঁজে
অভিভাবক বা পাত্রপাত্রী নিজে যোগাযোগ করুন। কোন ফি নাই। সম্পূর্ণ অলাভজনক সেবামূলক উদ্যোগ। যোগাযোগ email : drmah007@gmail.com, ফোন : ৫৭১-৪৮৯-৯০১৩

পাত্র চাই
আমেরিকান নাগরিক, চাকুরীরতা B.S in applied mathematics (UMD), MS in Project Management (UMD) এবং বর্তমানে MBA পাঠরত।(UMD) ধার্মিক মেয়ের জন্য সমমানের শিক্ষিতা মুসলিম পাত্র চাই। অনুগ্রহ পূর্বক ছবি ও বায়োডাটাসহ যোগাযোগ করুন : nazir.ullah@longandfoster.com

অমুসলিমদের প্রতি ইসলাম ও

শেষ পৃষ্ঠার পর

ইসলামের সৌন্দর্যে অনুপ্রাণিত হয়ে যুগে যুগে মানুষ স্বেচ্ছায় ইসলামের ছায়াতলে আশ্রয় নিয়েছে। কোনো ধরনের চাপ বা বল প্রয়োগ করে ইসলামে দীক্ষিত করার কোনো বিধান নেই। আল্লাহ বলেন, ‘দ্বীন সম্পর্কে জোর-জবরদস্তি নেই; সত্য পথ ভ্রান্ত পথ থেকে সুস্পষ্ট হয়েছে। যে তাগুতকে অস্বীকার করবে ও আল্লাহর ওপর ইমান আনবে সে এমন এক শত্রু হাতল ধরবে, যা কখনো ভাঙবে না। আল্লাহ সর্বশ্রোতা, প্রজ্ঞাময়।’ (সূরা : বাকারা, আয়াত : ২৫৬)

প্রত্যেক নিজ নিজ ধর্ম পালন করবে। মুসলিম সমাজেও অমুসলিমরা নিজেদের পরিমণ্ডলে ধর্মীয় উৎসব উদ্‌যাপন করবে। অমুসলিমদের যেসব রীতি-নীতি ও আচার-অনুষ্ঠান ধর্ম পালনের অংশ, সেগুলোতে মুসলিমদের অংশগ্রহণ করার সুযোগ নেই। আল্লাহ বলেন, ‘তোমাদের দ্বীন তোমাদের, আমার দ্বীন আমার।’ (সূরা : কাফিরুন, আয়াত : ৬)

রাসুলুল্লাহ (সা.) মক্কা থেকে মদিনায় হিজরত করার পর মদিনায় বসবাসকারী বিভিন্ন ধর্মের অনেক পণ্ডিত স্বেচ্ছায় ইসলাম ধর্ম গ্রহণ করেন। হিজরতের পাঁচ মাস পর মদিনা রাষ্ট্রের জাতীয় নিরাপত্তা ও পারস্পরিক সহাবস্থান নিশ্চিত করতে রাসুলুল্লাহ (সা.) মদিনায় বসবাসকারী অমুসলিমদের সঙ্গে লিখিত চুক্তি সম্পাদন করেন, যা মদিনা সনদ নামে পরিচিত। সনদে রাষ্ট্রীয় ব্যবস্থাপনায় রাসুলুল্লাহ (সা.)-এর নেতৃত্ব ও জাতীয় নিরাপত্তা নিশ্চিত করার বিষয়টি প্রাধান্য পায়। যত দিন তারা এ চুক্তি রক্ষা করেছে তত দিন তাদের সঙ্গে মুসলমানদের আত্মবৃসূলভ আচরণ বহাল ছিল।

সব মানুষের প্রতি উদার মনোভাব পোষণ ও মানবীয় আচরণ প্রদর্শন ইসলামের অন্যতম শিক্ষা। কারণ মানুষ হিসেবে সবাই সমান। আল্লাহ সব মানুষকে সম্মানিত করেছেন। হাদিসে আছে, একদিন সাহল ইবনে হুনাইফ (রা.) ও কায়েস ইবনে সাদ (রা.) কাদেসিয়াতে বসা ছিলেন। তখন তাঁদের পাশ দিয়ে একটি লাশ নিয়ে কিছু লোক অতিক্রম করল। তাঁরা দাঁড়িয়ে গেলেন। তখন তাঁদের বলা হলো, লাশটি অমুসলিমের। তাঁরা বলেন, মহানবী (সা.)-এর পাশ দিয়ে এক সময় একটি লাশ নেওয়া হয়েছিল। তখন তিনি দাঁড়িয়ে গেলেন। তাঁকে বলা হলো, এটা তো এক ইহুদির লাশ। তখন তিনি বলেন, ‘তা কি প্রাণ নয়?’ (বুখারি, হাদিস : ১২৫০)

পারস্পরিক সাহায্য-সহযোগিতা ও অন্যের প্রয়োজনে এগিয়ে আসা ইসলামি সমাজব্যবস্থার একটি অনন্য বৈশিষ্ট্য। এটি মুসলিম-অমুসলিম সবার ক্ষেত্রে প্রযোজ্য। আল্লাহ বলেন, ‘দ্বীনের ব্যাপারে যারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করেনি এবং তোমাদের স্বদেশ থেকে বহিষ্কার করেনি তাদের সঙ্গে মহানুভবতা প্রদর্শন ও ন্যায়বিচার করতে আল্লাহ তোমাদের নিষেধ করেন না। আল্লাহ ন্যায়পরায়ণদের ভালোবাসেন।’ (সূরা : মুমতাহিনা, আয়াত : ৮)।

আবদুল্লাহ ইবনে আমর (রা.) থেকে বর্ণিত, মহানবী (সা.) বলেন, ‘যে ব্যক্তি কোনো অমুসলিম নাগরিককে হত্যা করল, সে জামা’তের সুগন্ধও পাবে না, অথচ তার সুগন্ধ ৪০ বছরের রাস্তার দূরত্ব থেকেও পাওয়া যায়।’ (বুখারি, হাদিস : ২৯৯৫) পরিশেষে বলা যায়, অমুসলিমদের সঙ্গে ইসলাম ধর্মের বিধান ও মহানবী (সা.) এর উদারতার আদর্শ অনুসরণ করে জীবনযাপন করাই সাম্প্রদায়িক সহাবস্থান সূদৃঢ় করবে নিঃসন্দেহে।

পাত্রী চাই
সু-প্রতিষ্ঠিত,পেশায় ইঞ্জিনিয়ার, Green Care Holder, USA থেকে উচ্চশিক্ষায় শিক্ষিত ৫’৭' ৩৩ বছর পাত্রের জন্য পাত্রী চাই। যোগাযোগ : 732-595-2602। Email : kanalyst2020@gmail.com

Semi Basement Rent
2 bachelor women or husband wife One family 1477 Saint Peter’s Ave Bronx ny 10461 Near to 6 train 1 (347) 446-9575

পাত্র চাই
পাত্রী আমেরিকান গ্রীনকার্ডধারী উচ্চশিক্ষীতা Sociology (ঢা.বি.)। সঙ্গত কারণে বিবাহ বিচ্ছেদ, নিঃসন্তান। ৫০ উর্ধ্ব পাত্র চাই। আগ্রহী ইচ্ছুক পাত্র বা অভিভাবক যোগাযোগ করুন। zaibunnessa14@gmail.com

বাসা ভাড়া দেওয়া হবে
বেডরুম ৩, বড় একটি লিভিং রুম, বাথরুম, কিচেনটি খুব বড় ও শোয়ার হবে। 148-09-৪6 Ave 2nd floor, Jamaican Hillside. মসজিদ, মাদ্রাসা, বাস স্ট্যান্ড, F ট্রেন সাবওয়ে সব কিছু অতি নিকটে। যোগাযোগ : 929-328-5042

পাত্রী সন্ধান
দেশে ও প্রবাসে প্রতিষ্ঠিত পাত্রের জন্য পাত্রী (৩৫+, ৫’৪” , শুশ্রী) আবশ্যক। ডাক্তার অথবা কলেজ গ্রেজুয়েট এবং সনাতন সংস্কৃতি চর্চার অভিজ্ঞতা থাকা আবশ্যক। বায়োডাটা, রফারেস (আত্মীয়/ অনাত্মীয়) এবং ছবি সহ যোগাযোগ করুন : email - ghoshsc@aol.com

লোক আবশ্যক
উডসাইডের একটি বাংলাদেশী রেস্টোরাঁয় তাৎক্ষণিক নিয়োগের জন্য লোক আবশ্যক। Positions Open :Kitchen helper, Customer service,Cleaner (রান্নাঘরের সাহায্যকারী, গ্রাহক সেবা, পরিষ্কারক) Pls contact : 1 (917) 578-1798

বাসা ভাড়া
১ম তলা ২ বেড রুম এবং ২য় তলা ৩ বেড রুম ব্রুকলিন, সাটার এভিনিউ কর্নার ফাউন্টেন এভিনিউ। বড় ড্রয়িং রুম। এ এবং সি ট্রেন, জুনিয়র স্কুল, পোস্ট অফিসের কাছে। নভেম্বর থেকে ভাড়া হবে। যোগাযোগ : খলিল-৯১৭-৬৪২-৯৭২৯

পাত্রী চাই
কানাডিয়ান সিটিজেন, ৪৩ বৎসর বয়সী, ইলেকট্রিক্যাল ডিপ্লোমা - কানাডা, MBA-লন্ডন, Uk & DU, ডিভোর্স পাত্রের জন্য সমমনা পাত্রী চাই। যোগাযোগ- 13475538417

নিউইয়র্কে রিয়েল এস্টেট ব্যবসায় বিশ্বস্ত
নাম আসিফ চৌধুরী
লাইসেন্সড রিয়েলেটর
(ডিজিটাল কার্ডের জন্য ৮৫৩৭৭ নাম্বারে টেক্সট করুন)

যোগাযোগ : ৯১৭-৭৪১- ৫৩০৮ (সেল)
অফিস : ৭১৮- ২৬২- ০২০৫
ফ্যাক্স : ৭১৮-২৬২- ০২৫৪
ইমেইল : ashif.choudhury@gmail.com



EXIT
EXIT REALTY PRIME

১৮৯-১০ হিলসাইড আভিনিউ,
সুইট : ই হলিস, এনওয়াই ১১৪২৩
www.EXITPrimeNY.com



বাসা ভাড়া

২৫৬-০৩-৮৬ এ্যাভিনিউতে দুই বেডরুম লিভিং ডাইনিংসহ হাই সিলিং বেইসমেন্ট সেপ্টেম্বরের ১ তারিখে ভাড়া দেওয়া হবে। হাঁটার দূরত্বে স্কুল ও বাস এবং এল আই ডবল আর ট্রেন। যোগাযোগ- ৩৪৭-২৭৯-৫৪০০

বাসা ভাড়া দেওয়া হবে

১ বেড রুম এবং ২ বেড রুমের বাসা ভাড়া দেওয়া হবে। স্থান : East 35 Between Church & Snyder Ave Brooklyn, NY (B-35 বাস এবং 2 & 5 Train)। যোগাযোগ : 646-496-3334

বাসা ভাড়া

২টি রুম ভাড়া হবে। কিচেন শেয়ার। Hildside এবং সাটফিন ব্লার্ভে। মসজিদ, মাদ্রাসা, গোসারী, F ট্রেন সাবওয়ে, বাস স্ট্যান্ড সব কিছু অতি নিকটে। এবং 132 St এবং 88 Ave তে রিচমন্ড হিল একটি রুম ভাড়া দেওয়া হবে। একজন ব্যাচেলার এর কাছে। যোগাযোগ : 929-328-5042

Apartment For Rent

Manhattan, Columbus Ave & 100St on the upper West Side 1 Studio Apartment Separate Bath & Kitchen Rent from September 2021. Included Utility Bill \$1100. Train 1,2,3,B, C & in front of the apartment Bus station available. Contact : 347-656-5106 or Email : bjsaha@gmail.com

Apartment For Rent

Rent :1) Large Studio (like one bedroom) with a huge eat-in kitchen, Standup Shower & Bathtub, plenty of closet space, and 150 sq/ft porch/balcony overlooking goose pond park. Apt is located in Highland ave Jamaica, 2 blocks away from jamaica mosque. Rent \$1,550. Max 2 people. Must have Good Credit and Job Approval. Require Board Approval
2) Two bedrooms Attic for Rent in Elmont. Walking distance to Halal shops, Mosque, Halal restaurants. Superb school district. Max two people. Walking distance express bus to 169th st Hillside. Everything included. Rent \$1275. Call HEMEL : 9178263498 Email : Mohammad.hemel@gmail.com

Semi Basement Rent

2 bachelor women or husband wife One family 1477 Saint Peter’s Ave Bronx ny 10461 Near to 6 train 1 (347) 446-9575

ইমিগ্রেশনে সহযোগিতা

আমেরিকায় নতুন বা পুরাতন- আপনার দরকার ওয়ার্ক পারমিট, সোশ্যাল এবং ফাইনাল গ্রীনকার্ড। যেভাবেই এদেশে এসে থাকুন, যে অবস্থাতেই থাকুন না কেন- একটা ব্যবস্থা আমরা করে দেবই। দেশে থাকা আত্মীয়-বন্ধুকে আনতেও আমরা সহযোগিতার পথ দেখাই। ইমিগ্রেশনের যে-কোন জটিল সমস্যা সমাধানের জন্য কল বা টেক্সট করুন (৭১৮) ৮৩৯-৫৮১২

OFFICE SUITS FOR RENT

জ্যাকসন হাইটসের প্রাণ কেন্দ্র ৭২ স্ট্রিট ও রুজভেল্ট এভিনিউর কর্ণারে প্রফেশনাল অফিস সেন্টারে বিভিন্ন সাইজের পৃথক অফিস রুম ভাড়া দেয়া হবে।
Please Contact: 646-641-5348
Email: DgDesignNYC@gmail.com

PRIVATE TUTORING

GRADE 4 - 12

MATH & ELA

SHSAT

SAT

NY ST EXAM

NY ST REGENTS

➔ EXPERT TUTOR :
+20 YEARS TEACHING EXPERIENCE
IN PUBLIC & PRIVATE SCHOOLS IN
Sty V , Bronx Sci, Trinity ...

FOR RATE AND MORE DETAIL
PLEASE VISIT :

TanvirTutoring.com/privatelesson
833-826-8478

বাসা ভাড়া

জ্যামাইকা হলিসে, ২য় তলা ১ সেপ্টেম্বর মাস থেকে ২টা বেডরুম, বড় বাথরুম, লিভিং ও কিচেন একসাথে। সম্পূর্ণ নতুন ও বড় এটিকসহ ভাড়া দেওয়া হবে। নিরিবিলি ও মনোরম পরিবেশ। রাস্তা গাড়ি পার্কিং সুবিধা আছে। মসজিদ, দোকান, লন্ড্রি, স্কুল ও বাস বাসার কাছে। Q3, Q2, Q83 ভাড়া আলোচনাসাপেক্ষে। বিস্তারিত জানতে কল করতে পারেন ৯১৭-৭১৭-৮৫৮২

বাড়ি ভাড়া

জামাইকার ব্রায়ারউড ১৫০ স্ট্রিটে এখনই মুভ করার মতো বাড়ি ভাড়া হবে। তিন বেড রুম। হিটিং এবং গ্যাস বিল ভাড়ার সাথে ঠিক করা হবে। চমৎকার নিরিবিলি পরিবেশ।
প্রকৃত আগ্রহীরা যোগাযোগ করুন। ফোন ৯১৭- ২৪২- ৭২৮৫

রুম ভাড়া

এফ ও ই ট্রেনের নিকটে 139 স্ট্রিটে একজন কর্মজীবী মহিলা বা স্টুডেন মেয়ের কাছে আলাদা রুম ভাড়া দেওয়া হবে। ফুল ফার্নিসড। 347-475-8406/ 347-725-7526

লোক আবশ্যক

কুইন্স ভিলেজে বেবি সিটার ও ঘরের ছোটখাট কাজের জন্য পার্ট টাইম লোক আবশ্যক। # 646-515-1469

বাসা ভাড়া

২৫৬-০৩-৮৬ এ্যাভিনিউতে দুই বেডরুম লিভিং ডাইনিংসহ হাই সিলিং বেইসমেন্ট সেপ্টেম্বরের ১ তারিখে ভাড়া দেওয়া হবে। হাঁটার দূরত্বে স্কুল ও বাস এবং এল আই ডবল আর ট্রেন। যোগাযোগ- ৩৪৭-২৭৯-৫৪০০

এ্যাপার্টমেন্ট ভাড়া

জ্যামাইকা এ্যাভিনিউতে E F J & L I R R ট্রেনের সন্নিহিত তিন বেড দুই বাথরুম বড় লিভিং রুম ও কিচেনসহ প্রাইভেট হাউসের একটি এ্যাপার্টমেন্ট সেপ্টেম্বরের ১ তারিখ থেকে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ ৭১৮-৬৯০-৬৭৪৮

রুম ভাড়া

84-58 162 street জ্যামাইকা পারসন ব্লার্ভে F ট্রেনের পাশে দ্বিতীয় তলায় একটি ফ্যামেলীর সাথে থাকার জন্য স্বামী-স্ত্রী বা মহিলার কাছে ভাড়া দেওয়া হবে। 917-412-0615

বাসা ভাড়া

জ্যামাইকা হিলসাইড এভিনিউয়ে ৮৮-২১ ১৮৭ স্ট্রিটের ২য় তলায় একটি বেডরুম, বাথরুম, কিচেনসহ ভাড়া দেওয়া হবে। সম্পূর্ণ রিনোভেটড। ভাড়া সমস্ত বিলসহ ১৬০০ ডলার। যোগাযোগ : 929-386-6473

মহিলা আবশ্যক

জ্যামাইকা, কুইন্সে বাসার দৈনন্দিন কাজ করার জন্য একজন মহিলা আবশ্যক, এবং পার্ট টাইম সেল্‌স ম্যান পদের জন্য একজন মহিলা আবশ্যক। জ্যামাইকা বসবাসকারীকে প্রাধান্য দেয়া হবে। যোগাযোগ করুন দুপুর ১ টা থেকে রাত ১ টা পর্যন্ত। 9176695000

বেসমেন্ট ভাড়া

হিলসাইড ও জ্যামাইকা এভিনিউর মাঝে ১৯৯ স্ট্রিট, হোলিসে ২ বেডরুম, ১ লিভিং রুমের বেসমেন্ট ভাড়া হবে। ব্যাচেলর/ছোট পরিবার অগ্রাধিকার। মোবাইল : ৩৪৭-২৩৮-৬২৯৩, ৩৪৭-৪৭৬-২২৮৩

Help Wanted

Office Assistant full time position available in Bari Home Care, in Jackson Heights location. Computer knowledge Required. please call or send your resume. 631-428-1901 intake@barihomeware.com

Help Wanted

Looking for employee’s for an ice cream parlor located at Gaithersburg, MD. looking to hire : CSR, Manager, Ice cream maker and Young/energetic individuals with/without experience. In house training will be available for reliable employees. If anyone is interested contact the following numbers : +1-347-499-9427, +1-917-687-5248

Help Wanted

People/ employees are needed for fast food stores. @ Tanger mall @ Deer Park, Long Island. For All positions. Interested parties are requested to contact below. +1-347-499-9427/+1-917-687-5248

পাত্রী চাই

শিক্ষিত, মার্জিত ও প্রতিষ্ঠিত চল্লিশোর্ধ (Early Forties) সিটিজেন পাত্রের জন্য অনুর্ধ ৩৫ বছরের পাত্রী আবশ্যক। আমেরিকায় অবস্থানরত অথবা নিজ দায়িত্বে আমেরিকায় আসতে সক্ষম পাত্রীরা সাম্প্রতিক ফটো এবং সংক্ষিপ্ত জীবন বৃত্তান্তসহ যোগাযোগ করুন। সম্পূর্ণ গোপনীয়তা রক্ষা করা হবে।
যোগাযোগের ঠিকানা : PO BOX : 4698 Sunnyside NY 11104
অথবা ই-মেইল : pjlovebangla@yahoo.com

চুক্তিতে ড্রাইভিং লাইসেন্স

১০০ ভাগ নিশ্চয়তাসহকারে ড্রাইভিং লাইসেন্স পাওয়ার ব্যবস্থা করা হয়।

যারা বার বার ড্রাইভিং টেস্ট দিয়ে বিফল হয়েছেন তাদের জন্য এটি একটি সুবর্ণ সুযোগ।

যোগাযোগ সান্দিদ-৯১৭-৮০৭-৪৮৫১

পাত্রী চাই

নিউইয়র্কে বসবাসরত ৩৬ বছর (৫-৪”) সুশিক্ষিত মুসলিম পাত্রের জন্য উপযুক্ত পাত্রী চাই। ডিভোর্সী হলেও চলবে। পাত্র দেখতে সুন্দর, নামাজী। অভিভাবক এমনকি পাত্রী সরাসরি যোগাযোগ করতে পারবেন। ৯২৯-৩৯৫-৫৩১৫

পাত্র চাই

আমেরিকা বসবাসরত গ্রীনকার্ডধারী বাংলাদেশ থেকে ইংলিশে ব্যাচেলার করা ২৫ বছর বয়সী পাত্রীর জন্য দেশে/ আমেরিকায় কম্পিউটার ইঞ্জিনিয়ার/ইলেকট্রিক ইঞ্জিনিয়ার পাত্র চাই। ধুমপানমুক্ত সুশিক্ষিত ধার্মিক পাত্র চাই।
Email : bfatama34@gmail.com Phone :646-266-2609

পাত্র চাই

আমেরিকান সিটিজেন, ২৯ বছর বয়সী কর্মরত রেজিস্ট্রার ফার্মাসিস্ট পাত্রীর জন্য পাত্র চাই। Doctor, Eng. Pharmacist, IT professional অগ্রাধিকারযোগ্য।
যোগাযোগ : 718-902-7200

জীবনসঙ্গীর প্রত্যাশায়

মার্জিত, শিক্ষিত, প্রতিষ্ঠিত ও সিটিজেন (৪৪) একজন ব্যাচেলর পাত্র তার জীবন সঙ্গীর প্রত্যাশায়। জীবন খুব একটা জটিল না; আমরাই জীবনকে জটিল বানাই; আপনার বর্তমান জীবনযাত্রা যাইহোক না কেন? আত্মবিশ্বাস, খোলা মন ও আন্তরিকতার সাথে ছবি ও টেলিফোন নম্বর সহ যোগাযোগ করুন। (সকল প্রকার গোপনীয়তার প্রতিশ্রুতি দিচ্ছি।) যোগাযোগ : (718) 524-9777, everlybrown@yahoo.com

লোক আবশ্যক

রিগো পার্কে ঘরের কাজের জন্য একজন মহিলা আবশ্যক। 831-313-8600

আবশ্যক

কুইন্স কাউন্টিতে অবস্থিত একটি মসজিদে ধর্মতীর্থ, সৎ ও যোগ্য স্বেচ্ছাসেবী (ভলান্টিয়ার) প্রয়োজন। মার্জিত, শিক্ষিত এবং উদার প্রকৃতির মুসলমান ভাইবোনদের দৃষ্টি আকর্ষণ করছি। সবার কাছ থেকে কিছুটা সময় ও সার্বিক সহযোগিতা পেলে মসজিদটির অস্তিত্ব টিকে থাকবে। সত্ত্বর যোগাযোগ করুন : (646) 684-8762, (917) 722-1405, (718) 524-9777

লোক আবশ্যক

জ্যাকসন হাইসের প্রানকেন্ড্রে সেলভেল ফোনের দোকানে সেলস পার্সন ও টেকনিশিয়ান আবশ্যক। কাজ জানা এবং ইংরেজী জানাদের অগ্রাধিকার দেয়া হবে। ভাল বেতন আলোচনা সাপেক্ষে দেয়া হবে। 718-478-8100

অফিস ভাড়া

জ্যাকসন হাইটসের প্রাণকেন্ড্রে ফার্নিচার, ইন্টারনেট, বিদ্যুৎসহ একটি অফিস ভাড়া দেওয়া হবে। ভাড়া : 700 যোগাযোগ : 646-645-9830

হাউস কীপার আবশ্যক

জ্যামায়কার হিলসাইড ও ১৬৯ স্ট্রিটে একজন বয়স্ক মহিলাকে সপ্তাহের ৬ দিন দেখাশুনার জন্য একজন অভিজ্ঞ মহিলা হাউস কীপার আবশ্যক। থাকা-খাওয়া ফ্রি + আকর্ষণীয় বেতন। দীর্ঘমেয়াদী চিন্তায় বিশ্বাসী শুধুমাত্র সিরিয়াস প্রার্থীগণ কল করুন।
ফোন: ৩৪৭-৪৪৫-৫০৯৩, ৯১৭-৪৩৫-৯৪১৬

বিসমিল্লাহির রাহমানির রাহিম

বাংলাদেশ সোসাইটি ইনক, নির্বাচন ২০২১

BANGLADESH SOCIETY INC, ELECTION 2021

১৪ নভেম্বর, রোববার নির্বাচনে

ঐক্যবদ্ধ কমিউনিটি, বাংলাদেশ ও আমেরিকার
মূলধারায় প্রবাসী বাংলাদেশীদের স্বার্থ প্রতিষ্ঠায় অঙ্গিকারবদ্ধ
নিষ্ঠাবান, সৎ ও যোগ্য ব্যক্তিদের সমন্বয়ে সার্বজনীন

নয়ন-আলী পরিষদ



B1

কাজী নয়ন
সভাপতি প্রার্থী
Kazi Ashraf Hossain
(Nayan), President



B4

মোহাম্মদ আলী
সাধারণ সম্পাদক প্রার্থী
Mohammad Ali
General Secretary



B2

আব্দুর রহিম হাওলাদার
সিনিয়র সহ-সভাপতি
Abdur Rahim Howladar
Sr. Vice President



B3

মোঃ রেজাউল করিম (সাগর)
সহ-সভাপতি
Md. Rezaul Karim (Sagor)
Vice President



B5

মিয়া মোহাম্মদ দুলাল
সহ-সাধারণ সম্পাদক
Mia Mohammad Dulal
Asst. General Secretary



B6

মোহাম্মদ জে. খান (ডিউক)
কোষাধ্যক্ষ
Mohammed Z. Khan (Duka)
Treasurer



B7

আহসান হাবিব
সাংগঠনিক সম্পাদক
Ahsan Habib
Organizing Secretary



B8

মনিকা রায়
সাংস্কৃতিক সম্পাদক
Manika Roy
Cultural Secretary



B9

শেখ হায়দার আলী
জনসংযোগ ও প্রচার সম্পাদক
Public Relation & Sekh Haider Ali
Public Relation & Publicity Secretary



B10

আবুল কাশেম চৌধুরী
সমাজ কল্যাণ সম্পাদক
Abul Kashem Chowdhury
Social Welfare Secretary



B11

মোহাম্মদ হাসান (জিলানী)
সাহিত্য সম্পাদক
Mohammed Hassan (Zilani)
Literary Secretary



B12

মোঃ এইচ রশিদ (রানা)
ক্রীড়া ও অ্যাথলিটিক সম্পাদক
Mohammed H Rashid (Rana)
Sports & Ent. Secretary



B13

মোঃ সামাদ মিয়া (জাকের)
শুশ্রূষা ও শিক্ষা সম্পাদক
Md. Samad Miah (Zaker)
School & Edu. Secretary



B14

ছাইদুর খান (ডিউক)
কার্যকরী সদস্য
Saidur Khan (Duka)
Executive Member



B15

মোঃ মাহমুদ আলম
কার্যকরী সদস্য
Md. Mahmood Alam
Executive Member



B16

মোঃ এ. সিদ্দিকী
কার্যকরী সদস্য
Md. A. Siddique
Executive Member



B17

আহসান উল্লাহ (মামুন)
কার্যকরী সদস্য
Ashan Ullah (Mamun)
Executive Member

PLEASE VOTE FOR NAYAN-ALI PANEL

অনুগ্রহ করে নয়ন-আলী পরিষদে ভোট দিন



নয়ন-আলী পরিষদ

আপনাদের ভোট ও দোয়া প্রার্থী

ELECTION DATE: NOVEMBER 14, 2021

PLEASE VOTE FOR NAYAN-ALI PANEL

প্রচারে ৪ নয়ন-আলী নির্বাচন পরিচালনা কমিটি

ছুরিকাঘাতে নিহত সালাহ উদ্দিনের হত্যাকারী আটক

রুদ্র মাসুদ

নিউইয়র্কের ম্যানহাটনে তৈরি খাবার ডেলিভারি দিতে গিয়ে ছিনতাইকারীর ছুরিকাঘাতে নিহত বাংলাদেশি সালাহ উদ্দিন বাবুলের হত্যায় অভিযুক্ত ব্যক্তিকে আটক করেছে পুলিশ। ২২ অক্টোবর ২৩ বছর বয়সী জোসেফ সোভোভাল নামের ওই অভিযুক্তকে আটক করা হয়।

১৫ অক্টোবর রাতে নিউইয়র্ক সিটির ব্যস্ততম ম্যানহাটন ডাউন টাউনের ক্রিস্টি ও হেস্টারে অবস্থিত পার্কের কাছে সালাহ উদ্দিন ছুরিকাঘাত হন। দ্রুত তাঁকে উদ্ধার করে বেলভিউ হাসপাতালে নেওয়া হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় পরদিন দুপুরে তাঁর মৃত্যু হয়।

পুলিশ জানায়, ম্যানহাটনের রুজভেল্ট পার্কের কাছে ই-বাইকটি ছিনতাইয়ের জন্য হামলাকারী সালাহ উদ্দিনকে একটি রোড দিয়ে কয়েকবার আঘাত করে। হামলার শিকার সালাহ উদ্দিন বাইকের ওপর বসেই লড়াই করেছিলেন। মারাত্মক



সালাহ উদ্দিন

জখম অবস্থায় তিনি পার্কের দিকে ছুটে যান এবং সিটি পার্ক বিভাগে কর্মকর্তাদের কাছে সহযোগিতা চান। এরপর ছুরিকাঘাতে আহত সালাহ উদ্দিনকে প্রশাসনের সহায়তায় নিয়ে যাওয়া হয় ম্যানহাটনের বেলভিউ হাসপাতালের

জরুরি বিভাগে। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাঁকে লাইফ সাপোর্টে স্থানান্তর করেন। লাইফ সাপোর্টে থাকা অবস্থায় ১৬ অক্টোবর দুপুরে তাঁর মৃত্যু হয়।

নিহত সালাহ উদ্দিনের গ্রামের বাড়ি নোয়াখালী জেলার সোনাইমুড়া উপজেলার ২ নম্বর নদনা ইউনিয়নের হাটগাঁও এলাকায়। তিনি চার বছর আগে যুক্তরাষ্ট্রে আসেন। তিনি নিউইয়র্ক নগরের ব্রুকলিনে থাকতেন। তাঁর বাবার নাম ফাজিল মিয়া। তিনি দুই সন্তানের জনক ছিলেন।

১৯ অক্টোবর সন্ধ্যায় ব্রুকলিনের কোটেলইউ রোডস্থ বাংলাদেশ মুসলিম সেন্টারে তাঁর জানাজা অনুষ্ঠিত হয়। ২০ অক্টোবর তাঁর মরদেহ বাংলাদেশে পাঠানো হয়।

নিহত সালাহ উদ্দিনের শ্যালক আহসান সুমন জানান, ফুড ডেলিভারির সময় ছিনতাইকারীরা ছুরিকাঘাত করে সালাহ উদ্দিনের কাছ থেকে বাইক, মোবাইলসহ সর্বস্ব কেড়ে নেয়। মুমূর্ষু অবস্থায় তাঁকে পুলিশ উদ্ধার করে হাসপাতালে নেয়।

জি.এম. আলম মান্টি সার্ভিসেস ইনক্

ট্যাক্স

- পারসনাল ট্যাক্স
- বিজনেস ট্যাক্স
- সেল্‌স ট্যাক্স
- বিজনেস সেটআপ

AUTHORIZED IRS e-file PROVIDER

ইমিগ্রেশন

- ফ্যামিলি পিটিশন
- সিটিজেনশীপ আবেদন
- গ্রীণকার্ড নবায়ন
- সব ধরনের এফিডেভিট

আলম টুর এন্ড ট্রাভেলস

AIR TICKET

• Emirates • Qatar Airways • Etihad Airways • Turkish Airlines • Saudia & More

(646) 685-3785, (212) 810-0449

E: Alamttravels@gmail.com, WWW.Alamtourandtravels.com

Immigrant Elder Home care LLC

Authorized Homecare Provider Department of Health, State of New York

নিউইয়র্ক স্টেটের হোম কেয়ার প্রভাইডার/হোম কেয়ার সার্ভিস প্রদানকারী।

যেখানে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা, স্বত্ব-স্বত্বী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।

যেখানে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে প্রতি ঘণ্টা ২১.০০ ডলার পর্যন্ত উপার্জন করুন

কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

Jahangir M Alam
President & CEO

72-26 Roosevelt Ave, 2nd Fl, Suite # 201, Jackson Heights, NY 11372
Office: (718) 433-9283, Cell: (212) 810-0449
E: jmalamms@gmail.com (347) 891-7070

JOY TECH ELECTRONICS & COMPUTER

সেলস এবং রিপেয়ার

Laptop এবং Desktop কম্পিউটার রিপেয়ার।

Cellphone, TAB, iPad রিপেয়ার ও আনলক করা হয়।

GSM আনলক সেলফোন বিক্রয়।

সবধরনের Accesories পাওয়া যায়

সিম কার্ড এক্টিভেশন / সব ফোন বিল পে করা হয়।

ultrap SIMPLE h20 T-Mobile UNIVISION mobile Lycamobile

Ph : (347) 730-5984 | Cell: (646) 707-7733

37-22 73RD ST, SUITE # 1D, JACKSON HEIGHTS, NY 11372

ল' অফিস অব এটর্নি মো: গোলাম মোস্তফা

Our Services

- Personal Injury & Workers Compensation (Recovery over 3 million dollar)
- Car Accidents
- Medical Mal Practice
- Accident in Construction
- Lead Poisoning
- Slip and Fall
- Dental Mal Practice
- Immigration all kinds &
- Green Card via employment & Investments
- Real Estate & Business Closings
- Non payment or no over time payment
- Will, Trust and Estate Planning
- Bankruptcy, Landlord-Tenant
- Family Matter-Divorce
- All Civil Matters

"Prior results do not guarantee a similar outcome"

New York State Attorney
M. Mostofa, Esq
LL.B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh Advocate, Bangladesh Supreme Court.
LL.B Honors, UK, Barrister-At-Law, London LL.M, USA, Attorney-At-Law, NY

Queens: 146-10 Hillside Ave, 2nd Fl. Jamaica, NY 11432
Long Island: 405 Elm Dr, Roslyn, NY 11576

Ph# 917-285-6247
E-mail: abmostofa1@gmail.com

বাড়ি বিক্রয়ের সুযোগ্য ও বিশ্বস্ত সাথী
সর্বোচ্চ মূল্যে বিক্রয় নিশ্চিত - দীর্ঘ বকেয়া মূল্য / কলেক্টর যাবলর বাড়ি বিক্রয়ে বিশেষ অভিজ্ঞ

Attorney Realty Inc.
Regulated by Experienced Real Estate Attorney

REAL ESTATE SALESPERSONS

MOSHARRAF HOSSAIN Cell: 347-307-1406
ADVOCATE MOHAMMAD AMAN Cell: 347-469-9268
ADVOCATE MOHAMMAD HASHEM Cell: 646-552-2748

পায়ের রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Bangladeshi Foot Specialist

DR. SADI ALAM, DPM

আপনি পায়ের কোন সমস্যায় ভুগছেন?

নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218

Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | Email: dralamdpm@gmail.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS



সভায় প্রেসক্লাবের কার্যকরী পরিষদের সদস্যরা

নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের এজিএম ১১ ডিসেম্বর

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের বার্ষিক সাধারণ সভা (এজিএম) আগামী ১১ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। কার্যকরী পরিষদের এক সভায় সংগঠনের বার্ষিক সাধারণ সভা ও নির্বাচনের তারিখ নির্ধারণ এবং নির্বাচন কমিশন গঠন করা হয়েছে।

১৮ অক্টোবর সন্ধ্যায় জ্যাকসন হাইটসে অনুষ্ঠিত ক্লাবের সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়। এ ছাড়া সভায় আরও ১৭ জন নতুন সদস্য চূড়ান্ত করা হয়েছে।

নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি ওয়াজেদ এ খানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক মনোয়ারুল ইসলাম। সভায় আলোচ্য সূচির মধ্যে ছিল—নতুন সদস্য পদ প্রদান, বার্ষিক সাধারণ সভার দিন তারিখ চূড়ান্তকরণ ও নির্বাচন কমিশন গঠন।

সভায় ক্লাবের কার্যকরী পরিষদের অন্যান্য কর্মকর্তাদের মধ্যে সহসভাপতি হাবিব রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক আলমগীর সরকার, কোষাধ্যক্ষ মমিনুল ইসলাম মজুমদার, সাংগঠনিক সম্পাদক রশীদ আহমদ, দপ্তর ও প্রচার সম্পাদক সৈয়দ ইলিয়াস খসরু, কার্যকরী সদস্য শেখ সিরাজুল ইসলাম, সালাহউদ্দিন আহমেদ, শিবলী চৌধুরী

কায়েস ও এস এম সোলায়মান উপস্থিত ছিলেন।

সভার শুরুতে সভাপতি ক্লাবের সাংগঠনিক কর্মকাণ্ড ও বর্তমান পরিস্থিতি তুলে ধরেন এবং মহামারি করোনার কারণে অনেক কর্মকাণ্ড পরিচালনা করা সম্ভব হয়নি উল্লেখ করে বলেন, তারপরও বনভোজনসহ একাধিক কর্মকাণ্ড পরিচালনা করা সম্ভব হয়েছে।

এরপর নতুন সদস্য পদ যাচাই-বাছাই কমিটি প্রদত্ত নতুন ১৭ জন সদস্যের আবেদন সভায় সর্বসম্মতিতে চূড়ান্ত করা হয়।

সভার অপর সিদ্ধান্তে ৩ সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করা হয়। কমিটির সদস্যরা হলেন—মনজুর আহমদ, আনোয়ার হোসাইন মঞ্জু ও হাবিব রহমান।

সভার বিবিধ আলোচনায় বলা হয়, ক্লাব সদস্যদের বার্ষিক চাঁদা পরিশোধ সাপেক্ষে ভোটার তালিকা চূড়ান্ত করা হবে। এ ছাড়া সভায় ক্লাব সদস্যদের মধ্যে সৌহার্দ্য-সম্প্রীতি আরও জোরদারের পাশাপাশি পেশাগত মর্যাদা বৃদ্ধির মাধ্যমে কমিউনিটি সেবা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ এবং ক্লাবের সাধারণ সভা সফল করতে সদস্যদের সার্বিক সহযোগিতা কামনার মধ্য দিয়ে সভার সমাপ্তি ঘটে।

নিউইয়র্কে স্বনাম ধন্য বাংলাদেশী বিশেষজ্ঞ

Utpal Chowdhury, MD.

Board certified internal medicine
Attending physician(Emergency)-New York Community Hospital, Brooklyn. Jamaica Hospital Medical Center, Queens.

অন্যান্য সব ধরনের চিকিৎসা করা হয়
পরিষেবা/চিকিৎসা

- ফিজিক্যাল এক্সাম
- স্কুল ও কলেজের জন্য টীকা
- টিএলসি এক্সাম
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য টীকা
- চর্মরোগ
- ডায়বেটিস
- উচ্চ রক্তচাপ
- থাইরয়েড
- এজমা
- ব্যতের ব্যাথা
- যৌন রোগ

TREATMENT / SERVICES

- COMPLETE PHYSICAL
- HIGH BLOOD PRESSURE
- SCHOOL /JOB PHYSICAL
- HIGH CHOLESTEROL
- TLC
- ASTHMA
- VACCINATION
- SKIN PROBLEM
- DIABETES
- EKG

Please call for Appointment
At# 917-503-5002

ডাঃ উৎপল চৌধুরী
Tel: 917-503-5002,
Fax: 917-503-5004

Jamaica office
167-02 Highland Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: (718) 297-4444 & (917) 503-5006
Fax: (718) 297-4443 & (917) 503-5005
Office Hours:
Monday & Thursday, 5pm-9pm
Wednesday & Friday, Sunday 9am-3pm

Jackson Heights office
40-37 76th Street, 1st Floor, Elmhurst, NY 11373
Phone: (917) 503-5002 & (718) 533-0002
Fax: (917) 503-5004 & (718) 533-0005
Office Hours:
Monday, Tuesday Thursday 9am-3pm
Wednesday & Friday 5pm-9pm
Sunday: Lab. Work only. 9am-1pm
We accept all major insurances including Medicare, Medicaid

True Medical Care P.C.
40-37 76th Street, 1st Floor Elmhurst, NY 11373 167-02 Highland Ave, 1st Floor Jamaica, NY 11432

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পন্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়।
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

- প্রতিদিন সর্বোচ্ছ কম মূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়
- সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ কেয়ার, প্রসাধনী সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ এন্ড বিউটি কেয়ার
- ফটোকপি ৫ সেন্ট, ■ ফ্যাক্স সার্ভিস ■ ৯৯ সেন্ট এ উপহার কার্ড ■ ফিল্ম প্রসেসিং

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহন করে থাকি।

আমাদের অন্য কোন শাখা নেই আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

PARKCHESTER FAMILY PHARMACY (347) 851-2688

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড ব্রুকস, নিউইয়র্ক - ১০৪৬২

মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?

Hard Money 9% Low Income, No Problem

আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

646-920-4799

Akib Hussain 32-65 31st Street, Astoria, NY11106

Direct Lender

★ ট্যাক্সি ক্যাব এবং বিজনেস ওয়ারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য

- ব্যক্তিগত পরামর্শ
- ইন্টারেস্ট রেট কম
- ইনভেস্টমেন্ট
- ফ্রি এপ্রোভাল
- ফাস্ট ক্লোজিং
- দ্রুত এবং বিশ্বস্ত

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব

কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া লিগ্যাল নেটওয়ার্কের নিশ্চয় সেবা গ্রহণ করুন:

- নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্রাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন)
- ক্রিমিনাল (স্টেট/ফেডারেল)
- সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট,
- এন্ড্রিভেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/স্ট্রীপ এন্ড ফল ইত্যাদি
- ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস)
- ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী,
- বুক কিপিং ও অন্যান্য
- বাড়ীর ভায়েলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভারশন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সী।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং ঘোষারি স্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attorneys Admitted in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

ইউএস, বাংলাদেশ, ইণ্ডিয়াসহ ২ হাজারের বেশি চ্যানেল ১ মাম ফ্রি

স্পোর্টস, কার্টুন, ফুড প্রোগ্রাম ও
ফ্রী আনলিমিটেড ভিডিও

72-26 Roosevelt Ave. 2nd Floor (Suite 201)
Jackson Heights NY 11372

718-565-9099

ভ্রমণ



ফ্র্যাঙ্কেনমাথ শহরের একটি দৃশ্য

এক জার্মান শহরের গল্প

খসরু চৌধুরী

এক চিলতে রোদ্দর আজ আকাশে। না, কাল ন্যূয়র্ক যাওয়া হচ্ছে না। কারণ আমাদের ভ্রমণ বিলাস পরিকল্পনায় কিছুটা পরিবর্তন এসেছে। কাল আমরা ফ্র্যাঙ্কেনমাথ নামে একটি সুন্দর জার্মান শহর দেখতে যাব। এটি মিশিগান স্টেটে পড়েছে বলে, একে আবার ‘মিশিগান’ম লিটল বেভারিয়া’ বলেও ডাকা হয়। মিশিগানের হ্যামট্রিমাক শহর থেকে এর দূরত্ব ১০৬ মাইল বা ১৭১ কিলোমিটার, গাড়িতে করে সেখানে যেতে প্রায় পৌনে দুই ঘণ্টার মতো সময় লাগে। স্বপ্নের পালে হাওয়া লাগিয়ে আজ দল বঁধে নিজেদের গাড়ি করে চলে এলাম সবাই। বিমান, ট্রেন বা বিলাসবহুল বাসে চড়েও ইচ্ছে করলে আসা যায় এ জায়গায়। মূলত ১৮৩০ সালে জার্মান থেকে আসা লোকজন এই শহরে এসে বসতি গড়েন, যারা তাঁদের নিজস্ব কৃষ্টি সংস্কৃতিকে সযত্নে লালন করে চলেছেন এখানে। এখানকার রেস্টোরাঁয় চমৎকার সব জার্মান খাবারে ভরপুর, সঙ্গে রয়েছে তাদের দেশীয় বিয়ারসহ অন্যান্য সব পানীয়। ফ্র্যাঙ্কেনমাথ একট জার্মান শব্দ, যা জার্মানির বেভারিয়া রাজ্যের ফ্র্যাঙ্কেন প্রদেশের নাম। মাথ আর একটা জার্মান শব্দ যার অর্থ হলো সাহস। হ্যাঁ, সাহস আর মেধার সমন্বয়ে এরা এখানে গড়ে তুলেছে অন্য এক ভুবন। বহুতল ভবন খুব একটা চোখে পড়েনি এখানে। ছোট্ট নদীর ধারে একেবারে তাদের নিজস্ব ঐতিহ্যের সঙ্গে খাপ খাইয়ে যায়, সব স্থাপনা বিনির্মানে স্থাপত্যকলার দিকটায় মনোনিবেশ ছিল তাদের অনেক বেশি।

একেবারে প্রাকৃতিক পরিবেশে গড়ে ওটা এই শহরে এসেই আমার চোখ মন জুড়িয়ে গেল। হিমছাম একেবারে পরিচ্ছন্ন শহর এটি। যেন শিল্পীর তুলিতে আঁকা বলে ভ্রম হয়। সবচেয়ে লক্ষণীয় হলো, ফুলের পরিচর্যা। চারপাশে যедিকে চোখ যায় কেবল ফুল আর ফুল। এমনকি শহরের রাস্তার লাইট পোস্টগুলো লতা জাতীয় ও অন্যান্য প্রজাতির নানা রং–বেরংয়ের ফুলেল গাছে সুশোভিত। এর বাইরে বাড়ি ঘরের আশপাশে রয়েছে নজরকাড়া সব ফল এবং সবজির বাগান। যা দেখতে দেখতে অনেক সময় ঘুর হয়ে গেল। আমেরিকা তথা বিশ্বের নানা জায়গা ঘুরে দেখার সুযোগ হয়েছে আমার, কিন্তু এর মতো ফুলে ফলে সজ্জিত এমন দৃষ্টিনন্দন শহর একটিও অদ্যাবধি চোখে পড়েনি। অনেক সুসজ্জিত দোকানপাট, এর একটিতে ঢুকে সবাই যার যার পছন্দ মতো কেনাকাটা করলার। দাম তুলনামূলক বিচারে একটু বেশি হলেও, গুণগতমানের উৎকর্ষতার কথা আর বলার অপেক্ষা রাখে না এখানে। এরপর গোলাম মোটরসাইকেল রাইড করতে, যেখানে নির্দিষ্ট একটা সময় সীমার জন্য সাইকেল নিয়ে নির্দিষ্ট কিছু রাস্তায় ঘুরে বেড়ানো যায়। অনেক দিন পর এমন একটি রাইড বেশ উপভোগ্য এবং রোমাঞ্চকর, যা কোনো রাজ্য জয় করার মতো ব্যাপার বলে মনে হলো আমার কাছে!

এই শহরের বাসিন্দাদের অনেকের সঙ্গে কথা বলে বোঝা গেল, বাগান মানেই যে ফুলে ফুলে ভরা বিশাল কোনো জায়গা হতে হবে তা কিন্তু নয়। প্রকৃতিকে ভালোবাসলে যে কেউ ছোট্ট বাড়ি বা ফ্ল্যাটে থেকেও বাগানের সাধ মেটাতে পারেন। জার্মানদের নানা ভাবে করা শখের বাগান সে কথাই জানিয়ে দেয় সবাইকে। শহরের কোলাহল থেকে একটু দূরে, নিরিবিলি পরিবেশে ছোট্ট একটি বাগানের শখ বা প্রকৃতির সঙ্গে খানিকটা বন্ধুত্ব গড়তে কার না মন চায়! তবে এ দেশের মতো শীত প্রধান দেশে বাগান করার সময়কাল মাত্র কয়েক মাস। তাই বাগানটি ফুলে ফুলে ভরে তুলতে শীতকালের শেষ দিকে বা বসন্ত আসার সঙ্গে সঙ্গেই, বাগানের কাজ শুরু করে দেয় এখানকার বাসিন্দারা। যেন গ্রীষ্মকালের সুন্দর আবহাওয়ায় বাগানে বসে সকালের নাশতা করা, বন্ধুবান্ধবদের নিয়ে বারবিকিউ করা, রোদ পোহানো বা বাগানের সৌন্দর্য পুরোপুরি উপভোগ করতে পারা যায়। সবকিছু দেখার পর কেন জানি আমার কাছে মনে হতে থাকল It’s a state within a state! মিশিগান রাজ্যের ভেতরে এ শহর যেন আর এক রাজ্য!

বাড়ির সামনের জায়গাটুকুতে সাধারণত নানা রঙের চোখ জুড়ানো ফুল আর ভেতর বা পেছনের বাগানে অনেকে আপেল, আঁড়ুর, চেরি বা অন্যান্য ফলের গাছও লাগায়। আর প্রায় প্রতিটি বাগানের এক কোনায় থাকে কিচেন গার্ডেন অর্থাৎ টমেটো, ধনেপাতা, পেঁয়াজ কলি, মরিচ, পুদিনা পাতার মতো রান্নায় প্রয়োজনীয় নানা ভেষজ পাতার গাছ। যাদের বাগান নেই তাঁরা এ সব লতাপাতা বাড়ির বারান্দা বা রান্নাঘরের রেলিংয়ের টবেই লাগিয়ে ফেলেন অনেক যত্নে, যা কিনা সালাদ বা রান্নার স্বাদ বাড়তে চট করেই তুলে নেওয়া যায়। স্বাস্থ্য সচেতন অনেক জার্মান গৃহিণী আবার কিচেন গার্ডেনে সালের পরিবর্তে চায়ের পাতা, ডিমের খোসা, আলুর খোসা, কিংবা চাল খোয়া পানি দিয়ে থাকেন ।

জার্মানরা মনে করে, জানলা-দরজা হচ্ছে বাড়ির ‘ভিজিটিং

কার্ড’। তাই বাকবাকে তকতকে জানলা দরজার কাচ বা পর্দাই শুধু নয়, তাঁরা জানালার রেলিংয়ে রাখেন নয়ন জুড়ানো ফুল। আর গরমকালে ব্যালকনিতে লাগাতে দেখা যায় টমেটো, স্ট্রবেরির মতো ছোট ছোট ফল বা সবজি আর ফুল, যা খুব সহজেই ফ্ল্যাটের ব্যালকনিকে করে তোলে আকর্ষণীয়। ফ্ল্যাটবাসীদের মধ্যে যাদের ব্যালকনির বাগানে মন ভরে না, তাঁদের জন্য রয়েছে ‘শ্রেবারগার্টেন’। এক শ বছরেরও আগে শুরু হয়েছিল এই শ্রেবারগার্টেন বা শখের বাগানের চল। শহরের কোলাহলে থেকে খানিকটা দূরে ছোট ছোট বাগান, সঙ্গে ছোট্ট একটি কাঠের ঘর, যেগুলো অল্প দামে কেনা বা ভাড়া নেওয়া যায়। তবে যারা অরগানিক পদ্ধতিতে চাষ করেন তাঁদের মূল্যের ক্ষেত্রে কিছুটা ছাড় দেওয়া হয়। এখানকার জার্মান বাসিন্দারা তাঁদের দেশজ প্রথা ভুলে থাকতে পারেনি, তাই এমনি ধরনের অনেক বাগানের দেখা মেলে এই শহরে।

বেশ কয়েক বছর হয়ে গেল আমি এ দেশে এসেছি। দেশে সবুজ পরিবেশে বেড়ে ওঠা ও কাজ করার কারণেই কিনা জানি না–প্রবাস জীবনের শুরু থেকেই, এ রকম শখের গোছানো যেকোনো বাগান প্রচণ্ড কাছে টানে আমায়। তাই এসব শখের বাগান বা স্বপ্নের নন্দন কাননের সরু রাস্তা দিয়ে হেঁটে বেড়াতে গিয়ে মুগ্ধতার অন্যরকম এক আবেশ মনে ভর করে আমার। আমি বিম্বিত হতে থাকলাম এই ভেবে, এত অল্প জায়গায় পরিকল্পনা মাহিঁক সবকিছু করায়। কী সুন্দর ছোট্ট ছোট্ট গাছে কী সুন্দর তাজা টকটকে আপেল, আঁড়ুর, চেরি ফলের মতো লোভনীয় ফল। ফুল আর সবজি জন্মানো সম্ভব করতে পারছে তারা। সব অর্গল থেকে ঘুরে ফিরে সানদেহ পুরো এলাকাটি বিমুগ্ধ হয়ে ঘুরে দেখে যেতে থাকি আমি।

আশার কথা আমেরিকা জুড়ে, আমাদের দেশের লোকজনের কেউ কেউ আবার বাংলাদেশ থেকে বীজ এনে পশর মমতা আর যত্নে বিদেশের মাটিতে চাড়াশ, লাউ, কুমড়া ও শিম ইত্যাদির মতো অনেক দেশি সবজির চাষ করছেন। এসব কেবল শুধু লাউ, কুমড়া বা শিম নয়, যেন দেশের প্রতি জমে থাকা টুকরো টুকরো ভালোবাসা, যা তাঁরা অন্যান্য বাঙালি বন্ধুদের সঙ্গে ভাগাভাগি করে খেয়ে থাকেন। অনেকে আবার বাণিজ্যিকভাবে পুঁই শাক, পালং শাক, করলাসহ আমাদের স্বদেশের নানা রকম শাকসবজি উৎপাদন করে বাংলাদেশি গ্লোসারি স্টোরগুলোতে সরবরাহ করে থাকেন। এতে ভোক্তা এবং বিক্রেতা উভয়ের উপকৃত হয়ে থাকেন। এখনকার জেনারেশনের কথা আলাদা, কিন্তু যারা একটু বড় হয়ে এ দেশে এসে বসতি গেড়েছেন, তাদের রসনা মেটাতে এসব তো একেবারে নিত্য অনুষঙ্গের তালিকায়।

প্রকৃতিপ্রেমী জার্মানদের আবার প্রতিবেশীদের মধ্যে গাছ উপহার দেওয়ার রীতি প্রচলিত রয়েছে। যাতে দুই পরিবারের সম্পর্ক গাছের মতোই ধীরে ধীরে বেড়ে ওঠে আর বন্ধুত্ব হয় প্রকৃতির মতোই সুন্দর। বাগানের একটি সুন্দর গাছ প্রতিবেশীকে দেওয়া মানে, গাছটি একদিন বড় হয়ে বাগানের শোভা বর্ধনের সঙ্গে সঙ্গে তাঁর সঙ্গে সম্পর্কের বন্ধনও হবে সুদৃঢ় ও সুমধুর। গাছ কেবল লাগালেই হয় না, যত্ন করতে হয়, গাছের সঙ্গে কথা বলতে হয়, তবেই না ফুলে ফলে আর পল্লবে ভরে ওঠে উদ্ভিদগুলো। তখন খুব ভালোভাবেই বোঝা যায় যে, গাছেরও প্রাণ আছে। বাগানের দেওয়ার রীতি প্রচলিত রয়েছে। এখানে বা ভালোবাসেন তা যেকোনো বাগান দেখলেই নিঃসন্দেহে বোঝা যায়। শুধু কী তাই, আজকাল তো আবার অনেকে শখের বাগানকে আরও আকর্ষণীয় করে তুলতে নানা আকারের আর বাহারি রঙের সোলার লাইট লাগিয়ে, গ্রীষ্মের সন্ধ্যাকে করে তোলেন আরও অনেক নান্দনিক ও রোমান্টিক।

বাগানের কাজ বা সবুজ প্রকৃতির কাছাকাছি থাকলে মানুষের স্ট্রেস বা মানসিক চাপ কমে, বিভিন্ন সমীক্ষার অভিজ্ঞতা নিয়ে বিশেষজ্ঞরা প্রায়ই এ তথ্য জানিয়ে থাকেন। এ ক্ষেত্রে নিজের অভিজ্ঞতা থেকে আমার বলতে ইচ্ছে করছে, আজকের এই যান্ত্রিক জীবনে শরীর আর মনকে ফিট রাখতে প্রকৃতির কোনো বিকল্প নেই। ফোর্বস ম্যাগাজিনের বিবেচনায় বিশ্বের সবচেয়ে ক্ষমতাধর নারী জার্মান চ্যান্সেলর অ্যাঙ্গেলা মার্কেলও নাকি সময় পেলে স্ট্রেস দূর করতে বাগান করেন, প্রকৃতির সংস্পর্শে যান। তাই সুযোগ থাকলে আপনি, আমি ও আমরা সবাই এ কাজটি শুরু করতে পারি বলে মনে হয়।

এই শহরে প্রবেশের পথে জার্মান ভাষায় এই লেখাটি দেখে কিছুটা অবাক ও হেঁচট খেয়েছিলাম আমি—‘Kommen Sie und genieen’ or ‘come and enjoy’ Frankenmuth, the German town in Michigan.

হ্যাঁ, তাই তো এখানে এলাম এবং প্রকৃতির একেবারে কাছে থেকে, মুগ্ধ হয়ে প্রাণভরে সব উপভোগ করলাম। রাতে মিশিগান ফিরে রাত্রিথাপন করতে পরদিন দুপুরে যথারীতি আবার ছুট দিলাম ন্যূয়র্কের পথে।

স্বপন বিশ্বাস

অষেষা জানালার গ্লিল ধরে দাঁড়িয়ে। বাইরে মুঘলধারে বৃষ্টি। আকাশে শ্রাবণের ঘন মেঘ। মেঘের ফাঁকে সকালের সূর্যটা উঁকি দেওয়ার চেষ্টা করছে। তারই একটি আভা অষেষার মুখে। মুখটা ঠিক দেখা যাচ্ছে না। তবে আলোর আভাটা বোঝা যাচ্ছে। চুলগুলো চোখের পাশ দিয়ে গাল ছুঁয়ে বুকে এসে পড়েছে। পরনে একটা ধূপছায়া রঙের শাড়ি। একটা হালকা হাওয়ায় অষেষা যেন একটু কঁেপে উঠল। অঞ্জন তখন কফির কাপে ঢুমুক দিতে দিতে ভাবল, একে কি শিহরণ বলে! এমন সময় টেলিফোনে রিং। কৌশিকের ফোন। অঞ্জনের ছোটবেলার বন্ধু। চট্টগ্রাম থেকে।

—এই, কী খবর? শিল্পীর জীবন কেমন কাটিছে।

—এই তো আছি। অষেষাকে নিয়ে দিন কেটে যাচ্ছে।

—অষেষাকে নিয়ে দিন কেটে যাচ্ছে, মানে কী? অষেঘাটা আবার কে?

—ওই যে তোকে বলেছিলাম না! অষেষা। বগুড়ায় একটা আর্ট এক্সিবিশনে গিয়ে পরিচয়।

—ও হ্যাঁ, ওই যে বলেছিল। সে তো বিদেশি কোনো মেয়ে। তার নাম কি অষেষা?

—আরে, বিদেশি হতে যাবে কেন? ও তো বাংলাদেশে বড় হওয়া একটা মেয়ে। আমাদের আর্ট কলেজ থেকে পাস। পুরো দস্তুর শাড়ি পরা বাঙালি। এখন বাবা-মার সঙ্গে নিউইয়র্কে থাকে। ওখানকার কোনো এক স্টুডিওর পক্ষ থেকে এসেছে।

—তা সে প্রবাসিনী তোর ঘাড়ে চাপল কী করে?

—কে কখন কার ঘাড়ে চাপে, কী মাথায় চাপে, তা কি বলা যায়! তুই কিন্তু দেরি করবি না। আমি কিন্তু এক্সিবিশনের জন্য গ্যালারি বুকিং দিয়ে দিয়েছি।

—তা গ্যালারি বুকিং দিয়েছিস। ছবি কি রেডি হয়েছে?

—ওসব ছবি নিয়ে একদম ভাববি না। সময় মতো সবকিছু রেডি হয়ে যাবে। ছবি তো আগে মনের ক্যানভাসে আঁকতে হবে। তারপর তো ইজেকলের ক্যানভাসে ফুটে উঠবে। এখন ঋতু পর্যায়ের গান শুনছি আর অষেষার নেশায় বৃন্দ হয়ে আছি।

—শালা! তুই এবার নির্ঘাত ভোবাবি। একটা মেয়ের সঙ্গে পরিচয় হয়েছে, ভালো। ঘুরবি ফিরবি। ডেটিং ফেটিং করবি, ঠিক আছে। তাই বলে অপরিচিত একটা মেয়েরকে বাসায় এনে তুলবি। দাঁড়া, আমি এখনই আংকেল আন্টিকে টেলিফোন দিয়ে জানাচ্ছি। দেখি তোর অষেষার ভূতটা মাথা থেকে নামানো যায় কিভাবে!

—ভূত নয় বন্ধু। প্রেম। বুকে প্রেম না থাকলে ছবি জীবন্ত হয়ে উঠবে কীভাবে? ছবি মানে তো ক্যানভাসের ওপরে শুধু লাল নীল নানা রঙের আস্তরণ নয়। ছবিতে আদর সোহাগ ভালোবাসা দিয়ে প্রাণ প্রতিষ্ঠা করতে হয়।

—তুই যে এত কথা বলছিস, অষেষা শুনছে না!

—শুনলে শুনুক। আমিতো শোনাতে চাই। চিৎকার করে শোনাতে চাই। এই যে অষেষা, তুমি কি শুনতে পাছ?

—কোথায় তোর অষেষা? কত দূরে, যে এত জোরে চিৎকার দিচ্ছিস?

অঞ্জন ইজল রেকে ওপরের ক্যানভাসটা উল্টে দিয়ে বলল, এতক্ষণ ঘরের ভেতরেই জানালার ধারে দাঁড়িয়ে ছিল। বর্ষার বৃষ্টি দেখছিল। এখন দূরে, নদীর ধারে, কাশের বনে। শরতের পড়ন্ত বিকেল। রোদ এসে পড়েছে সাদা কাশফুলের ওপরে। এলোমেলো বাতাসে কাশফুলে ডেউ খেলে যাচ্ছে। অষেষা তারই মাঝে এক গুচ্ছ কাশফুল বুকে জড়িয়ে ধরে দাঁড়িয়ে ছিল। এই মাত্র আমার ডাক শুনে ফিরে তাকাল। বাতাসে উড়ছে ওর শাড়ির আঁচল। তুই কি এবার দেখতে পাচ্ছিস?

—হ্যাঁ, বন্ধু। খুব দেখতে পাছি। পরিষ্কার দেখতে পাছি। তার খোঁপায় শিউলি ফুলের মালা। এমনকি ওর শরীর থেকে বকুলের গন্ধ পর্যন্ত পাছি। তবে চুলটা খুলে দিলে পারতি। শাড়ির আঁচলের সঙ্গে উড়ত। তাতে আরও বেশি প্রাণবন্ত, আরও বেশি জীবন্ত হয়ে উঠত।

—তা চুল খোলা আর এমন কঠিন কি? তুই যখন বলছিস দিলাম খুলে। শাড়ি খুলতে তো আর বলসিন!



উতল হাওয়া

কথাগুলো বলতে বলতে দুজনেই হো হো করে হেসে উঠল। তারপর কৌশিক বলল, বুঝেছি বন্ধু তুমি অনেক দূর এগিয়ে গেছ। এখন কাশবন থেকে বেরিয়ে কিছুদিন ধানের খেতে রৌদ্রছায়ায় লুকোচুরি খেল। তারপর আমলকি খাও।

—ধানের খেতে রৌদ্রছায়ায় লুকোচুরি খেলাটা তো বুঝলাম। কিন্তু আমলকি খাওয়ার ব্যাপারটা কী। এটা কিসের ইঙ্গিত?

—না বন্ধু, আমি কোনো ইঙ্গিত

করিনি। যা করার তা উনি করে গেছেন। ‘শীতের হাওয়ার লাগল নাচন আমলকির এই ডালে ডালে’ ঠিক ওই সময় আমলকি পাওয়া যায় কিনা তাও জানি না। এত গাছ রেখে শীতের হাওয়া কেন আমলকির গাছে, তাও ঠিক জানি না। খেজুর গাছে লাগলে তবু একটা কথা ছিল। এরপরে আবার বসন্ত গিয়ে লিখেছে, ‘ফাগুন হাওয়ায় হাওয়ায় করেছি যে দান। আমার আপনহারা প্রাণ, আমার বঁধন-ছেড়া প্রাণ।’ কী যে সব শব্দ শব্দ কথা। তোরা শিল্পী সাহিত্যিকেরা পারিসও বটে।

অঞ্জন বলল, ওই গানে আমার প্রিয় লাইন হলো, ‘তোমার অশোকে কিংশুকে, অলক্ষ্য রং লাগল আমার আকারগের সুখে’। এই অকারগের সুখটা ছবিতে ধরতে পারাটাই একজন শিল্পীর সার্থকতা।

দুই. শেষ পর্যন্ত আলিয়ঁস ফ্রঁসেজের গ্যালারিটা পাওয়া যায়নি। ফরাসি দূতাবাসের নিজেদের একটি জরুরি কর্মসূচি ছিল। শেষে মুহূর্তে ভেন্যু পরিবর্তন করে ধানমন্ডির দূক গ্যালারি। সবাইকে নতুন করে জানানো হলো। বিশেষ ভাবে আমন্ত্রিতদের মধ্যে অষেষাকে পাওয়া গেল না। টেলিফোন সুইচড অফ। বগুড়ায় যখন দেখা হয় তখন বলেছিল রেডিসন হোটেল। সেখানে খোঁজ নিয়ে জানা গেল বেশ কয়েক দিন আগেই সে হোটেল ছেড়ে দিয়েছে। অঞ্জনের খুব মন খারাপ। এক্সিবিশন হবে অষেষাকে ছাড়া। অথচ সে হয়তো ঢাকাতেই আছে। একবার অনুষ্ঠান বাতিল করার কথাও বলেছিল। শুধু কৌশিক খুব শক্ত ভূমিকা রেখেছিল। বলেছিল, সব আয়োজন শেষ। এখন এসব পাগলামির কোনো মানে হয় না। পত্রিকায় বিজ্ঞাপন দেওয়া হয়েছে। আসতে চাইলে ঠিক খুঁজে চলে আসবে।

অনুষ্ঠান শুরুর পর দুপুরের দিকে অষেষাকে পাওয়া গেল। আলিয়ঁস ফ্রঁসেজে নোটিশ টাঙানো ছিল। সেখান থেকে ঘুরে দূক গ্যালারিতে এসেছে। গ্যালারিতে ঢুকেই চোখ চড়কগাছ। প্রতিটা ছবিতেই অষেষা। অঞ্জনকে দেখা মাত্র চেপে ধরল। এটা কী করেছেন? আপনি কি আমার পারমিশন নিয়েছিলেন? পারমিশন ছাড়া আপনি এটা করতে পারেন না।

সমস্যাটি জটিল হতে পারত। হয়নি। অষেষার প্রতিবাদে কোনো উত্তাপ ছিল না। অনুযোগ ছিল। অঞ্জন বলল, বগুড়াতে তো আপনার সঙ্গে কথা হলো। আপনাকে বলেছিলাম, আমি আপনার ছবি আঁকব, আপনি ইচ্ছা করলে আমাকে আঁকতে পারেন। এক্সিবিশনটা যৌথভাবে হতে পারে। তারপর তো আপনি লাপাতা হয়ে গেলেন।

অষেষা বলল, আমি ভেবেছিলাম আপনি ফান করছেন। আপনি এমনটা করবেন আমি ভাবতে পারিনি। সেদিন তো আরও অনেক কথাই হয়েছিল। সেগুলোকেও কি সত্যি ধরে নেন?

আলোচনাটা অন্যদিকে মোড় নিচ্ছিল। এগোতে পারল না। মিডিয়ার লোকেরা মৌমাছির চাকের মতো

চারিদিক থেকে চেপে ধরল। সম্পর্কের পোস্টমর্টেম শুরু হয়ে গেল। কী, কেন, কোথায়, কত দিন, কীভাবে—এমন হাজার প্রশ্ন। খবর পেয়ে নতুন নতুন সাংবাদিকেরা আসছে। আর একই প্রশ্ন বারবার ঘুরে ঘুরে চলছে। শেষ পর্যন্ত দুজনকেই পালিয়ে বাঁচতে হলো।

রাতে অষেষার ফোন এল।

সোনারগাঁও হোটেল থেকে। সে অঞ্জনের সবগুলো ছবি কিনে নিতে চায়। যেকোনো দামে। অঞ্জন কোনো ছবিই বিক্রি করবে না। পরদিন সব পত্রিকায় দুজনের ছবিসহ সংবাদ, সঙ্গে নানান গসিপ ছাপা হলো। এক্সিবিশনে মানুষের ভিড় উপচে পড়ল। অনেকেই ছবি কেনার আগ্রহ প্রকাশ করল। অঞ্জন তার সিদ্ধান্তে অটল। সে কোনো ছবি বিক্রি করবে না। সব ছবিতে ‘বিক্রয়ের জন্য নয়’ লিখে ট্যাগ লাগিয়ে দেওয়া হলো।

দুদিনের অনেক ধকল শেষ করে

বাসায় ফিরতেই অষেষার ফোন।

—কী করছেন? কোথায় আপনি?

—এইতো প্রোগ্রাম শেষ করে মাত্র

বাসায় ফিরলাম। আপনি কিন্তু আজ ফাঁকি দিলেন। খুব আশা করেছিলাম আপনি আসবেন।

—সকালে পত্রিকার গসিপগুলো

পড়ে এক্সিবিশনে হাওয়ার আগ্রহটাই হারিয়ে গেল। তা ছাড়া ছবিগুলো যখন বিক্রি করবেন না তখন আর মায়া বাড়িয়ে লাভ কী!

—ক্ষতিও তো কিছু ছিল না। মায়া

থেকেই তো ভালোবাসার জন্ম হয়।

—আপনি উল্টো বললেন।

ভালোবাসা থেকেই মায়ার জন্ম হয়।

—হতে পারে। হয়তো আপনিই

ঠিক। আবার যৌথভাবেও হতে পারে। মানে, মায়া এবং ভালোবাসা, দুটো এক সঙ্গেও হতে পারে।

—পারে, মানে পারত। তবে সময়

শেষ। আগামীকাল সকাল ১০টায় আমার ফ্লাইট। যাওয়ার আগে আপনার সঙ্গে একবার দেখা করতে চাই। সকাল সাতটায় আমি হোটেলের লবিতে অপেক্ষা করব।

সকালে যখন অঞ্জনের ঘুম ভাঙল তখন দেয়াল ঘড়িতে সকাল আটটা। মোবাইলে অ্যালার্ম কেক করে দেখে পিএম হয়ে আছে। তাড়াহুড়া করে অষেষাকে ফোন দিল।

—সরি, আমার ঘুম থেকে উঠতে

দেরি হয়ে গেছে। আপনি কোথায়? আমি কি সরাসরি এয়ারপোর্টে আসব?

—না, আমি হোটেলের লবিতেই

আপনার জন্য অপেক্ষা করছি। আপনার সঙ্গে দেখা না করে কোথাও যাব না।

ঢাকা শহরের ট্রাফিক জ্যাম ঠেলে অঞ্জন যখন হোটеле পৌঁছল তখন ঘড়িতে প্রায় নয়টা। অষেষা নির্বিকার লবিতে বস। অঞ্জন বলল, তাড়াতাড়ি গাড়িতে উঠে বসুন। সরি, আমি হয়তো আপনার ফ্লাইটটা মিস করিয়ে দিলাম। তবু শেষ চেষ্টা করে একবার দেখা যাক। আর আপনার ছবিগুলো গাড়িতে প্যাকেট করা আছে। ওগুলো আপনি সঙ্গে নিয়ে যান।

—কেন? আপনি তো ছবি বিক্রি করবেন না। তাহলে আমি ছবি নেব কীভাবে?

—ওই যে রাতে বললেন, মায়া।

মায়ার বিনিময়ে।

—মায়ার কি কোনো বিনিময় হয়? মায়া আর ভালোবাসা যে হাত ধরাধরি করে চলে।

—এখন কথা বাড়াবেন না। তাড়াতাড়ি গাড়িতে উঠে বসুন। আমি আপনার ফ্লাইট মিস করানোর দায় নিতে চাই না।

—কেন? দায় নিতে কি আপনি ভয় পান?

অঞ্জন গাড়ির দরজা খুলে ধরে বলল, ভালোবাসার দায় নিতে ভয় পাই না কিন্তু দোষের দায় কে নিতে চায়? আর হয়তো আজ আমার কপালে সেটাই জুটবে।

—আর, আমি যদি আপনাকে সে

দোষের দায় থেকে মুক্তি দিই? তাহলে? অঞ্জন অবাক হয়ে বলল, কীভাবে?

—ফ্লাইট যদি বাতিল করে দিই।

এয়ারপোর্টে যদি না যাই। যদি বলি, আমি আর নিউইয়র্ক ফিরে যাব না। আমরা দুজন মিলে ছবি আঁকব। যৌথভাবে। যৌথ জীবনের ছবি।

অষেষার কথা শুনে অঞ্জনের পৃথিবাটা যেন মুহূর্তের জন্য থমকে গলে। তারপর




LAW OFFICE

এসাইলাম, বিনিয়োগ ও বিয়ের মাধ্যমে গ্রীনকার্ড; স্টপ ডিপোটেশন;ক্রিমিনাল, ডিভোর্স,বাড়ীর ভায়েলেশন রিমোভ, রিয়েল এস্টেট,ট্যাক্স সমস্যার সমাধান, ফোরক্লোজার স্টপ ও হার্ড ক্যাশ লেনা

এক্সিডেন্ট/পার্সোনাল ইনজুরী।

Rafi : 917-432-7458



প্যাসিভ অ্যাগ্রেসিভ শিশুর সঙ্গে আচরণ করা শিখতে হবে

এইচ বি রিত্তা

প্যাসিভ-অ্যাগ্রেশনের মানে হলো লুকানো রাগ। যদি শিশুদের অনুভূতিকে দমন করতে এবং অস্বীকার করতে শেখানো হয়, যদি প্রকাশ করার সুযোগ দেওয়া না হয়, তাহলে তারা এই প্যাসিভ অ্যাগ্রেশনের কাছাকাছি যাওয়ার উপায়গুলো যেমন, রাগাগ্নিত হওয়া, গোপন আচরণ, মনযোগ না দেওয়া, ভুলে যাওয়া, অস্পষ্টতা, বিশৃঞ্জলা সৃষ্টি ইত্যাদি খুঁজে নেয়।

বেশির ভাগ শিশুর মাঝেই এই প্যাসিভ-অ্যাগ্রেশন প্রবণতা থাকে। এই প্রবণতা দূর করাও সম্ভব। তবে, যদি মা এবং বাবা এই আচরণ বন্ধ করতে সাহায্য না করেন, তবে শিশুরা এভাবেই তাদের পুরো জীবন কাটাতে হয়। যেমন—আপনি আপনার রান্নাঘরে বা পরিবারে যেকোনো কাজে ব্যস্ত আছেন এবং কোনো কারণে আপনি আপনার সন্তানকে ডাকছেন। যেমন বলছেন,-‘এই রাতুল। (আমরা প্রায়শই সন্তানদের ডাকতে গিয়ে শুধু নাম ধরে ডাকি। সম্পূর্ণ বাক্যের ব্যবহার কি না।) আপনি তাকে ডাকছেন। কিন্তু সে কোনো সাড়া দিচ্ছে না। হয়তো সে অন্য কিছু করায় ব্যস্ত। আপনি আবারও তাকে ডাকলেন, কোনো সাড়া নেই। এবার আপনি সামান্য বিরক্ত বা রাগ হয়ে উচ্চকণ্ঠে বললেন, ‘এই রাতুল। এখানে আসো। তোমাকে যে ডাকছি, শুনছ না?’

অবশেষে আপনার সন্তান তার ঘর বা অবস্থান থেকে বেরিয়ে আসল এবং আপনাকে আনন্দদায়ক অভিবাদন জানানোর পরিবর্তে ‘কী হয়েছে, মা?’ বা ‘কি?’ বলে জবাব দিল। বাবা-মা হিসেবে অবশ্যই আপনার কাছে সন্তানের এমন বিরক্তিকর সুর ভালো লাগবে না। এমন জবাব শুনে আপনার তখন রক্ত ফুটতে শুরু করবে। কারণ আপনি বুঝতে পারছেন না আপনার সন্তানের এমন বিরক্তি বা রুক্ষ আচরণের কারণ কী।

আপনি নিজেকে জিজ্ঞাসা করতে শুরু করলেন, ‘আমি তার সঙ্গে এমন কী করেছি যাতে সে আমার সঙ্গে এভাবে আচরণ করছে? আপনি হয়তো সে সময় নিজ সন্তানের ব্যবহারের সঙ্গে অন্য কারও সন্তানের ব্যবহার তুলনা করতে শুরু করবেন। মন খারাপ হবে। আপনি ভাববেন, এত ভালোবাসি তাকে, এত যত্ন করি, তবু কেন এমন ব্যবহার?’

কিন্তু এর একটি সহজ উত্তর হলো, আপনি এই বিশেষ মুহূর্তে কিছুই করেননি। আরও বিস্তারিত উত্তরটি হলো, আপনার সন্তান এখন ক্ষুব্ধ-রাগাগ্নিত। সে হয়তো নিজেও জানে না, কেন সে রাগাগ্নিত বা ক্ষুব্ধ। এখন, বাবা-মা হিসেবে এখানেই আপনাকে ইনভলভ হতে হবে। আপনার সন্তানের সমস্যাটি চিনতে হবে, জানতে হবে, খুঁজে বের করতে হবে। এর একটি নাম দিতে হবে। মনোবিজ্ঞানের ভাষায় এই ধরনের সমস্যাটির নাম হলো, প্যাসিভ অ্যাগ্রেসিভ বিহেভিয়ার বা প্যাসিভ আক্রমণাত্মক আচরণ।

প্যাসিভ আক্রমণাত্মক আচরণ হলো, প্রতিকূলতার পরোক্ষ অভিব্যক্তি। যেমন-কাজ সম্পন্ন করতে বা সাড়া দিতে বিলম্ব করা, একগুঁয়েমি ও নিষ্ঠুর আচরণ, মনোযোগী না হওয়া, বার্থ হওয়া ইত্যাদি। এসব আচরণগুলোর জন্য প্রায়ই স্পষ্টভাবে কেউ না কেউ দায়ী। তবে এই আচরণগত সমস্যাটির জন্য আপনার সন্তান অপরাধী নয়। বাবা-মায়ের সামান্য সহযোগিতা পেলে তারা নিজেরাই এই আচরণ থেকে বের হয়ে আসতে পারবে। পিতা-মাতা হিসেবে আমাদের বাচ্চাদের এমন আচরণে তাদের প্রতি আড়ুল তোলার আগে আমাদের একটি স্ব-পরীক্ষা করে নেওয়া গুরুত্বপূর্ণ। আমাদের নিজস্বদের জিজ্ঞাসা করা দরকার, আমরা সন্তানের কাছে বা সামনে নিষ্ক্রিয়ভাবে এই আক্রমণাত্মক আচরণ প্রদর্শন করছি কিনা। কিংবা, আমরা পরিবারে দাম্পত্য সম্পর্কের বেলায় একে অন্যের প্রতি এমন আচরণ করছি কি?

শিশুরা আমাদের থেকে শেখে। যা পর্যবেক্ষণ করে, তাই ধারণ করে। ধরুন, আপনাদের দাম্পত্য জীবনে কোনো সমস্যা হচ্ছে, মতবিরোধ হচ্ছে। এটা নিয়ে তর্ক বিতর্ক হতে পারে। সে সময় আপনার শিশুটি কোনো না কোনো ভাবে দেখল যে, আপনারা একে অন্যের প্রতি রাগাগ্নিত বা একে অন্যকে কথা বলার, বোঝার সময় বা সুযোগ দিচ্ছেন না। একচেটিয়া কেবল লড়াই করেই যাচ্ছেন। তখন শিশুটিও সেই কনসেপ্ট ধারণ করার

সম্ভাবনাই বেশি রাখবে। শিশুটিও ভেবে নেবে যে, এখানে সবার মতামত বা আবেগ-অনুভূতি গ্রহণযোগ্য নয়, বরং অবহেলিত।

অনেক সময় আমরা মনে করি, শিশু বয়সে কত কী হয়। বাচ্চাদের বয়সের সঙ্গে সব ঠিক হয়ে যায়। কিন্তু শিশু বয়সের সময়ের সঙ্গে প্যাসিভ আক্রমণাত্মক আচরণটা চলে যাবে, বিষয়টা এমন নয়। এটা একটা অভ্যাস এবং উপায়, যা আপনার শিশু এভাবেই নিজেকে প্রকাশ করতে শিখেছে। এটি আসলে তাদের পক্ষ থেকে একটি নিয়ন্ত্রণ প্রক্রিয়া।

প্যাসিভ আক্রমণাত্মক আচরণটা প্যাসিভ রেজিস্ট্যান্স তখনই হয়, যখন বাচ্চারা আপনাকে প্রতিরোধ করে আপনার ওপর শক্তি বিকাশ করতে শেখে। এটি অ্যাগ্রেশনের বিপরীত; এখানে আপনাকে হুমকি বা চিৎকার করার পরিবর্তে একটি প্যাসিভ-আক্রমণাত্মক শিশু কেবল নীরব থাকবে এবং আপনাকে উত্তর দেবে না। ধরুন, আপনি তাকে ডাকছেন। সে তার ঘরে আছে। কিন্তু কোনো উত্তর দিচ্ছে না। সে না শোনার ভান করে



আছে। বারবার ডাকার পর যখন আপনি কোনো সাড়া পাচ্ছেন না, তখন আপনি নিজেই তার ঘরে গেলেন। এখানে শিশুটি মূলত আপনাকে তার ঘরে আসতে বাধ্য করল। অর্থাৎ তার হাতে ক্ষমতা। এটিই হলো একটি শিশুর ক্ষমতা পাওয়ার একটি উপায় এবং এটাই প্যাসিভ রেজিস্ট্যান্স বিহেভিয়ার।

প্যাসিভ অ্যাগ্রেশন বা আক্রমণাত্মক একটি শিশু বা ব্যক্তির ক্ষেত্রেও সরাসরি রাগ প্রকাশের ভয় দ্বারা অনুপ্রাণিত। একজন প্যাসিভ-আক্রমণাত্মক শিশু বা ব্যক্তি অনেক সময় বিশ্বাস করে, যদি অন্য লোকেরা তাদের অনুভূতি, রাগের কথা জানতে পারে, তবে খারাপ কিছু হতে পারে। তাই তারা প্রত্যক্ষ নয়, পরোক্ষ ভাবে রাগ প্রকাশ করে। তারা অন্যদের হতাশ করে প্রকৃত মাধ্যমিক আনন্দ লাভ করে। এ কারণে, অনেকে একে ‘দ্য অ্যাংরি স্বাইল’ বলে থাকেন।

বিশেষজ্ঞদের মতে, প্যাসিভ-আক্রমণাত্মক আচরণগুলোর মধ্যে রয়েছে—রাগের অনুভূতি অস্বীকার করা বা দমন করা। ভালো-মন্দ জানতে চাইলে উত্তর ‘আমি ভালো আছি এবং হোয়াটএভার/যাই হোক না কেন—এর মতো সংক্ষিপ্ত জবাব দেওয়া, প্রত্যাহার করা, জবাবে নীরব থাকা, অন্যদের মধ্যে ছোট কিন্তু দীর্ঘস্থায়ী জ্বালা বোধ তৈরি করা। স্পষ্টভাবে সহযোগী হলেও গোপনে অসহযোগী হওয়া, কোনো কাজ নিখুঁতভাবে সম্পাদন করতে দেরি করা, অন্যকে দোষারোপ করা, এড়িয়ে চলা, অনুভূতি গোপন করা, সরাসরি যোগাযোগ এড়াতে ইমেইল, টেক্সটিং, সোশ্যাল মিডিয়া এবং অন্যান্য ধরনের প্রযুক্তি ব্যবহার করা, নিজেকে নীরবে অতিমাত্রায় রাগী ব্যক্তির ভূমিকায় ফেলা এবং চূপচাপ থেকে ব্যক্তি বা পরিবেশ নিয়ন্ত্রণ করা।

প্যাসিভ আক্রমণাত্মক আচরণে হয়তো প্রায়ই আপনি সন্তানের মুখে শুনতে পারেন, ‘আমি এটা করতে পারিনি কারণ..., তুমি যা বলছে তা আমি শুনিনি। আমিও এটা করেছি, তুমি আমাকে যা বলেছিলে তা করতে ভুলে গেছি। তুমি যা চেয়েছিলে আমি তা করার চেষ্টা করেছি, কিন্তু আমি জানি না, তুমি আসলে কি চাচ্ছ, হ্যাঁ আমি এটা করব, কিন্তু আমাকে আগে আমার কাজটা করতে হবে’ ইত্যাদি।

প্যাসিভ-আক্রমণাত্মক আচরণের সঠিক কারণ জানা

নেই। তবে, জৈবিক এবং পরিবেশগত উভয় কারণই প্যাসিভ-আক্রমণাত্মক আচরণের বিকাশে ভূমিকা রাখতে পারে বলে ধারণা করা হয়। গবেষকেরা বিশ্বাস করেন, যারা প্যাসিভ-আক্রমণাত্মক আচরণ প্রদর্শন করে, তারা শৈশব থেকেই এটি করতে শুরু করে। প্যারেন্টিং স্টাইল, পারিবারিক গতিশীলতা এবং অন্যান্য শৈশব প্রস্তুতবগুলো এর কারণ হতে পারে। শিশু নির্যাতন, অবহেলা এবং কঠোর শাস্তি একজন শিশু বা ব্যক্তির মধ্যে প্যাসিভ-আক্রমণাত্মক আচরণ গড়ে তুলতে পারে। পদার্থের অপব্যবহার এবং কম আত্মসম্মানও এই ধরনের আচরণের দিকে পরিচালিত করে বলে মনে করা হয়। অন্তর্নিহিত শারীরিক ও মানসিক স্বাস্থ্যের অবস্থার ফলেও এমন আরণ হতে পারে যা প্যাসিভ-আক্রমণাত্মক আচরণের অনুরূপ প্রদর্শিত হয় বলে ধারণা করা হয়।

একজন অভিভাবক হিসেবে যদি আপনি বুঝতে পারেন, আপনার স্কুলবয়সী শিশুর মধ্যে প্যাসিভ-আক্রমণাত্মক আচরণটি একটি অভ্যাসে পরিণত হচ্ছে, তাহলে এই সমস্যাটি জরুরি ভিত্তিতে মোকাবিলা করা বুদ্ধিমানের কাজ হবে।

‘হাউ টু রিয়েলি লাভ ইওর অ্যাংরি চাইল্ড’-এর লেখক মনারোগ বিশেষজ্ঞ ক্যাম্পবেল সতর্ক করে বলেন, শিশুদের মধ্যে প্যাসিভ-আক্রমণাত্মক আচরণ হলো রাগ ভাঙানোর ভয়, অভিশাপ দেওয়া, সম্পত্তি ধ্বংস করা অথবা শারীরিক ও মৌখিক অপব্যবহারের চেয়েও বেশি উদ্বেগজনক কিছু করা। তিনি বলেন, ‘প্যাসিভ আক্রমণাত্মক আচরণ যা ১৭ বছর বয়সের পরেও চলতে থাকে, তা জীবনের জন্য স্থির থাকে।

বাবা-মা হিসেবে আমাদের সবার মাঝেই বক্তৃতা দেওয়ার একটা প্রবণতা রয়েছে। আমরা জীবনের অর্জিত সমস্ত জ্ঞান সন্তানদের ওপর ভাগ করে নিতে চাই বা চাপিয়ে দিতে চাই। সেটা ভিন্ন কথা। তবে পিতা-মাতা হিসেবে আমাদের কাজ হলো আমাদের সন্তানদের সঠিক ভাবে গাইড করা। কিন্তু সবকিছুর জন্য একটি সময় এবং পরিস্থিতি রয়েছে। প্যাসিভ আক্রমণাত্মক আচরণের সঙ্গে লড়াই করা সন্তানের জন্য আমাদের আশুও ধৈর্যশীল ও সহনশীলতার সঙ্গে এগোতে হবে। এ সময় সন্তানের মুখে অনেক কঠিন শব্দ-বাক্যের সঙ্গে নেতিবাচক আচরণে আমরা আহত হতে পারি, সে জন্য প্রস্তুত থাকতে হবে।

আমরা জানি যে, এটা কঠিন হবে কিন্তু সতি বলতে সেই মুহূর্তে, যখন আপনি সরাসরি প্যাসিভ আক্রমণাত্মক আচরণের শিকার হবেন, তখন আপনার সন্তানকে তার অনুভূতি প্রকাশ করতে উৎসাহিত করতে হবে এবং তাকে সরাসরি কিছু প্রশ্ন করতে পারেন। যেমন-আপনি জিজ্ঞাসা করতে পারেন, তুমি এত রাগ করছ কেন? আমার প্রতি এত রাগ প্রকাশ করার কারণটা কি বলবে? কেন এভাবে আচরণ করছ?

বেশির ভাগ ক্ষেত্রেই শিশুরা এর সঠিক জবাব দেবে না। তাদের সঙ্গে স্পষ্ট আলোচনায় কারণগুলো বের করতে হবে। এটা আমার ব্যক্তিগত অভিজ্ঞতার আলোকে ব্যাখ্যা করা।

প্যাসিভ আক্রমণাত্মক শিশুর সঙ্গে আচরণ করা শিখতে হবে আমাদের। আপনার সন্তানের সঙ্গে ইতিবাচকভাবে আলোচনা অব্যাহত রাখুন। তাকে তার অনুভূতি প্রকাশ করতে উৎসাহিত করুন, যা তার জন্য উপযুক্ত। তাকে চিৎকার করার এবং রাগ করার অনুমতি দিন। তার রাগে পাল্টা রাগ করবেন না বা তার অনুভূতির অভিব্যক্তি বন্ধ করবেন না। এই পরিস্থিতি কঠিন, তবে ধৈর্যের সঙ্গে আপনার নিজেকে শান্ত রাখতে হবে। আপনার সন্তানকে বুঝতে দিন যে, তার রাগাগ্নিত আবেগগুলো বুঝতে এবং মোকাবিলা করতে সাহায্য করার জন্য আপনি সেখানে উপস্থিত আছেন। আপনার সন্তানের রাগকে গ্রহণ করুন এবং এর অন্তর্নিহিত কারণগুলো খুঁজে বের করার চেষ্টা করুন। তারপর নিজে কি সেই রাগের কারণের সঙ্গে সংযুক্ত কিনা, তা ভেবে দেখুন এবং নিজেকেও সংশোধন করার চেষ্টা করুন। আপনার সন্তানকে বলুন, আপনি তার অনুভূতির প্রতি সম্মান রাখেন। আপনার সন্তানের ভালো আচরণের জন্য নিজেও একজন ভালো মডেল হোন। শিশুরা নিজস্ব একটা স্পেস চায় এবং আমাদের তাদের সেই স্পেসটা দিতে হবে।



থাকল না তো, চলে গেল

শেলী জামান খান

সকালে ঘুম ভেঙে ফোন চেক করতে গিয়ে প্রথমেই চোখে পড়ল ঢাকা থেকে হোয়াটসঅ্যাপে আসা সমীরদার গত বছরের তোলা ছবিসহ আর্ত বার্তাটি, ‘থাকল না তো, চলে গেল। খুব খারাপ লাগছে।’

ছবিটি তোলা হয়েছিল আবৃত্তিকার মসিউদ্দীন খান সমীর ও প্রখ্যাত সংগীত শিল্পী ফাতেমা তুজ জোহরার স্বপ্নের প্ল্যাটফর্ম ‘শুদ্ধমঞ্চ’ আয়োজিত অনুষ্ঠানে। অনুষ্ঠানের একটি বিশেষ পর্বে ছিল আমার লেখা ‘আবর্তন’ গল্প সংকলনটির মোড়ক উন্মোচন। এটির আয়োজন করেছিলেন সমীরদা। সৌভাগ্যক্রমে এই মানুষটির স্নেহ-ভালোবাসায় সিক্ত হয়েছি বারবার। সেই ছবিতে সারিবদ্ধভাবে দাঁড়িয়ে আছি আমরা কয়েকজন। হাস্যোজ্জ্বল মুখের জনপ্রিয় অভিনেতা ও আবৃত্তিকার মাহমুদ সাজ্জাদ, সমীরদা, আমি এবং ফাতেমা আপু। আমাদের সবার হাতে শোভা পাচ্ছে একটি করে আবর্তন গল্প।

সমীরদা কোনো নাম উচ্চারণ করেননি। বলেননি কে চলে গেলেন। কিন্তু অনুচ্চারিত নামের মানুষটি কে হতে পারেন বুঝতে আমার এক মুহূর্তও বিলম্ব হলো না। বেশ কিছুদিন আগেই জেনেছিলাম, সাজ্জাদ ভাই করোনায় অক্রান্ত। খবর পেয়েই সমীরদাকে লিখেছিলাম, “সমীরদা, সাজ্জাদ ভাইয়ের সঙ্গে ফোনে কথা হলে প্লিজ আমার নাম করে বলবেন, ‘শেলীর খুব মন খারাপ হয়েছে অসুখের কথা শুনে। সুস্থস্থ্যের পাওয়ার হাউস এই মানুষটির অসুস্থ হওয়া একদম সাজে না। তিনি যেন দ্রুত সুস্থ হয়ে ওঠেন। বলবেন কিন্তু।”’ এর কিছুদিন পরে সমীরদার কাছ থেকেই শুভনামা, তিনি সুস্থ হয়ে উঠছেন। সমীরদা লিখেছিলেন, ‘ভয় পেয়ো না। তোমার নায়ক সুস্থ হয়ে উঠছেন। এখনো কারও ফোন রিসিভ করছেন না। তবে আশা করছি, অচিরেই তাঁর সঙ্গে আমার কথা হবে। তখন অবশ্যই তোমার কথা বলব। বলব তোমার বড় বড় দীর্ঘশ্বাস ফেলার কথা। সুদূর আটলান্টিকের ওপার হতে পাঠানো বিরহী যক্ষের বার্তা তাঁকে আমি পৌঁছে দেব। কথা দিলাম।’

তাই প্রথমে বিশ্বাস হচ্ছিল না। এ কেমন কথা? সুস্থ হয়ে ওঠা মানুষটি চলে যাবেন কেন? শুধু লিখলাম, ‘কী বলেন? কখন?’

সমীরদার দ্বিতীয় বার্তাটি এল দুপুরের দিকে—“কিছু বলার নেই। কিছু কিছু সময় কিছু বলা যায় না। এই তো গেলেন ড. ইনাম ভাই, চোখ মুছতে না মুছতেই সাজ্জাদ ভাই। ইনাম ভাই যাওয়ার দুদিন আগে আমার সঙ্গে ফোনে কথা বলে গেছেন, সাজ্জাদ ভাই আমার বাসায় এসেছিলেন কিছুদিন আগে। লেেছিলেন, ‘করোনার ভয় করে লাভ নেই, এর মধ্যেই আবার আসব।’ কিন্তু তিনি কথা রাখেননি। রাখতে পারলেন না। নিয়মের হাতে হাত মেলালেন।” সঙ্গে সঙ্গে ফোন করলাম সমীরদাকে। ফোন শুধুই বেজে গেল। সমীরদা ফোন ধরলেন না। হয়তো কথা বলার মতো মন নেই সমীরদার। নিশ্চয়ই খুব কষ্ট পাচ্ছেন প্রিয় বন্ধুকে হারিয়ে।

টেজ্ঞাট করলাম, ‘সমীরদা, বড় কষ্ট পেয়েছি মনে। দুদিন আগে বোষ্টন এসেছিলাম বেড়াতে। আজ ফিরতি পথে সারা রাত্তায় মনটা মুখভেঁ আছে। বুকে চিনচিনে একটা ব্যথা। অথচ এই মানুষটা আমার কেউ হয় না। তবুও এত কষ্ট কেন পাচ্ছি জানি না।’

দুদিনের জন্য বোষ্টনে এসেছিলাম বেড়াতে। ছিলাম খুব আনন্দ চিত্তে। এখন ফিরে যাচ্ছি। মনটা বিমর্ষ। বোষ্টন থেকে গাড়ি চলছে নিউইয়র্কের পথে। ড্রাইভ করছে বিলকিস রহমান দোলা। আমার অসম বয়সী এক বন্ধু। তাঁর মেয়ে ‘দ্যুতি’ পড়ছে হার্ভার্ডে। দোলা দ্যুতিকে দেখতে এসেছিল। আমি আর লুসি ভাবি দোলার সফর সঙ্গী হয়ে এসেছিলাম। আমরা সবাই মিলে উঠেছিলাম দোলার শৈশবের বন্ধু মুনের ক্যামরিজের বাসায়। দ্যুতির ডর্ষ, হার্ভার্ডের ক্যাম্পাস ঘুরে, নানা জায়গায় দাওয়াত খেয়ে আনন্দময় সময় কাটিছিল আমাদের। অথচ আজকের বিদায়ের দিনে সাজ্জাদ শুরু হয়েছিল বিয়োগ দিয়ে। দোলার মন ভারাক্রান্ত মেয়েকে রেখে যাচ্ছে বলে। আমার মন ভারাক্রান্ত একজন প্রিয় মানুষ চিরতরে পৃথিবী ছেড়ে চলে গেলেন বলে।

দ্যুতি ও মুনদের কাছ থেকে সাময়িক বিদায় নিয়ে আমরা গাড়িতে উঠলাম। সামনে দোলার পাশে বসেছেন লুসি ভাবি। পেছনের সিটে আমি আর দোলার ছোট মেয়ে আরিবা। দোলা কিংবা লুসি ভাবির গল্পে যোগ দিতে পারছিলাম না। বুকটা ভার হয়ে আছে। আইপ্যাড খুলে ছবির আলবাম দেখতে শুরু করলাম। খুঁজে খুঁজে বের করলাম সাজ্জাদ ভাইয়ের সঙ্গে তোলা ছবিগুলো। প্রাণবন্ত, হাস্যোজ্জ্বল মুখ। প্রতিটি ছবিতেই হাসছেন তিনি। হাসছে তাঁর চোখ।

গুডবাই সাজ্জাদ ভাই! এত তাড়াতাড়ি চিরবিদায় জানাতে হবে জানতাম না। একদমই ভাবিনি। যখন শুনলাম আপনি অসুস্থ তখনো মনে হয়নি। এও সজীব একটি প্রাণ এত দ্রুত শুকিয়ে যাবে, ঝড়ে পড়বে, এমন ভাবনা কী করে মনে আসবে বলুন?

সমীরদার আগ্রহেই ২০২০-এর একুশে বাইরেই আমরা গল্প সংকলন আবর্তনের মোড়ক উন্মোচিত হয়েছিল আপনার হাতে। শব্দশৈলীর সামনে আপনাকে আর ফাতেমা আপুকে দেখতে ভিড় জমে গিয়েছিল। আপনি হাসিমুখে সবার সঙ্গে ছবি তুলেছিলেন। এক ফাঁকে আমার দিকে তাকিয়ে চূপচূপি বলেছিলেন, ‘আগামী বইয়ের মোড়ক উন্মোচনে আমাকে ডাকবে তো? আমি ভয় পাওয়ার ভান করে বলেছিলাম, ‘ওরে বাবা, নায়কের উপস্থিতির বিভ্রম্না যে কী তা তো বুঝতেই পারছি। বাড়ি থেকে শামীমের ভেজে আনা পেঁয়াজি আর আমার আমেরিকান চকলেট তো মুহূর্তেই গায়েব। খুব রহস্য করে হেসেছিলেন আপনি।’ আমি আজও সেই রহস্য উদ্‌ঘাটন করতে পারিনি সাজ্জাদ ভাই। বইমেলার পরপরই আবারও দেখা হলো শুদ্ধমঞ্চে। সেদিন বিদায়ের সময় আমি আপনার চোখের দিকে তাকিয়ে ছিলাম। বলেছিলাম, ‘যাওয়ার আগে আবার দেখা হবে তো? আপনার চোখে-মুখে প্রছন্ন প্রশ্নয়ের একটি হাসি ছিল। আমার হাত ধরে বলেছিলেন, ‘দেখা হবে।’ আমিও আশ্বস্ত হয়েছিলাম, ‘নিশ্চয়ই দেখা হবে।’

সমীরদা একদিন ফোন করে বললেন, ‘আমাদের একটা প্ল্যান হয়েছে। আমরা এক সঙ্গে নৌকায় নদীতে ঘুরব। নৌকায় পিকনিক হবে। একজন দক্ষ রাঁধুনির হাতে ইলিশ খিচুড়ি রান্না হবে। নৌকায় বসে ধুমায়িত গরম চা আর মুচমুচে পেঁয়াজি খেতে খেতে আমরা কবিতা শুনব। গান শুনব। এসব উচ্চাভিলাষী, অসম্ভব সব পরিকল্পনা শুধু একজনই করতে পারেন। তিনি সমীরদা। তারপর হাসতে হাসতে বললেন, ‘আমাদের সঙ্গে কে যাচ্ছে বলা তো? আমি আগ্রহ নিয়ে জানতে চাইলাম, কে সমীরদা? উত্তর—তোমার প্রিয় মানুষ। তোমার নায়ক!

কী যে আনন্দ হয়েছিল, কী বলব! নৌকায় বসে, ঢেউয়ের দোলায় দুলতে দুলতে আপনার, সমীরদার ভরাট কণ্ঠের আবৃত্তি শুনব। ফাতেমা আপার গান শুনব। জীবন এত আনন্দময়। কয়েক দিন ধরে থই থই আনন্দে ভাসতে লাগলাম। কিন্তু মহামারি এসে আমাদের সব পরিকল্পনা ভেঙে দিল। থমকে দিল। স্তব্ধ করে দিল আমাদের। আমরা জানতাম না। জানলেও গা করিনি। মহামারি তখন আমাদের দরজা ঠেলে ভেতরে ঢুকে পড়েছে। চারদিকে লকডাউন শুরু হয়ে গেল।

আমি অনিদিষ্টকালের জন্য ঢাকায় আটকা পড়ে গেলাম। বহুদিন, আপনার নহরে ফোন করতে গিয়েও করা হয়নি। একটা লজ্জা, জড়তা এসে বাধা দিয়েছে। কী ভাববেন, হয়তো বিরক্ত করা হবে, সাতপাঁচ ভবে আর ফোন করা হয়নি। কিন্তু আপনার সঙ্গে আর দেখা হবে না, তা কিন্তু ভুলেও মনে হয়নি কখনো।

সব হিসেব গোলমাল করে দিয়ে আপনি চলে যাবেন, ‘দেখা হবে’ এই আশ্বাসটুকু এমন মিথ্যা হয়ে যাবে তা কে জানত সাজ্জাদ ভাই!

আহা, সেই মানুষটাকে আর দেখব না? চীর সবুজ। মুখে মিষ্টি হাসি। যার চোখে মুখে চির যৌবনের গান। চির সবুজের উচ্ছলতা। তাঁর অনন্ত যৌবনের রহস্য জানতে চাইলে, রহস্যময় হাসি হেসে সে বলবে, ‘ফলো মি!’

তারপর হাসতে হাসতে বলবে, ‘শুধু হাসবে। আর হাসবে। দুঃখ, বেদনা, না পাওয়ার অক্ষিপে সব সব বরা পালকের মতো বেড়ে ফেলে দিতে হবে। আর প্রচুর পানি খাবে। পানি তোমাকে সজীব রাখবে। একদম সবুজ রাখবে।’

সাজ্জাদ ভাই, আমি আপনার মন্ত্রমুগ্ধ ভক্ত। আপনি আমার ইতিহাস বিভাগের বড় ভাই। গত কয়েক বছর আমাদের ইতিহাস বিভাগের অ্যালামনাই উৎসবে আমাদের দেখা হতো। প্রতি বছর আমি আপনার সঙ্গে একটি করে সেলফি তুলতাম। বলতাম, প্রতি অ্যালামনাইয়ের সেলফিগুলো এক সঙ্গে জড়ো করে একদিন প্রকাশ করব। ফেসবুকে পোস্ট করে, সবাইকে দেখিয়ে বলব, এত বছরেও একজন মানুষ এমন অপরিবর্তিত থাকে কী করে? রহস্যটা কী?

আপনার সবগুলো ছবি জড়ো করে পোস্ট করার সেই দিনটি যে এত দ্রুত চলে আসবে, বুঝিনি। একদমই ভাবতে পারিনি। ওপারে অনেক ভালো থাকুন সাজ্জাদ ভাই। হয়তো ‘দেখা হবে’ ওপারে। বিনম্র শ্রদ্ধা এবং প্রাণঢালা ভালোবাসা জানাই। আবারও গুডবাই!

আমেরিকায় নতুন এসেছেন- থেকে যেতে চান; পলেটিক্যাল এসাইলাম করবেন নাকি স্টুডেন্ট, এল১, ই২ ভিসা- কোনটা? এমপ্লয়মেন্ট-বেইজড-গ্রীনকার্ডও আছে। আমাদের সংগে কথা বলুন, বুঝুন আগে সবকিছু- তারপর যা হয় করুন।
বহু বছর যাবৎ আমেরিকায় আছেন কিন্তু নানা জটিলতা বা অনিচ্ছাকৃত ভুল-ভাল কাগজ বা তথ্যের কারণে অটকে রয়েছেন আপনার প্রসেসিং। আপনার প্রয়োজন ওয়ার্ক পারমিট, সোসাল, ট্রাভেল ডকিউমেন্ট। এবং ফাইনালী গ্রীনকার্ড। এরপর সিটিজেনশীপ। যেখানেই সমস্যা সেখানেই সমাধানও।
যেভাবেই এদেশে এসে থাকুন, বি১বি২ বা এফ১এফ২, সি-১ ট্রানজিট বা মেক্সিকো বর্ডার দিয়ে ইমপেকশন ছাড়া- সব সমস্যারই সমাধান আছে। বিয়ের মাধ্যমে গ্রীনকার্ড পেয়েছেন কিন্তু স্পাউসের অসহযোগিতার কারণে ‘কভিশন’ রিমোভ করতে পারছেন না, হুমকী খাচ্ছেন! অথবা, সিটিজেন বিয়ে করার পরও নানা কারণে-জটিলতায় গ্রীনকার্ড পাচ্ছেন না। আইন কিন্তু আপনারই পক্ষে, শুধুমাত্র সবকিছু বুঝতে হবে, সমস্যানুযায়ী সমাধান করতে হবে।
বাংলাদেশ থেকে স্পাউস-ভাই-বন্ধু-আত্মীয়কে আমেরিকায় আনতে চাচ্ছেন কিন্তু ‘রাস্তা’ খুঁজে পাচ্ছেন না! ইংরেজীতে সিটিজেনশীপ পরীক্ষা দিতে পারছেন না, অসুস্থ্য। এসব সমস্যারও সমাধান রয়েছে। ইমিগ্রেশনের প্রতিটি ধাপের প্রতিটি সমস্যা নিয়েই আমরা কাজ করি, সহযোগীতা করি।
নিউ ইয়র্কে রয়েছেন কিন্তু মেডিকেল ইন্সুরেন্স নেই ফ্রি চিকিৎসা সেবা পাচ্ছেন না! আমরা আছি- কোন অসুবিধে নেই। পেয়ে যাবেন ড্রাইভার লাইসেন্সও। ব্যাংক একাউন্ট, নতুন কোম্পানী, নিজের নামে ইআইএন সবই হবে।
আমরা সহযোগীতা করছি। সকল সমস্যারই সমাধান আছে। কল করুন বা এসএমএস (টেক্সট) করুন (৭১৮) ৮৩৯-৫৮১২

বিসমিল্লাহির রাহমানির রাহিম

বাংলাদেশ সোসাইটি ইন্ক, নির্বাচন ২০২১

BANGLADESH SOCIETY INC. ELECTION 2021

প্রবাসে বাংলাদেশী পার্লামেন্ট
“ঐক্যবদ্ধ কমিউনিটি ও মূলধারায় অবস্থান সুদৃঢ় করার লক্ষ্যে জনকল্যাণে
পরিষ্কৃত সং ও নিষ্ঠাবান ব্যক্তিদের সমন্বয়ে সার্বজনীন”
১৪ নভেম্বর নির্বাচনে

রব-রুহুল

পরিষদ



A1 ✓

আবদুর রব মিয়া
সভাপতি
ABDUR RAB MIA
PRESIDENT



A4 ✓

রুহুল আমিন সিদ্দিকী
সাধারণ সম্পাদক
RUHUL AMIN SIDDIKI
GENERAL SECRETARY



A2 ✓

মোঃ মহিউদ্দিন দেওয়ান
সিনিয়র সহ সভাপতি
MD. MOHIUDDIN DEWAN
SENIOR VICE PRESIDENT



A3 ✓

ফারুক চৌধুরী
সহ সভাপতি
FARUK U. CHOUDHURY
VICE PRESIDENT



A5 ✓

আমিনুল ইসলাম চৌধুরী
সহ সাধারণ সম্পাদক
AMINUL CHOWDHURY
ASST. GENERAL SECRETARY



A6 ✓

মোঃ নওশেদ হোসেন
কোষাধ্যক্ষ
MD. NOASHED HOSSAIN
TREASURER



A7 ✓

আবুল কালাম ভূঁইয়া
সাংগঠনিক সম্পাদক
ABUL KALAM BHUIYAN
ORGANIZING SECRETARY



A8 ✓

ডা. শাহনাজ লিপি
সাংস্কৃতিক সম্পাদক
DR. SHAHNAJ LIPI
CULTURAL SECRETARY



A9 ✓

রিজু মোহাম্মদ
জন সংযোগ ও প্রচার সম্পাদক
REZU MOHAMMED
PUBLIC RELATION & PUBLICITY SECT.



A10 ✓

মোঃ টিপু খান
সমাজকল্যাণ সম্পাদক
MD. TIPU KHAN
SOCIAL WELFARE SECRETARY



A11 ✓

ফয়সাল আহমদ
সাহিত্য সম্পাদক
FOYSOL AHMED
LITERATY SECRETARY



A12 ✓

মাইনুল উদ্দিন মাহবুব
ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক
MAINUL UDDIN (MAHBUB)
SPORTS & ENT. SECRETARY



A13 ✓

প্রদীপ ভট্টাচার্য
শুশ্রূষা ও শিক্ষা সম্পাদক
PRADIP BHATTACHARYA
SCHOOL & EDUCATION SECRETARY




A14 ✓

মোঃ সাদী মিন্তু
কার্যকরী সদস্য
MOHAMMED SAADI MINTU
EXECUTIVE MEMBER



A15 ✓

ফারহানা চৌধুরী
কার্যকরী সদস্য
FARHANA CHOWDHURY
EXECUTIVE MEMBER



A16 ✓

শাহ মিজানুর রহমান
কার্যকরী সদস্য
SHAH MIZANUR RAHMAN
EXECUTIVE MEMBER



A17 ✓

সিরাজউদ্দৌল্লাহ হক বাশার
কার্যকরী সদস্য
SIRAJULLAH HAQUE BASHAR
EXECUTIVE MEMBER



A18 ✓

মোঃ আখতার বাবুল
কার্যকরী সদস্য
MD. AKHTER BABUL
EXECUTIVE MEMBER



A19 ✓

সুশান্ত দত্ত
কার্যকরী সদস্য
SUSHANTA DATTA
EXECUTIVE MEMBER

✓ **রব-রুহুল পরিষদ**
আপনাদের ভোট ও দোয়া প্রার্থী

PLEASE VOTE FOR
RAB-RUHUL PANEL

প্রচারেঃ রব-রুহুল পরিষদের নির্বাচন পরিচালনা কমিটি

PLEASE VOTE FOR RAB-RUHUL PANEL

রব-রুহুল পরিষদ আপনাদের ভোট ও দোয়া প্রার্থী

‘কবিতার এক পাতা’ অক্টোবর-২০২১ সংখ্যা প্রকাশিত হওয়ার মধ্যে দিয়ে ‘কবিতার এক পাতা’র তিন বছর পূর্তি হলো। আমাদের সব সময়ের চেষ্টা ছিল স্বদেশভূমি থেকে অনেক দূরে থেকেও বাংলা ভাষায় উৎকৃষ্ট কবিতা রচনায় উৎসাহ প্রদান ও ভালো কবিতা পাঠক সম্মুখে উপস্থাপন করা এবং বিশ্বব্যাপী বসবাস করা অভিবাসী কবিদের কবিতাকে বাংলাদেশের কবিদের কবিতার সঙ্গে এক পাতায় মেলে ধরা। ‘কবিতার এক পাতা’র প্রতি কবিতাপ্রেমী পাঠকদের ভালোবাসা আমাদের উৎসাহ জুগিয়েছে। আমরা আপনাদের ভালোবাসায় প্রাণিত এবং আপনাদের প্রতি নমিত। আপনাদের সবার জন্য ভালোবাসা।—ফারুক ফয়সল

ক বি তা র এক পা তা



কবিতা, ছাড়বে না বাংলাকে

শামস আল মমীন

মনে পড়ে! কারফিউ ভাঙা বায়ামর কথা
উনসত্তরের কথা,
কেউ কি ভুলবে কোনো দিন
একান্তরে
কবির হৃদয় থেকে বিক্ষোবিত পঙ্ক্তিমাল্য?

ছেলেরা জামার পিঠে আর
মেয়েরা শাড়ির জমিনে কীভাবে আগলে রাখে
প্রিয় পঙ্ক্তিমাল্য।
এতদিনে
বুঝে গেছে সবাই
কবিতা বাঁচবে না বাংলা ছাড়া,
বাংলাও বাঁচবে কি কবিতা ছাড়া?

উত্থান-পতন

ঝর্ণা রহমান

সর্বনাশ যা হওয়ার সেদিনই হয়ে গেছে, যেদিন
চব্বিশ তলা ভবনের লিফটে শুধু আমরা দুজনেই ঢুকেছিলাম
আর দুজনেই একসঙ্গে টপ বাটন স্পর্শ করেছিলাম।
তুমুল বেগে আমাদের উত্থান ঘটেছিল, হঠাৎ
ভুল হয়ে গেছে মনে করে দ্রুত নিচতলার বোতামে হাত রেখেছিলাম।
সেদিনই আমাদের চূড়ান্ত পতন হয়েছিল। এ নিয়ে এখন
আর আফসোস করে লাভ নেই, উত্থানের জন্য পতন হয়েছিল
এখন পতনকে উত্থান বলে ধরে নিলেই সব ল্যাঠা চুকে যায়।

পরস্পর বিষয়ক

ফকির ইলিয়াস

পরস্পর শব্দটি শুনলেই আমার কেন যেন
অনেক কিছুকেই পর পর মনে হয়।
যে তুণ আমার পাশাপাশি হাঁটে,
যে উনুন আমার জন্য রান্না করে আউশের ভাত,
কিংবা যে নদী আমার বেদনায়
সারা রাত কেঁদে কেঁদে
অপেক্ষা করে লাল সূর্যের—
তাকেও আমার বড় দূরের প্রতিবেশী মনে হয়
অথচ আমাদের একই শিয়রে
বসে পাহারা দেয় কয়েকটি বুনো হাঁস।

পাখিরা সর্বদাই বিধান করে মানুষের নিরাপত্তা,
আর মানুষেরা সুযোগ পেলেই
একই প্লেটে চিবোয় পাথর ও পাখিদের হাড়!

পরস্পর শব্দটি শুনলেই আমার
খুব মনে পড়ে জোনাকি ভরা বাগানের কথা,
যে বাগানেই একদিন বৃষ্টির শরৎ-
স্পর্শ করেছিল তোমার বৃকের প্রথম উষ্ণতা।

জলঘর

হোসাইন কবির

জলে ভাসে জলঘর
শূন্যে প্রহর
কামনা কাতর-দিঘল

কেউ তো আসে না-এইখানে
আসে ফিরে কিছু রং
রঙের প্রলেপ পুরোনো কফিন-
গোলাপি বেগুনি
ক্ষতবিক্ষত মেঘদল
বেদনা-বিধুর দূরের আকাশ

জীবন তো এমনই
যেতে যেতে
নিজের কাছে নিজেকে
মলিন পরিত্যক্ত মনে হয়

দূরত্বহীন রোদ

আলী সিদ্দিকী

যেখানে যত দূরে যেভাবে থাকি
তোমার ভেতরই থাকি-
তোমার মোলায়েম গর্ভে;
নীল সাগরের চেউয়ে শুধুই দুলি
লাল সবুজ নকশা আঁকি-
শত ফুল ফোটে সৌরভে।
তুড়ি মেরে ওড়াই মালিন্য সকল
ক্ষরণের তপ্ত সকল ব্যথা-
হৃদয়ে জলে মঙ্গল
পেঁজুতি;
যতই দূরত্বের বিষাদ ছড়াক
সময়
করুক অশেষ যন্ত্রণাবিদ্ধ-
অমলিন তুমি হীরক
দ্যুতি।
যত দূরেই যাই আমি তত বেশি
তোমার হয়ে উঠি পরিপূর্ণ-
যায় ভেঙে সকল
প্রতিরোধ;
নাড়ির ঘ্রাণে টইটুস্বর রস ভাভার
মাটির তুমুল সৌন্দ্য গন্ধ-
দূরত্বহীন এক আকাশ
রোদ।

টাঙ্গুয়া-ট্র্যাভেলগ

খলিল মজিদ

১.
সাদা পায়রার দল
কণ্ঠে নীল নেকলেস ঐকে হাওরে আসে
সমুদ্রের স্বাদ নিতে...
ওরা অনেকেই আসে সাদা পাথর, বারিক্কা টিলা, শিমুল বাগানে
জাদুকাটা নদীতে কাটা পড়ে অভিযাত্রা

নীলাদ্রির সবুজ পানির নীরবতা কিছুটা শেখায় ওদের
হৃদের গভীরতা যতটা ভাবা যায় তারও চেয়ে অনেক বেশি।

২.
কারও কাছেই যাচ্ছি না, প্রিয় বান্ধবীগণ
ভেসে যাচ্ছি শুধু, ভাসমান বিগ্রহের মতো
দারুণ পূজোর কাল, এ শরতে তুলে নিও
মাটির প্রতিমা, হাওর-প্রান্তর থেকে
আছি অপেক্ষমাণ অনেকান্ত কার্তিক তোমার
টাঙ্গুয়ার খোলা জলে নাইতে নেমেছি।

তোমার নির্বিকার পুড়ে যাওয়া দেখেছি নীরবে
শান্ত্য শ্রাবণী

অন্ধকারে সবাই ক্রীতদাস।
বন্ধ চোখের ওপর বৃষ্টি বড় লাগে;
ভাবনার আগে ব্যথায় কাতর আমি।...
পায়ের কালো সুতায় জবাফুল কে বেঁধেছিল?
এ শহরে সেই পুষ্প আছে নাকি!
মনে নেই...আহা মন, কোথায় হারাল,
গেল কোন বনে? ভেলার মাথায়
যে কালো ছাটাটি ছিল, তার সঙ্গে উড়ে গেল?
হারানো পাখির পালক এখনো রয়েছে পড়ে,
কী ধূসর, অশ্রুভরা মোঘেদের মতো

এত আলো ছিল, আহা
কোন জলে ভাসলে আমাকে? দুটো গাছ
একই স্রোতে পাশাপাশি কখনো দাঁড়িয়ে থাকে?
তবু তারা ছিল, বৃষ্টি বিভ্রমে কাতর...

কর্তিত লাশের জন্মদাগ যদি চেনা যেত...

বৃষ্টির দিন

আল ইমরান সিদ্দিকী

বৃষ্টির দিনে সমুদ্রে গেলে তুমি :
মেঘগর্জন চেউয়ের শব্দ ঢাকে
বাতাসে মত্ত বাউ ভরা বেলাভূমি
সূর্য ডুবল মেঘমালা কেটে কেটে।

আমার দুয়ারে সাদা সাদা মল্লিকা;
সর্বশরীর খরখর করে কাঁপে
বিজলি-আভাষ ফুলগুলো যায় দেখা
টানা সাত দিন পুড়ে গেছে সন্তাপে।

সাব-আরবান জীবনে কত কী দেখি :
দেখিনি যা-কিছু কোনো দিন ভালো করে—
ভেজা ডাল ছেড়ে উড়ে চলে গেলে পাখি
কাঁপল সে ডাল কিছুক্ষণ ধীরে ধীরে।

হারাবার ভয় ঘিরছে আমাকে এত
তোমার মমতা আনছে না সান্ত্বনা
মেঘ-বৃষ্টির এই দিনে অন্তত
বোঝা গেল আর কমবে না যন্ত্রণা!

তোমাকে পূর্ণরূপে আমি পেতে চাই
সান্ত্বনা কিছু হয়তো থাকবে তাতে;
কত যে চড়াই আর কত উত্তরাই
সময় ছেয়েছে ঘাতে আর অভিঘাতে।



A Voice For The Voiceless

A Vision For The Future

মুজিব'র লক্ষ্য

- মুজিব আমাদের পারিবারিক মূল্যবোধকে প্রধান্য দেন।
ধর্মীয় অনুশাসন ও সামাজিক রীতিনীতির প্রতি শ্রদ্ধাশীল।
- অন্যান্য ধর্মীয় উপাসনালয়ের মত আমাদের মসজিদ
ও মন্দিরের জন্য একই রকম সুযোগ সুবিধা সৃষ্টি করা
- সিটির আর্থিক অপচয়ের বিরুদ্ধে সোচ্চার কণ্ঠ মুজিব
ট্যাক্স হ্রাসের বিষয়ে কাজ করবেন
- বৈষম্যমূলক পার্কিং আইন নিয়ে কাজ করবেন- যাতে
হাইল্যান্ড এভিনিউ পাশ্ববর্তী এলাকা ফ্রেশমেডোর মত
No Parking মুক্ত হয়
- এলাকার বিশেষ করে ক্ষুদ্র ও কমিউনিটি ব্যবসার উপর
সিটির টিকিট খড়্গের বিরুদ্ধে লড়বেন
- মুজিব সিটি ইউনিভার্সিটির গ্র্যাজুয়েট, শিক্ষাবিদ ও বিবাহিত
দুই সন্তানের পিতা মুজিব একজন পরীক্ষিত সমাজ সেবক

VOTE
FOR

MUJIB

2021
ELECTION
VOTE

RAHMAN FOR

NEW YORK CITY COUNCIL DISTRICT - 24

Tel: 917.833.3478 | mujibrahmanny@gmail.com

আগাম ভোট শুরু হবে ২৩ অক্টোবর শনিবার থেকে

নির্বাচন ২ নভেম্বর ২০২১, মঙ্গলবার সকাল ৬ টা থেকে রাত ৯টা পর্যন্ত



GOLDEN AGE

HOME CARE

Licensed Home Health Care Agency



CDPAP
Service

**HHA/
PCA**
Service

Skilled
Nursing

Most Popular Home Care Agency

প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে
আপনজনকে সেবা দিয়ে
অর্থ উপার্জন করুন

**MAKE MONEY BY SERVING
YOUR RELATIVES AT HOME
WITHOUT TRAINING**

JACKSON HEIGHTS HEAD OFFICE

71-24 35th Avenue Jackson Heights, NY 11372

Ph: **718-775-7852**, Fax: **917-396-4115**

BRONX OFFICE

831 Burke Avenue
Bronx, NY 10467
Ph: 347-449-5983
Fax: 347-275-9834

BROOKLYN OFFICE

509 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 347-781-2778
Fax: 917-396-4115

JAMAICA OFFICE

164-05 Hillside Ave
Jamaica, NY 11432
Ph: 718-674-6002
Fax: 917-396-4115



Shah Nawaz MBA
President & CEO
Ph: **646-591-8396**


Email: info@goldenagehomecare.com

www. **goldenagehomecare.com**



Marks Home Care

মার্কস হোম কেয়ার



- ✓ প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
- ✓ প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা
- ✓ আকর্ষণীয় সাম্ভাব্যিক আয়ের নিশ্চয়তা

আমরা নতুন গ্রাহক
এবং
এজেন্সী ট্রান্সফার
সাদরে গ্রহণ করছি।

We Welcome
Agency Transfers
and New Clients.



Bronx

1232 Virginia Ave
Bronx, NY 10472

1514 Castle Hill Ave
Bronx, NY 10462

Brooklyn

413 Bay Ridge Ave
Brooklyn, NY 11220

219 Church Ave
Brooklyn, NY 11218

1122 Coney Island Ave
Suite 220 (2nd fl.)
Brooklyn, NY 11230

1208 Liberty Ave
Brooklyn, NY 11208

Queens

40-04 Junction Blvd
Corona, NY 11368

37-20 74th Street
Jackson Heights
NY 11372

148-37 Hillside Ave
Jamaica, NY 11435

Hicksville

217 Bethpage road
Hicksville
NY 11801

Buffalo

1049 Broadway St.
Suite # 4
Buffalo, NY 14212

বিস্তারিত জানতে কল করুন

718-697-7707

E-mail : info@markshhc.com | www.markshhc.com

প্রথম আলো

Prothom Alo North America

28 October 2021, Thursday, 5th Year, Issue 241, 40 Pages

২৮ অক্টোবর ২০২১, ১২ কার্তিক ১৪২৮, ১৯ রবি-উল-আওয়াল ১৪৪৩, বৃহস্পতিবার

ইসলাম

অমুসলিমদের প্রতি ইসলাম ও মহানবীর উদারতা

নুরুল হক

ধর্ম-বর্ণে বৈচিত্র্য থাকলেও সব মানুষই এক। সবাইকে মহান আল্লাহ আদম (আ.) ও হাওয়া (আ.) থেকে সৃষ্টি করেছেন। সর্বোপরি তিনি মানুষকে সম্মানিত করেছেন এবং সব সৃষ্টির মধ্যে শ্রেষ্ঠত্বের আসনে সমাসীন করেছেন। সমাজে বিভিন্ন ধর্মের মানুষ বসবাস করে। এ ক্ষেত্রে ধর্মীয় সম্প্রীতি বজায় রাখার জন্য ইসলাম বিশেষ নির্দেশনা দিয়েছে। সেগুলো যথার্থভাবে বাস্তবায়িত হলে পারস্পরিক সুসম্পর্ক, সামাজিক শান্তি ও সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় থাকবে।

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৫

যুক্তরাষ্ট্রে দক্ষিণের সীমান্ত দিয়ে অভিবাসী ঢুকছেই

রওশন হক

আমেরিকার দক্ষিণের সীমান্ত দিয়ে নথিপত্রহীন অভিবাসীদের প্রবাহ অব্যাহত রয়েছে। প্রেসিডেন্ট জো বাইডেন ক্ষমতায় আসার পরই দক্ষিণের সীমান্ত রীতিমতো বেসামাল হয়ে উঠেছে। আগের চার বছরে সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সময় আমেরিকায় অভিবাসনে কড়াকড়ি হয়ে উঠেছিল। এখন দক্ষিণ আমেরিকার দেশগুলোতে মহামারি পরবর্তী অর্থনৈতিক অবস্থা নাজুক হওয়ায় সীমান্ত পরিস্থিতি শিথিল হয়ে ওঠায় এ প্রবাহ এখন বাইডেন প্রশাসনের জন্য কাল হয়ে দাঁড়িয়েছে।

গত সপ্তাহান্তে প্রতিবেদন প্রকাশ

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৫



ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন জেবিবিএতে আবার বিরোধ

মনজুরুল হক

নিউইয়র্কের বাংলাদেশি ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন জ্যাকসন হাইটস বাংলাদেশি বিজনেস অ্যাসোসিয়েশনের (জেবিবিএ) বিভক্ত কমিটির সদস্যরা আবারও বিবাদে জড়িয়ে পড়েছেন। সংগঠনের নাম ও লোগো নিয়ে একে অপরের সঙ্গে উত্তপ্ত বাক্য বিনিময় হয়েছে। আদালতের মাধ্যমে ব্যবস্থা গ্রহণের কথা সাফ জানিয়ে দিয়েছেন সংগঠনের সাবেক সভাপতি শাহ নেওয়াজ। ১৬ অক্টোবর জ্যাকসন

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৩



দুই হাজারের বেশি অভিবাসনপ্রত্যাশী ও আশ্রয় প্রার্থী যুক্তরাষ্ট্রের সীমান্তের দিকে যাত্রা শুরু করেছেন। ফাইল ছবি



সাইফ ইসলাম

উঠেছেন বাংলাদেশি-আমেরিকান একজন অধ্যাপক। তাঁর আবিষ্কৃত গবেষণার ওপর ভিত্তি করে গড়ে তুলেছেন নিজের কোম্পানিও। তাঁর নাম সাইফ ইসলাম। বর্তমানে ইউনিভার্সিটি অব ক্যালিফোর্নিয়া ডেভিসের ইলেকট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিভাগে অধ্যাপক হিসেবে কর্মরত আছেন। একই সঙ্গে ইন্টিগ্রেটেড ন্যানোভিডিউইসেস অ্যান্ড ন্যানোসিস্টেমস ল্যাবের প্রধান হিসেবেও দায়িত্ব পালন করছেন।

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১

REAL ESTATE REAL ESTATE REAL ESTATE

Top Listing Agent
For buying & selling call today
Cell: 646 389 9799
junaidwinzone@gmail.com

৪১-১৫ Queens Blvd, Suite 210, Elmhurst NY 11373

Junaid Suleman
Licensed Real Estate Salesperson

বাড়ি ক্রয় বিক্রয়ে পছন্দযোগিতার জন্য কল করুন

"REALTOR, YOU CAN DEPEND ON"

RE/MAX PROS

Mobile: 301-675-1822
Office: 301-916-1400
Fax: 301-916-0282

হ্যাশান চৌধুরী
Hashan Chowdhury
Realtor

৩০১-৬৭৪-১৮২২
অফিস: ৩০১-৯১৬-১৪০০
ফ্যাক্স: ৩০১-৯১৬-০২৮২

Realtorchowdhury@gmail.com
12810 Wisteria Dr, #300
Germantown, MD 20884

We are expert on

Home, Commercial Building
Business Insurance & Auto

Coming Soon TLC

Fatema NYC Insurance Brokerage
167-17 Hillside Ave (2nd Fl.), Jamaica NY-11432
718-398-6511 718-607-9002

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার

বিস্তারিত দেখুন ১৮ পৃষ্ঠায়

Home & Habitat Realty Corp.

নিউইয়র্কে বাড়ী ক্রয়
বিক্রয়ের বিশ্বস্ত প্রতিষ্ঠান

516-460-8260

Mohammed Islam
Branch Manager
646-724-6417

71-20 35th Ave, Jackson Heights, NY 11372

বারী হোম কেয়ার

আরও বিস্তারিত বিজ্ঞাপন দেখুন ১৯ পৃষ্ঠায়

হোমকেয়ার সেবার জন্য যোগাযোগ করুন

মি. জাফর/রেহানা কো-অর্ডিনেটর

কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই

এটি সম্পূর্ণ আয়নসম্পন্ন

কর্ণফুলি ট্যাক্স

কর্পোরেট অফিস
৩৭-০৫ ৭৪ স্ট্রিট, ২য় তলা
জ্যাকসন হাইটস, নিউইয়র্ক ১১৩৭২
টেলিফোন: ৬৪৬-৩৭১-০৪৬২

গ্রুপ অফিস
২১৪৮ ইয়ার্পিং এভিনিউ
গ্রুপ, নিউইয়র্ক ১০৪৪২
টেলিফোন: ৬৪৬-৩৭১-০৪৬২

কর্ণফুলি ট্যাক্স

www.karnafullytax.com

ইনকাম ট্যাক্স কর্পোরেট ট্যাক্স সেলস ট্যাক্স
পেরোল বিজনেস সেটআপ ইমিগ্রেশন নোটারি পাবলিক

PH: 718-205-6040
37-20 74th Street, 2Fl, Jackson Heights

Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent

খালিল তিরিয়াতীতে আসুন

"বাইভেন তিরিয়াতী" এর স্বাদ নিন

KHALIL BIRYANI & HALAL CHINESE
2062 McGraw Ave, Bronx
NY 10462, Ph: 347-621-2884

KHALIL BIRYANI HOUSE
1445 Olmstead Ave, Bronx
NY 10462 Ph: 718-483-8904
www.khalilsfood.com

M মতিন OTIN

An Icon of Growth & Development

Sweets & Masala

সাইফ ইসলাম

ন্যানোটেকনোলজিতে
সফল সাইফ ইসলাম

আসিফ মোস্তাদির

ছোটবেলা আমরা অনেকেই রূপকথার গল্প শুনে হারিয়ে গিয়েছি কল্পনার জগতে। সেই জগতে রাজকন্যা থাকে, রাজা-রানি, রাজকুমার থাকে, দৈত্য-দানো থাকে আর থাকে অদ্ভুত সব প্রাণী। এমনিভাবে পঙ্খীরাজ ঘোড়ায় চড়ে কতবার কল্পনার জগতে আকাশে উড়ে বেড়িয়েছি তার হয়তো কোনো হিসেব নেই। যুক্তরাষ্ট্রের মধ্যেই একদিন আমরা তথ্যের আদান-প্রদান করতে পারব কিংবা মানুষ একদিন চাঁদে পা রাখবে কিংবা আবিষ্কার হবে জটিল সব রোগের ওষুধ—তা হয়তো আমাদের কল্পনাতেই ছিল না। কিন্তু তথ্য প্রযুক্তি ও বিজ্ঞানের অবদানে মানুষ অসম্ভবকে সম্ভব করে তুলছে। বর্তমান যুগে বিজ্ঞানের বদৌলতে তথ্য প্রযুক্তির উন্নতি ঘটছে রকেটের গতিতে।

ন্যানোটেকনোলজি ও জৈব প্রযুক্তির মতো বিষয়গুলো আগামী দিনে গবেষণায় ও নতুন নতুন আবিষ্কারে রাজত্ব করবে বলে বিজ্ঞানীরা ধারণা করছেন। আর পদার্থবিজ্ঞানের ক্রমবর্ধমান শাখা ন্যানোটেকনোলজির ওপর গবেষণা করে নতুন নতুন আবিষ্কারের মত হয়ে

Mohammed A Azad MBA
Real Estate Developer
Libertyrenovation04@gmail.com
917-346-8207

বাজেটের মধ্যে আপনার স্বপ্নের বাড়ি ইনডোর এবং আউটডোর সংস্কার, পুনঃনির্মাণে একটি বিশ্বস্ত প্রতিষ্ঠান। যে কোন আয়তনের কিচেন, বাথরুম, ফ্যামেলি রুম, অফিসসহ সম্পূর্ণ বাড়ির সংস্কার করা হয়।

RAHMANIA TRAVEL SERVICES

TICKETS: DOMESTIC & INTERNATIONAL

কম খরচে বাংলাদেশসহ বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য আজই যোগাযোগ করুন

718-205-3270, 646-322-1654

৩৭ কি.মি.তে বাংলাদেশে দ্রুত ও নিরাপদে টিকাস পাঠান

37-15, 73rd Street, Bangladesh Plaza, Suite # 203, Jackson Heights, NY 11372

MTR Electric
Murad Hussain

আপনি কি বাসায় কিংবা অফিসে সিকিউরিটি ক্যামেরা, বিদ্যুৎ সংযোগ বাড়ি রেনোভেশন করতে চান? আজই আমাদের কল করুন।

আমরা অভ্যন্তরীণ দক্ষতার সাথে বাড়ি কিংবা অফিসে যেকোনো ধরনের বিদ্যুৎ সংযোগ, রিপেয়ার ইলেকট্রিক্যাল কন্ট্রোল, বয়লার সিস্টেম, থার্মোস্ট্যাট, এয়ার কন্ডিশন, ওয়ার্মিং সিস্টেম, সাউন্ড সিস্টেম এবং সিকিউরিটি ক্যামেরা, অ্যালার্ম সিস্টেম, হাউস রেনোভেশন, টাইলস, সিটরাক, ফ্লোরিং, দরজা-জানালাসহ ফুল হাউস রেনোভেশনের কাজ করে থাকি।

MRT Electric, 347-251-7335, Email: muradhussain0907@gmail.com

BANGLA TRAVEL
JACKSON HEIGHTS NEW YORK

সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি

7305 37TH ROAD, JACKSON HEIGHTS, NY 11372

সুপার সেক \$৫৪৯+

917-396-4140, 917-592-7828

MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

CORE CREDIT REPAIR

ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?

ক্রেডিট লাইনের কারণে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই টিক করে নিন আপনার ক্রেডিট লাইন

TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments

Call us 646-775-7008

www.cmscreditsolutions.com

Mohammad A Kashem
Credit Consultant

37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

জ্যামাইকার সাটফিন বুলেভার্ডে এই প্রথম বাংলাদেশি ডাক্তার

আমরা ইমিগ্রেশনের জন্য মেডিকেল করি

আমাদের সেবাসমূহ

- যন্ত্রসহকারে পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা দেওয়া হয়
- প্রাইমারি কেয়ার/ইন্টারনাল মেডিসিন
- রক্ত, প্রস্রাব, ইকেজি, সনোগ্রাম, এলার্জি পরীক্ষার ব্যবস্থা আছে
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য ফ্লু/ভ্যাকসিন
- জব, স্কুল, টিএলসি সম্পর্কিত শারীরিক পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম)
- হেলথ ইনস্যুরেন্স ছাড়া রোগীদের বিশেষভাবে চিকিৎসার ব্যবস্থা আছে
- ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস পরীক্ষার ব্যবস্থা আছে
- স্কুল ফর্ম পূরণ, WIC ফর্ম, PAP Smear পরীক্ষা, ড্রাগ টেস্ট করা হয়
- স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- অন্য সব ধরনের চিকিৎসা অত্যন্ত যত্নসহকারে করা হয় এবং পরামর্শ দেওয়া হয়।
- আমরা প্রায় সব ধরনের ইনস্যুরেন্স গ্রহণ করে থাকি।

আমাদের অফিস প্রায় ৭ দিনই খোলা।



আপনি জানেন কি?

- বাংলাদেশি ও ভারতীয় অভিবাসীদের হৃদরোগের আশঙ্কা অন্যান্য আমেরিকানদের চেয়ে বেশি।
- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখ, থাইরয়েড, গ্র্যাডুয়া (হাঁপানি), বাতের ব্যথা, চর্মরোগ, এলার্জি, যৌন রোগসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারীরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের আশঙ্কা সম্পর্কে জেনে নিন।



মোহাম্মদ এ. ওয়াহিদ, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ



রুবিনা আক্তার, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

WAHID MEDICAL PLLC

147-28, Hillside Avenue, Jamaica, NY-11435

Tel: 718-487-3671, Fax: 718-487-3715

সম্পাদক : ইব্রাহীম চৌধুরী কর্তৃক মুদ্রিত ও পরিবেশিত : ৩৭-১৮, ৭৩ স্ট্রিট, স্যুট # ২০২ জ্যাকসন হাইটস, নিউইয়র্ক ১১৩৭২, ফোন : ৭১৮- ৩০৮ - ৫০২০, ই-মেইল : নিউজ : news@prothomalony.com, বিজ্ঞাপন : cm@prothomalony.com